

স্পেনে বন্যা নিয়ন্ত্রণে অসন্তোষ, ভ্যালেন্সিয়ায় লাখো জনতার বিক্ষোভ

সারে-জমিন



কাটমানি ফেরত চাইতে গিয়ে আক্রান্ত প্রৌঢ়ের মৃত্যু

রূপসী বাংলা



নেতানিয়াহুর হাতের তাস ফুরিয়ে যাচ্ছে

সম্পাদকীয়



মাফিয়াদের দখল করা জমি ২৪ বছর পর ফেরত পেল

সাধারণ



আইসিসি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিলেন জয় শাহ

খেলতে খেলতে


# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

সোমবার
২ ডিসেম্বর, ২০২৪
১৭ অগ্রহায়ণ ১৪৩১
২৯ জমাদিউল আউয়াল, ১৪৪৬ হিজরি
সম্পাদক
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 325 ■ Daily APONZONE ■ 2 December 2024 ■ Monday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 8 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com





গোলাম আহমাদ মোর্তজা রহ.
প্রতিষ্ঠাতা

## পিতৃহারা বা মাতৃহারা সন্তান এবং অসহায় শিশুদের পড়াশোনার আদর্শ ও নির্ভরযোগ্য ঠিকানা



মোস্তাক হোসেন
চেয়ারম্যান
বোর্ড অফ ট্রাস্টীজ

# মামূন ন্যাশনাল স্কুল

২০২৫ শিক্ষাবর্ষে এইরকম বালক-বালিকাদের ভর্তি নেওয়া হচ্ছে চতুর্থ শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত। চতুর্থ শ্রেণিতে সমস্ত ইয়াতীম সন্তানেরা থাকবে মহিলা শিক্ষিকা ও সহায়িকাদের তত্ত্বাবধানে। মাতৃস্নেহে তারা হস্টেলে থেকে পড়াশোনা ও খেলাধুলা করবে। তাদের থাকা খাওয়া ও পড়াশোনা সবই হবে সম্পূর্ণ বিনা খরচে। দ্বাদশ শ্রেণি পর্যন্ত তারা পড়াশোনা করবে সাধারণ ছাত্রছাত্রীদের সঙ্গেই।

পতাকা শিল্পগোষ্ঠীর কর্ণধার তথা মামূন ন্যাশনাল স্কুলের বোর্ড অব ট্রাস্টীজ-এর চেয়ারম্যান মাননীয় মোস্তাক হোসেন সাহেবের এই অসামান্য পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব নিয়েছে মামূন ন্যাশনাল স্কুলের বালক ও বালিকা শাখা। এই ইয়াতীম ও অসহায় বালক বালিকারা ভবিষ্যতে স্বাবলম্বী হবে এবং সুপ্রতিষ্ঠিত হয়ে সুনাগরিক হিসাবে প্রিয় এই দেশকে শক্তিশালী করবে এটাই আমাদের লক্ষ্য।

সচেতন ভাই বোনেদের কাছে আমাদের আবেদন- এই ধরণের বালক বালিকাদের অনেকেই একান্তভাবে অসহায়; আমাদের কাছে তাদের পৌঁছে দেওয়ার মতো হয়তো কেউ নেই। তাই সচেতন ভাইবোনেদের কাছে আমাদের আবেদন, আপনারা তাদেরকে আমাদের কাছে পৌঁছে দিয়ে অসহায় সন্তানদের ভবিষ্যতে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ করে দিন।

আল্লাহর বাণী হলো "...তোমরা আল্লাহ ছাড়া কারোর দাসত্ব কোর না আর পিতা মাতা আত্মীয় স্বজন ইয়াতীম ও অভাবগ্রস্তদের (মিসকীন) সাথে সদ্ব্যবহার করবে...।" *সূরাহ বাকারাহঃ ৮৩*

রসূলুল্লাহ স. বলেছেন, "ইয়াতীম- সে নিজের হোক বা অন্যের- আমি আর ইয়াতীমের লালনপালনকারী জান্নাতে এই ভাবে থাকবো- (এরপর) নবী স. তাঁর তর্জনী ও মধ্যমা আঙ্গুলের মধ্যে সামান্য ফাঁক রেখে দেখালেন।" *(বুখারী, মুসলিম)*

❖ বালক বালিকাদের সাক্ষাত ও নির্বাচন ❖

স্থান ঃ মামূন ন্যাশনাল স্কুল *বয়েজ ক্যাম্পাস*

মেমারি, রেল স্টেশন মেমারি, পূর্ব বর্ধমান

সময় ঃ বেলা ১০ টা থেকে বেলা ১২ টা

তারিখ ঃ ডিসেম্বর ২০২৪- এর ২, ৩, ৪, ৯, ১০, ১১, ১৬, ১৭, ১৮, ২৩, ২৪ ও ২৫

জানুয়ারি ২০২৫ - এর ৬, ৭, ৮, ১৩, ১৪, ১৫, ২০, ২১, ২২, ২৭, ২৮ ও ২৯

সঙ্গে জেরক্স কপি আনতে হবে- (ক) জন্ম সার্টিফিকেট (খ) আধার কার্ড (গ) দু' কপি কালার ফটো (ঘ) পিতা বা মাতার আধার কার্ড বা ডেথ সার্টিফিকেট

অফিসে যোগাযোগ- 7076095666 / 9153434012

ই-মেল- mamoonschool@gmail.com ওয়েবসাইট- www.mamoonnationalschool.org

## প্রথম নজর

# বিরোধীদের আক্রমণ মন্ত্রী পুলক রায়ের



**সুরজীৎ আদক ● উলুবেড়িয়া**

**আপনজন:** শ্যামপুরে তৃণমূলের জনসভায় এসে বিরোধীদের তীব্র আক্রমণ শানালেন মন্ত্রী পুলক রায়।উল্লেখ্য,”বিজেপির ক্রমাগত উস্কানিমূলক অপপ্রচার ও সাম্প্রদায়িক উস্কানির প্রতিবাদে শ্যামপুর ফুটবল মাঠে তৃণমূল কংগ্রেসের ডাকে এক বিশাল জনসভার আয়োজন করা হয়।সভায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন রাজ্যের পূর্ত,জনস্বাস্থ্য ও কারিগরি মন্ত্রী পুলক রায়। তিনি বলেন, ”শ্যামপুরের ঘটনায় শ্যামপুরের মানুষ জড়িত নয় বরং বহিরাগত অশুভ শক্তি শ্যামপুরকে অশান্ত করার চক্রান্ত করেছিল শ্যামপুরের মানুষ সেই ফাঁদে পা দেননি”। মন্ত্রী আরও জানান, “মানুষের দ্বারা বঞ্চিতরা যাতে কোনভাবেই শ্যামপুরে অশান্তি সৃষ্টি করতে না পেরে সেই দিকে লক্ষ্য রাখতে হবে”।মন্ত্রীর কথায়,রাজ্যে মা মাটি মানুষের সরকারের আমলে হাওড়া গ্রামীণ জেলার উলুবেড়িয়া মহকুমায় অনেক উন্নতি হয়েছে। শ্যামপুরে শতাধিক পিচ রাস্তা হয়েছে, সহস্রাধিক ঢালাই রাস্তা হয়েছে। অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শ্যামপুর কেন্দ্রের বিধায়ক কালীপদ মন্ডল,বাগনান কেন্দ্রের বিধায়ক অরুনাভ সেন,আমতা কেন্দ্রের বিধায়ক সুকান্ত পাল,হাওড়া জেলা পরিষদের সহকারী সভাধিপতি অজয় ভট্টাচার্য্য ,হাওড়া জেলা পরিষদের কর্মাধক্ষ্য জুলফিকার আলি মোল্লা প্রমুখ।

# চাঁদপুরে বাংলা পক্ষের নতুন কার্যালয়



**নাজিম আক্তার ● হরিশ্চন্দ্রপুর**

**আপনজন:** রবিবার হরিশ্চন্দ্রপুরের চাঁদপুর গ্রামে বাংলা পক্ষের নতুন কার্যালয় উদ্বোধন করা হল। এদিন ফিতা কেটে কার্যালয়ের উদ্বোধন করেন মেদিনীপুর জেলার বাংলা পক্ষের সদস্য তথা পূর্ত দপ্তরের ইঞ্জিনিয়ার সৌভিক পট্টনায়ক। উপস্থিত ছিলেন মালদহ জেলার বাংলা পক্ষের সম্পাদক উত্তম মন্ডল ও সহ-সম্পাদক আশরাফুল হক সহ অন্যরা। আশরাফুল বলেন,পৃথিবীর মধ্যে সব থেকে মিষ্টি ভাষা হল বাংলা। আমাদের এই বাংলায় সরকারি অফিস থেকে শুরু করে বেসরকারি সংস্থা,শপিং মল ও হোটেল সর্বত্রই যাতে বাংলা ভাষা ব্যবহার করা হয় ও বাঙালীদের কাজে প্রাধান্য দেওয়া হয়। সেই লড়াই চালিয়ে যাচ্ছে বাংলা পক্ষ।

# বাংলাদেশ নিয়ে বামেদের মিছিল



**নিজস্ব প্রতিবেদক ● হাওড়া**

**আপনজন:** বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের উপর আক্রমণের প্রতিবাদে সিপিআইএমের মিছিল হাওড়ার বালিতে। রবিবার বিকাল পাঁচটা নাগাদ বালিখাল সংলগ্ন শ্রীকৃষ্ণ সিনেমা হলের সামনে থেকে বেলুড় বাজার নেতাজি পার্ক পর্যন্ত ওই প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়। বাংলাদেশের সংখ্যালঘু হিন্দুদের প্রতি আক্রমণের তীব্র নিন্দা জানিয়ে ও চিন্ময়কৃষ্ণ প্রভু সহ বাকিদের মুক্তির দাবি ওঠে।

# একাধিক প্রকল্পের উদ্বোধন মুর্শিদাবাদ জেলা পরিষদের



**সজিবুল ইসলাম ● ডোমকল**

**আপনজন:** ডোমকল বিধানসভার বিধায়ক জাফিকুল ইসলামের নির্দেশে এবং রায়পুর গ্রাম পঞ্চায়েত প্রধানের উদ্যোগে একাধিক প্রকল্পের শুভ উদ্বোধন করলেন ফ্রিতে কেঁটে জেলা পরিষদের সদস্য তথা ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি হাজিকুল ইসলাম, রায়পুর গ্রাম পঞ্চায়েত প্রধান প্রতিনিধি রেন্টু মন্ডল সহ একাধিক জন প্রতিনিধি ও দলীয় নেতৃত্বের উপস্থিতিতে রায়পুর অঞ্চলের কাটাকোপরা কর্ম তীর্থ এলাকায়। রবিবার বিকেলে আনুষ্ঠানিকভাবে মুর্শিদাবাদের ডোমকল ব্লকের রায়পুর গ্রাম পঞ্চায়েতের কাঁটাকোপরা কর্ম তীর্থ এলাকায় । এলাকার সাধারণ মানুষের চাহিদা মিটাতে মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নমূলক প্রকল্প সোলার পাম্প , কমিউনিটি টয়লেট এবং ব্রিক ব্যাটসের একটি রাস্তা উদ্বোধন করা হয়।

সেদিনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্য তথা ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি হাজিকুল ইসলাম, রায়পুর গ্রাম পঞ্চায়েত প্রধান প্রতিনিধি রেন্টু মন্ডল, পঞ্চায়েত সমিতির কৃষি কর্মাধ্যক্ষ সেন্টু বিশ্বাস, সংখ্যালঘু সেলের ব্লক সভাপতি শরিফুল ইসলাম সেন্টু, দলনেতা লালন সেখ, হুমায়ন কবির সহ আরো অনেকে । এই দিন রাস্তা থেকে টয়লেট ও সোলার পাম্প পেয়ে খুশি এলাকার সাধারণ মানুষ।

# ভিন রাজ্যে কাজে গিয়ে মৃত্যু সাগরের যুবকের

**আসিফা লস্কর ● সাগর**



**আপনজন:** সংসারে অভাবের কারণে গঙ্গাসাগর থেকে কয়েক মাস আগে অন্ধ্রপ্রদেশের বিজয়পাড়ায় পাইপ লাইনের বোরিং এর কাজে গিয়েছিল ধবলাট লালপুর বাসিন্দা স্বপন মন্ডল(২২)। গত শনিবার বিজয়পাড়ায় বৃষ্টির কারণে শ্রমিকরা কাজ বন্ধ করে দেওয়া হয়। স্বপন তখন মটরে থাকা ইলেকট্রিক লাইনের তার গোছানোর সময় বিদ্যুৎপৃষ্ট হয় সহকর্মীরা উদ্ধার করে চিকিৎসার জন্য নিয়ে গেলে চিকিৎসকেরা স্বপনকে মৃত বলে ঘোষণা করে। খবর আসে গঙ্গাসাগরে তার নিজের বাড়িতে তরতাজা যুবকের মৃত্যুর ঘটনা কান্নায় ভেঙে পড়ে পরিবারের লোকজন। রবিবার সন্ধ্যায় কফিনবন্দি স্বপনের মৃতদেহ বাড়িতে আসার কথা রয়েছে।এই ঘটনায় শোকের ছায়া গোটা লালপুর এলাকায়। এর আগেও ভিন্ন রাজ্যের বিভিন্ন জায়গায় কাজে গিয়ে মৃত্যু হয়েছে সাগরের একাধিক যুবকের। পরিবার ও স্থানীয় বাসিন্দাদের দাবি রাজ্যে কোন কাজ না থাকায় সংসার চালাতে অসুবিধা হচ্ছিল স্থানীয় যুবক দের।তাই তারা পরিবারের মুখে খাওয়ার তুলে দেওয়ার জন্য ভিন রাজ্যে কাজে যাচ্ছে ।রাজ্যে কাজ থাকলে হয়তো তাদের এই যুবককে এভাবে ভিন রাজ্যে যেতে হতো না। আর অকালে প্রাণ হারাতেও হতো না। ভিন রাজ্যে কাজে গিয়ে আরো কত মায়ের কোল এভাবে খালি হবে। সরকারের কাছে তাদের আবেদন রাজ্যে কর্মসংস্থান করা হোক তাহলে আর এই রাজ্য ছেড়ে অন্য রাজ্যে কাজে গিয়ে হয়তো কোন যুবককে প্রাণ হারাতে হবে না।

# অপরাজিতা বিল পাসের দাবিতে মহিলা মিছিল



**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**

**আপনজন:** রাজ্য মহিলা তৃণমূল কংগ্রেসের ডাকে অপরাজিতা বিল প্রণয়নের দাবিতে ব্লক ভিত্তিক মিছিল ও ধর্না সভা কর্মসূচি ঘোষণা করেন।

সেই মোতাবেক গতকাল অর্থাৎ শনিবার ব্লকে ব্লকে মহিলা তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে মিছিল সংগঠিত হয়। মহিলা ও শিশু সুরক্ষা অপরাজিতা বিল আইনে পরিণত করতে কেন্দ্রীয় সরকারের পদক্ষেপ গ্রহণ করার দাবিতেই মূলত এরূপ কর্মসূচি বলে দলীয় সূত্রে জানা যায়।

রাজ্যের অন্যান্য ব্লকের ন্যায় রবিবার খয়রাশোল ব্লক মহিলা তৃনমূল কংগ্রেসের তরফেও ধর্না সভা আয়োজিত হয়।

এদিন ধর্না মঞ্চে উপস্থিত ছিলেন খয়রাশোল ব্লক মহিলা তৃনমুল নেত্রী প্রান্তিকা চ্যাটার্জী,কেনিজ রাশেদ,রুণু সিংহ,বাবলি চক্রবর্তী। এছাড়াও ছিলেন খয়রাশোল ব্লক তৃনমুল কংগ্রেস কোর কমিটির যুগ্ম আহ্বায়ক শ্যামল কুমার গায়েন ও মৃনালকান্তি ঘোষ। তাছাড়াও তৃনমুল নেতৃত্ব হিসেবে ছিলেন সেখ জয়নাল,তারাপদ দাস সৌগত মুখার্জী প্রমুখ।

অন্যদিকে দুবরাজপুরের ধর্না মঞ্চে বক্তব্য রাখেন তৃণমূল কংগ্রেসের মহিলা নেত্রী মুনমুন ঘোষ, ব্লক তৃনমূল কংগ্রেসের আহ্বায়ক রফিউল হোসেন খান, জেলা তৃণমূল কংগ্রেসের সহসভাপতি মলয় মুখোপাধ্যায় প্রমুখ নেতৃবৃন্দ। রাজনগর ব্লক তৃনমূল কংগ্রেসের তরফেও স্থানীয় স্টেট ব্যাঙ্কের সামনে ধর্না সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন তৃনমূল মহিলা ব্লক নেত্রী চিত্রলেখা রায়, নিবেদিতা সাহা, রাজনগর ব্লক তৃনমূল কংগ্রেসের সভাপতি সুকুমার সাধু, ব্লক সাধারণ সম্পাদক মহম্মদ শরীফ, সংখ্যালঘু সেলের ব্লক সভাপতি সেখ নাজু ও কার্যকরী সভাপতি সেখ কাবুল।

# কাটমানি ফেরত চাইতে গিয়ে আক্রান্ত প্রৌঢ়, মারধরে মৃত্যু

**সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ**



**আপনজন:** আবাস তালিকায় নাম তোলার জন্য তৃণমূল নেতাকে কাটমানি দিয়েছিল। কিন্তু তালিকায় নাম না থাকায় কাটমানির টাকা ফেরত চাইতে গিয়ে আক্রান্ত হয় এক প্রৌঢ়। রবিবার সকালে মৃত্যু মৃত্যু হয় তার। কলকাতার এনআরএস মেডিক্যাল কলেজ ও হাসপাতালে মৃত্যু হয় ওই প্রৌঢ়ের। মৃতের নাম আতাবুর রহমান(৬০), তার বাড়ি রঘুনাথগঞ্জ-২ ব্লকের মিঠিপুর গ্রাম পঞ্চায়েতের মুকুন্দপুর এলাকায়। অভিযোগ, আব্দুল লতিব নামের স্থানীয় এক তৃণমূল নেতা আবাসে ঘর পাইয়ে দেওয়ার কথা বলে পাঁচ হাজার টাকা কাটমানি নিয়েছিল। কিন্তু দিন কয়েক আগে প্রকাশিত আবাসের খসড়া তালিকায় আতাবুর রহমানের নাম আসেনি। কাটমানির টাকা দেওয়ার পরেও তালিকায় নাম না থাকায় শনিবার সন্ধ্যায় কাটমানির টাকা ফেরত চাইতে যায় ওই প্রৌঢ়। তাকে সেখানে বেধড়ক মারধর করা হয় বলে অভিযোগ। শনিবার সন্ধ্যা নাগাদ রঘুনাথগঞ্জের মিঠিপুরে এই ঘটনায় রীতিমতো চাঞ্চল্য সৃষ্টি হয়। আতাবুর রহমানের মাথা ফাটিয়ে দেওয়া হয় বলেও অভিযোগ। স্থানীয় বাসিন্দারা তাকে উদ্ধার করে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করে। অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে কলকাতার এনআরএস মেডিক্যাল কলেজ ও হাসপাতালে রেফার করা হয়। রবিবার সকালে চিকিৎসাধীন অবস্থায় সেখানেই মৃত্যু হয় আক্রান্ত প্রৌঢ়ের।

অভিযুক্ত তৃণমূল নেতার নাম আব্দুল লতিব অরফে মিঠুন শেখ। তার বাড়ি ওই এলাকাতেই বলে জানা গিয়েছে। শনিবার রাতে আতাবুরের পরিবারের তরফ থেকে থানায় অভিযোগ দায়ের করা হয়। রবিবার দুপুরে অভিযুক্ত তৃণমূল নেতাকে পুলিশ গ্রেপ্তার করে। অন্যদিকে মৃত্যুর খবর এলাকায় পৌঁছাতেই রবিবার সকাল থেকে নয়া মুকুন্দপুর এলাকায় পথ অবরোধ করে বাম-কংগ্রেস কর্মীরা। পুলিশের হস্তক্ষেপে পরবর্তীতে অবরোধ উঠে যায়।

ঘটনা প্রসঙ্গে কংগ্রেসের জেলা কমিটির এক নেতা বলেন, ‘তৃণমূল কাটমানি ছাড়া কিছু বোঝে না। জনগনের প্রাপ্য টাকা তৃণমূল নেতারা আগে পাবে কাটমানি হিসেবে।’ অন্যদিকে সিপিএমের অভিযোগ, ‘শুধুমাত্র একজনের মৃত্যু হয়েছে তাতেই শেষ নয়। এরকম ঘটনা রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রতিনিয়ত ঘটে চলেছে। তৃণমূল নেতারা বলছে তারা কাটমানি পেলেই আবাসের তালিকায় নাম তুলে দিতে পারবে। কিন্তু আসলে ওরকম কিছুই না। সাধারণ মানুষকে দিনের আলোয় লুট করছে তারা।’

যদিও এ ঘটনা প্রসঙ্গে জেলা তৃণমূলের তরফ থেকে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়, ‘অভিযুক্তের সঙ্গে তৃণমূলের কোনো সম্পর্ক নেই। যদি এধরনের কোনো ঘটনা ঘটে তবে তার যথাযথ তদন্ত করে প্রশাসন উপযুক্ত পদক্ষেপ নিক।

# তৃণমূল মাদ্রাসা শিক্ষক সংগঠনের শিক্ষা-কর্মশালা ও সাংগঠনিক সভা

**নিজস্ব প্রতিবেদক ● বারুইপুর**



**আপনজন:** এমএসকে, এসএসকে, আন এডেড মাদ্রাসা সহ হাই ও সিনিয়র মাদ্রাসার বিভিন্ন সমস্যা সমাধানে এবং সংশ্লিষ্ট শিক্ষক শিক্ষিকা শিক্ষার্থীদের অভাব অভিযোগ অসুবিধা নিরসনের লক্ষ্যে সভা করলো তৃণমূলের মাদ্রাসা শিক্ষক সংগঠন । রবিবার বারুইপুর ‘মাদ্রাসা মারকাজুল মুসলিমিন’-এর সভা গৃহে ওয়েস্ট বেঙ্গল তৃণমূল মাদ্রাসা টিচার্স অ্যাসোসিয়েশনে’র এর উদ্যোগে ‘শিক্ষা বিষয়ক কর্মশালা ও সাংগঠনিক সভা’ শীর্ষক কর্মসূচিতে উপস্থিত ছিলেন দক্ষিণ ২৪ পরগণার জেলা কোর কমিটির সদস্যরা । সভায় জেলায় সংগঠনের শক্তিশালী করা, শিক্ষকদের ঐক্যবদ্ধ করা, স্পোর্টস সংক্রান্ত প্রস্তুতি নিয়ে বক্তব্য রাখেন সংগঠনের নেতা চম্পক নাগ, আবু সুফিয়ানরা । মাদ্রাসাগুলিতে শিক্ষার উপযুক্ত পরিকাঠামো ও শিক্ষার পরিবেশ গড়ে তুলতে এবং মাদ্রাসা শিক্ষার ঐতিহ্য বজায় রেখে আধুনিকীকরণের লক্ষ্যে অনুষ্ঠিত ওই সভায় সংগঠনের কর্মকর্তারা একাধিক প্রস্তাব পেশ করেন । সংগঠনকে শক্তিশালী করতে এবং সুষ্ঠুভাবে স্পোর্টস পরিচালনার জন্য মত প্রদান করেন মঞ্জুর আহমেদ, রুখসানা হোসেন, আতিয়ার রহমান পুরকায়িত, রেজাউল ইসলাম খান প্রমুখ । সংগঠনের পক্ষ থেকে শিক্ষার্থীদের নিয়ে বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রতিযোগিতার আয়োজনের প্রস্তাব দেন সংগঠক ও শিক্ষক মশিউর রহমান, মুফতি কামরুদ্দিন, সুদাম হালদাররা ।

ওয়েস্ট বেঙ্গল তৃণমূল মাদ্রাসা টিচার্স অ্যাসোসিয়েশনে’র নেতা আবু সুফিয়ান পাইক বলেন ‘শিক্ষকরা যে যেই মাদ্রাসায় শিক্ষকতা করেন সে সেই মাদ্রাসার সমস্যা লিপিবদ্ধ করে জানালে তার দ্রুত সমাধানের চেষ্টা করা হবে ।’ উল্লেখ্য একই ইস্যুতে রবিবার দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর এবং ডায়মন্ড হারবারে জোড়া সভা অনুষ্ঠিত হয় পশ্চিমবঙ্গ তৃণমূল মাদ্রাসা টিচার্স অ্যাসোসিয়েশনের ব্যানারে । ডায়মন্ড হারবারের সভাটি হয় নুরুল হকের নেতৃত্বে । ফলে সংগঠনে অনেক কর্মীরা স্বীকার করেছেন ‘সংগঠন দুভাগে বিভক্ত ।’ মমতা, অভিষেক, ফিরহাদের পাশাপাশি উভয় ব্যানারে ছবি ছিল তৃণমূলের রাজ্য সহ-সভাপতি জয় প্রকাশ মজুমদারের । টেলিফোনে যোগাযোগ করা হলে যদিও বিষয়টি নিয়ে কিছুই জানেন না বলে কিছুটা দায় এড়িয়েছেন তৃণমূলের রাজ্য সহ-সভাপতি জয় প্রকাশ মজুমদার। এ প্রসঙ্গে কিছু বলতেও চাননি তিনি । সংগঠনের কর্মীদের কথায় ‘নেতৃত্বরা ভাগ হয়ে গেছে । আমরা কোনদিকে যাব ? সকলকে ঐক্যবদ্ধ করতে শীর্ষ নেতৃত্বদের হস্তক্ষেপ জরুরি ।’

# একাডেমিক অ্যাসোসিয়েশনের ছাত্র ও ছাত্রীদের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান

**নিজস্ব প্রতিবেদক ● কলকাতা**




**আপনজন:** সুস্থ সংস্কৃতির বিকাশে চাকরিপ্রার্থীদের নিয়ে অনুষ্ঠিত হলো সাংস্কৃতিক অনুষ্ঠান । রবিবার কলেজ স্ট্রিটের একাডেমিক অ্যাসোসিয়েশনের ছাত্র-ছাত্রীদের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান ‘রঙ্গলি-২০২৪’ অনুষ্ঠিত হয় । প্রদীপ প্রজ্বালনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করেন মতি শুভ্রা শীল । প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত অ্যাসিস্ট্যান্ট কমিশনার অফ পুলিশ সৈয়দ সাহেব । ছাত্র-ছাত্রীদের নাচ, গান, আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা, একাঙ্গ নাটক পরিবেশন করে । ডব্লিউবিসিএস পরীক্ষার্থীদের ভিতরে যে সুপ্ত প্রতিভা গুলো লুকিয়ে রয়েছে এই অনুষ্ঠানের মাধ্যমে তা ফুটে ওঠে । এই অনুষ্ঠানের মাধ্যমে নতুন ব্যাচের ছাত্র-ছাত্রীদের বরন করে নেওয়া হয় । অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল শিশু শিল্পী আয়ানের রবীন্দ্র সংগীত ।

এ দিন তাৎক্ষণিক বক্তৃতার মাধ্যমে ছাত্র-ছাত্রীরা উপস্থিত বুদ্ধি এবং দক্ষতা মেলে ধরে এখানকার ছাত্রছাত্রীরা । ‘আমি যদি পিএসসির চেয়ারম্যান হতাম’ এই বিষয়ের উপর বক্তৃতা দিতে গিয়ে একাডেমিক অ্যাসোসিয়েশনের ছাত্রী ঈশিকা রুজ বলেন, ‘আমার কাজ হতো সবার আগে নোটিফিকেশন গুলিকে প্রায়োরিটি ভিত্তিতে প্রকাশ করা । সেই সঙ্গে যে সমস্ত পরীক্ষা পেন্ডিং রয়েছে সেগুলিকে দ্রুত আয়োজনের বন্দোবস্ত করা । একটি ডব্লিউ বি সি এস পরীক্ষা সম্পূর্ণ হয়ে চাকরিতে যোগদান করে করতে এখন সময় লাগে সাড়ে তিন থেকে চার বছর, আমার লক্ষ্য হবে এই সময়কে এক বছরের মধ্যে নামিয়ে নিয়ে আসা । সর্বোপরি বেকার চাকরিপ্রার্থী জ্বালাটা অনুভব করে আমি পিএসসির প্রতিটি কাজ করতাম ।’ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন একাডেমিক অ্যাসোসিয়েশনের প্রধান শিক্ষানুরাগী শামীম সরকার । এই অনুষ্ঠান আয়োজনের জন্য একাডেমিক অ্যাসোসিয়েশনের ছাত্র-ছাত্রী শিক্ষা কর্মীদের ধন্যবাদ জ্ঞাপন করেন । শেষে পুরস্কার বিতরণীর মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয় ।

# বিশ্ব এইডস দিবসে নানা কর্মসূচি সিউড়িতে



**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**

**আপনজন:** ১লা ডিসেম্বর বিশ্ব এইডস দিবস। এইডস এর বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধি করতে এই দিনটিকে বেছে নেওয়া হয়েছে। এদিন বীরভূম জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে এবং বীরভূম স্নেহ নামক স্বেচ্ছাসেবী সংস্থার সহযোগিতায় আজ পয়লা ডিসেম্বর বিশ্ব এইডস দিবস হিসেবে দিনটি পালিত হয় পদযাত্রা ও অঙ্কন প্রতিযোগিতার মাধ্যমে। আয়োজকদের পক্ষ থেকে জানা যায় যে, সিউড়ি ১ নম্বর ব্লকের পানুরিয়া বিশ্রামতলায় ৩০ জন কিশোরীকে নিয়ে বসে আঁকো প্রতিযোগিতা হয় । পাশাপাশি সচেতনতা মূলক পদযাত্রা বের হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্যারেটের প্রশিক্ষিকা ঝুমা বাগদী,পিযূস দাস, কামাক্ষা অধিকারী, কার্তিক মুখার্জি প্রমুখ। বিশ্ব এইডস দিবস পালনের কর্মসূচি সহ অনুষ্ঠান সম্পর্কে বিস্তারিত বিবরণ দেন বীরভূম স্নেহ সংস্থার সম্পাদক শ্রীকান্ত ঘোষ।

# শান্তিনিকেতন মেডিকেলে বিশ্ব এইডস দিবস



**আমীরুল ইসলাম ● বোলপুর**

**আপনজন:** বিশ্ব এডস দিবস” উপলক্ষ্যে শান্তিনিকেতন মেডিকেল কলেজ ও হাসপাতাল স্টুডেন্টস কাউন্সিলের উদ্যোগে, আজ ১ ডিসেম্বর ২০২৪, রবিবার সকালে মেডিকেল কলেজে একটি রক্ত দান শিবিরের আয়োজন করা হয়। এদিনের শিবিরে ২৫জন রক্ত দান করেন। এদিনের শিবিরে শান্তিনিকেতন মেডিকেল কলেজ ব্লাড সেন্টারের ডিরেক্টর অধ্যাপক ডাঃ তপন কুমার ঘোষ সহ আরো অনেকে উপস্থিত ছিলেন। এই রক্তদান শিবিরের মাধ্যমে এডস সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং রক্তদানের গুরুত্ব সম্পর্কে মানুষকে উৎসাহিত করার লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়।।

# ঘোড়ারস মাদ্রাসায় রক্তদান শিবির



**এহসানুল হক ● বসিরহাট**

**আপনজন:** মানবতার সেবায় আত্মনিবেদিত প্রতিষ্ঠান মাদ্রাসা সালাফিয়া ঘোড়ারাস রবিবার এক অনন্য রক্তদান শিবিরের আয়োজন করল। এই মহতী উদ্যোগে ১৮০ জন উদারপ্রাণ রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করে মানবকল্যাণে তাঁদের অসামান্য অবদান রাখেন। তাঁদের এই মহান কাজ শুধুমাত্র জীবনের আলো জ্বালিয়েছে, পাশাপাশি সমাজে মানবতার প্রতি ভালোবাসার এক মধুর বার্তা পৌঁছে দিয়েছে। শিবিরে উপস্থিত ছিলেন সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিত্বরা, যাঁদের উপস্থিতি আয়োজনটিকে আরও অর্থবহ করে তুলেছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বসিরহাট ২ ব্লকের বিডিও সৌমিত্র প্রতিম প্রধান, বসিরহাট-২ পঞ্চায়েত সমিতির সভাপতি সৌমেন মন্ডল, বিশিষ্ট সমাজসেবী হাসিবুল ইসলাম। তিনি রক্তদানের গুরুত্ব নিয়ে বলেন, “রক্তদান মানুষের প্রতি মানুষের ভালোবাসার সবচেয়ে সুন্দর প্রতিফলন। এটি মানবিকতার ভিত্তিকে আরও দৃঢ় করে।”

## ছড়িয়ে-ছিটিয়ে

# হরিশপুর গ্রামে বিজেপি থেকে তৃণমূলে যোগ



**নিজস্ব প্রতিবেদক ● বহরমপুর**

**আপনজন:** বহরমপুর বহরমপুর পূর্ব ব্লক অন্তর্গত গুরদাসপুর অঞ্চলের হরিশপুর গ্রামে , বহরমপুর পঞ্চায়েত সমিতির সভাপতি আইজুদ্দিন মন্ডল , বহরমপুর পূর্ব ব্লক তৃণমূল কংগ্রেসের সহ-সভাপতি বুলবুল সেখের নেতৃত্বে গত ২০২৩ পঞ্চায়েতে ভারতীয় জনতা পার্টির কন্টেস্ট প্রার্থী প্রাক্তন বহরমপুর ব্লকের যুব সভাপতি প্রতাপ ঘোষ সহ ১৫০ পরিবার তৃণমূল কংগ্রেসের যোগদান করেন। বহরমপুর পঞ্চায়েত সমিতির সভাপতি আইজউদ্দিন মন্ডল বলেন রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প তুলে ধরা হচ্ছে সাধারণ মানুষের কাছে।

# অবৈধ গাঁজা উদ্ধার করল খড়গ্রাম থানা



**সাবের আলি ● খড়গ্রাম**

**আপনজন:** পুলিশের বড় সাফল্য, ৩৭ কেজি ৮০০ গ্রাম অবৈধ গাঁজা উদ্ধার করল খড়গ্রাম থানার পুলিশ। ঘটনাটি ঘটেছে মুর্শিদাবাদ জেলার কান্দি মহাকুমার খড়গ্রাম থানার শেরপুরের মোড়ে একটি বেসরকারি ব্যাঙ্ক কের সন্নিকট। খড়গ্রাম থানার পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে একটি চারচাকা আটক করে খড়গ্রাম থানার পুলিশ। তল্লাশি করার সময় গাড়ি থেকে উদ্ধার হয় ৩৭,কিলো ৮০০ গ্রাম গাঁজা। কোচবিহার থেকে গাঁজা ভরা বস্তাগুলি কলকাতার উদ্দেশ্যে যাচ্ছিল। দুইজন ব্যক্তিকে আটক করেছে খড়গ্রাম থানার পুলিশ তাদের নাম সুমন সরকার ও শুভাশিস নাথ তাদের বাড়ির নিউ ব্যারাকপুর। ঘটনাস্থলে উপস্থিত খড়গ্রাম থানার ওসি সুরজিৎ হালদার,ও সি,আই, সৌম বন্দ্যোপাধ্যায়। খড়গ্রাম থানার পুলিশ পুরো ঘটনা তদন্ত শুরু করেছে এই গাঁজা কারবারের সঙ্গে আর কারা যুক্ত আছে।

# আলু সরবরাহ বন্ধের হুঁশিয়ারি ব্যবসায়ীদের



**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**

**আপনজন:** ভিনরাজ্যে আলু পরিবহনে নিষেধাজ্ঞায় আবারো সোমবার থেকে কোল্ড স্টোরেজ থেকে আলু সরবরাহ বন্ধের হুঁশিয়ারি, পশ্চিমবঙ্গ প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি এবং পশ্চিমবঙ্গ কোল্ডস্টোরেজ এসোসিয়েশনের, চরম সমস্যায় পড়াবে সাধারণ মানুষ ।

রাজ্যে আলুর দাম নিয়ন্ত্রণ করতে ভিন রাজ্যে আলু পরিবহনে নিষেধাজ্ঞা জারি করেছে রাজ্য। আর তাতে করেই সমস্যায় পড়েছেন আলু ব্যবসায়ীরা। যার ফলে গতকাল তারকেশ্বরে পশ্চিমবঙ্গ প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি এবং পশ্চিমবঙ্গ কোল্ডস্টোরেজ এসোসিয়েশনের যৌথ একটি আলোচনার সভা অনুষ্ঠিত হয়। সেই সভায় সিদ্ধান্ত হয় সোমবারের মধ্যে ভিন রাজ্যে এবং অন্য জেলায় আলু পাঠানোর উপরে বিধি নিষেধ প্রত্যাহার না হলে সোমবার রাত্রি থেকে সারা রাজ্যের কোল্ড স্টোরেজ গুলি থেকে কোন আলু বের করা হবে না। যৌথভাবে কর্মবিরতি পালনের ডাক দেওয়া হয়। আলু ব্যবসায়ী সমিতির কড়া হুঁশিয়ারিতে আলু জোগানে টান পড়ার আশঙ্কা।



স্পেনে বন্যা নিয়ন্ত্রণে অসন্তোষ, ভ্যালেন্সিয়ায় লাখো জনতার বিক্ষোভ

সারে-জমিন



কাটমানি ফেরত চাইতে গিয়ে আক্রান্ত প্রৌঢ়ের মৃত্যু

রূপসী বাংলা





নেতানিয়াহুর হাতের তাস ফুরিয়ে যাচ্ছে

সম্পাদকীয়



মাফিয়াদের দখল করা জমি ২৪ বছর পর ফেরত পেল

সাধারণ



আইসিসি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিলেন জয় শাহ

খেলতে খেলতে


# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

সোমবার
২ ডিসেম্বর, ২০২৪
১৭ অগ্রহায়ণ ১৪৩১
২৯ জমাদিউল আউয়াল, ১৪৪৬ হিজরি
সম্পাদক
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 325 ■ Daily APONZONE ■ 2 December 2024 ■ Monday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 8 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com


## প্রথম নজর

### অবশেষে আজ বিধানসভাতেই ছয় বিধায়কের শপথগ্রহণ





নিজস্ব প্রতিবেদক ● কলকাতা

**আপনজন:** অবশেষে রাজ্য বিধানসভায় ছয় বিধায়কের শপথগ্রহণ হবে আজ সোমবার। রাজভবন সূত্রে জানা গেছে, বিধানসভায় জয়ী ছয় বিধায়কের শপথ গ্রহণ অনুষ্ঠানের ছাড়পত্র মিলেছে রাজ্যপাল সিভি আনন্দ বোসের তরফ থেকে। ফলে, এতদিন ধরে তিরি রাজভবনে ছয় বিদাযকের শপথ গ্রহণের ব্যাপারে অনড় থাকলেও অবশেষে বিধানসভায় শপথগ্রহণে সম্মতি দিয়েছেন। শুধু তাই নয়, শপথ গ্রহণ অনুষ্ঠানে রাজ্যপাল হাজির থাকবেন বলে জানা যাচ্ছে। ‌ুপিস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও। ফলে, মহিলা কর্মীর শ্লীলতাহানির ঘটনাকে কেন্দ্র করে রাজ্যপালের সঙ্গে মুখ্যমন্ত্রীর বিবাদের অবান ঘটতে পারে। এক মঞ্চে দেখা যেতে পারে দুজনকেই।

অপরদিকে, এদিন প্রথম পর্বে প্রশ্নোত্তর পর্বের পর কেন্দ্রীয় সরকারের ওয়াকফ সংশোধনী বিলের বিরোধিতায় শাসক দলের পক্ষে প্রস্তাব গৃহীত হবে বিধানসভায়।

# ভ্রাতৃত্ববোধ ও সম্প্রীতির আহ্বান ভোপালের বিশ্ব তবলিগি ইজতেমায়

জাফর আলি মোল্লা ● ভোপাল

**আপনজন:** মধ্যপ্রদেশে ভোপালের তাজুল মসজিদ সংলগ্ন এইনখেড়ির ঘাসিপুরা এলাকায় তবলিগী জামাতের চারদিনের বিশ্ব ইজতেমার রবিবার ছিল তৃতীয় দিন। ইজতেমা কর্তৃপক্ষ সূত্র জানিয়েছে এদিন প্রায় ৭ থেকে ৮ লক্ষ মুসল্লি এই বিশ্ব ইজতেমায় অংশ নিয়েছেন। এদিন বিভিন্ন ওলামায়ে কেরাম তথা তবলিগি জামাতের শীর্ষ ব্যক্তিত্বরা তাদের বক্তৃতায় ইসলামি মূল্যবোধে জীবনযাপন এবং সমাজে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার পাশাপাশি সামাজিক সম্প্রীতি বজায় রাখার জন্য বিশেষ আহ্বান জানান।



শনিবার ফজরের নামাজের পর মেওয়াত থেকে মাওলানা উমর মানির বক্তব্যের মধ্য দিয়ে শুরু হয় আলামি তবলিগি ইজতেমার দ্বিতীয় দিন। তিনি মানুষকে ন্যায়ের পথে চলার আহ্বান জানান। এ ছাড়া একে অপরের সঙ্গে ভালো আচরণ করার ওপরও গুরুত্বারোপ করেন। জোহরের পর বক্তব্য রাখেন দিল্লি থেকে মৌলানা ইউসুফ। তিনি বলেন, সুদ থেকে টাকা নেবেন না, দেবেনও না। আল্লাহর ওপর ভরসা থাকলে যেকোনো পথ সহজ হয়ে যায়। তাবলিগ ইজতিমার তৃতীয় দিনে সকাল থেকে রাত পর্যন্ত চলে ওলামাদের বয়ান। এসব বক্তৃতায় তাবলিগ জামাত ও মুসলমানদের তালিম (শিক্ষা), ভ্রাতৃত্ববোধ, সামাজিক সম্প্রীতি এবং আল্লাহর (আল্লাহর) ইবাদত ও পালনের জন্য জোরালোভাবে উৎসাহিত করা হয়। মাওলানা জামশেদ সাহেব ইসলামী জীবনের বিভিন্ন দিক সম্পর্কে আলোকপাত করেন। তিনি ঈমানের দৃঢ়তা এবং ইসলামী সংস্কৃতি ও ধর্ম প্রচারের গুরুত্বের ওপর জোর দেন। মাওলানা বলেন, দ্বীনের কাজ শুধু দায়িত্ব নয়, এটি একটি ইবাদত, যা মানুষকে আল্লাহর কাছাকাছি নিয়ে যায়। মাওলানা মঞ্জুর সাহেব তার বক্তৃতায় তাওহীদ ও ইখলাসের উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, মুসলমানদের উচিত সর্বাবস্থায় আল্লাহর প্রতি বিশ্বাস রাখা এবং তাদের সকল কাজে তাঁর সন্তুষ্টিকে প্রাধান্য দেওয়া। দিল্লি মারকাজ থেকে আগত তবলিগি জামাতের আমির মাওলানা সাদ কান্ধলভি প্রতিদিনই এই ইজতেমায় ভাষণ দেন। মাওলানা সা’দ সাহেবের বক্তব্যের কেন্দ্রবিন্দু ছিল ইসলামী নীতি-নৈতিকতা ও সমাজ সংস্কার। তিনি তার বক্তব্যে সামাজিক সম্প্রীতির ওপর গুরুত্বারোপ করেন। তার বক্তব্য ইসলামী ঐক্য ও উম্মাহর উন্নতির উপর ভিত্তি করে। তিনি বলেন, আজকের যুগে মুসলমানদের নিজেদের ত্রুটি-বিচ্যুতি দূর করে পারস্পরিক ঐক্য জোরদার করতে হবে। তিনি আরও বলেন, প্রত্যেক মুসলমানকে দ্বীন প্রচারে ভূমিকা রাখতে হবে। সেবার মাধ্যমে আল্লাহর নৈকট্য লাভ হয়।তিনি বলেন, ইসলাম শুধু উপাসনার ধর্ম নয়, এটি এমন একটি ধর্ম যা মানব জীবনের প্রতিটি দিক পরিচালনা করে। মাওলানা তাদের চরিত্রের মাধ্যমে ইসলামের সঠিক বাণী অন্যদের কাছে পৌঁছে দেওয়ার জন্য মুসলমানদের প্রতি আহ্বান জানান। তার মূল বার্তাটি ছিল বিশ্বাসীদের মানবতার প্রতি সদয় হওয়ার আহ্বান জানানো। আর মুসলমানদের উচিত তাদের ত্রুটি-বিচ্যুতি দূর করে পারস্পরিক ঐক্য গড়ে তোলা।


ইজতিমায় অংশগ্রহণকারী বিদেশী জামাতের সাথে দ্বিভাষিক লোকেরাও উপস্থিত থাকে, তারা তাদের ওলামাদের বক্তব্যের সারাংশ ব্যাখ্যা করে। একইভাবে সাংকেতিক ভাষায় বধির ও বোবা জামাতীদের বক্তব্যও ব্যাখ্যা করা হচ্ছে। ইজতিমা কমিটির মিডিয়া কো-অর্ডিনেটর ড. উমর হাফিজের মতে, এ বছর ২৩টি দেশের ১৪২ জন জামাতি ইজতিমায় এসেছেন। বিদেশি জামতের জন্য তিন স্তরের নিরাপত্তা রয়েছে, যার প্রতিটি স্তরে ৫০জন স্বেচ্ছাসেবক মোতায়েন করা হয়। তাদের ডিউটি আট ঘন্টা স্থায়ী হয়। এখানে উপস্থিত পুলিশ চৌকি থেকেও বিশেষ নজরদারি রাখা হচ্ছে। বিদেশি দল যেই আসুক না কেন, ভারত তাদের আয়োজক। এখানে তাদের যাতে কোনো সমস্যা না হয় সেদিকে খেয়াল রাখা হচ্ছে।

পশ্চিমবঙ্গ সহ দেশের বিভিন্ন রাজ্য থেকে তবলিগি জামাত ভোপালের বিশ্ব ইজতেমায় অংশ নিয়েছে। এছাড়া যেসব দেশ থেকে তবলিগি জামাতের দল এসেছে, সেগুলি হল ফ্রান্স, মিশর, সুদান, উজবেকিস্তান, মালয়েশিয়া, জার্মানি, বাংলাদেশ, সৌদি আরব, কিরগিজস্তান, মরক্কো, মায়ানমার, তিউনিসিয়া, কেনিয়া, ইন্দোনেশিয়া, অস্ট্রেলিয়া, সিঙ্গাপুর, ইরাক, ব্রিটেন, সেনেগাল, থাইল্যান্ড। এভাবে ২৩টি দেশের ১৪২ টিরও বেশি জামায়াত অংশগ্রহণ করেছে। তবে এ বছর পাকিস্তান থেকে কোনও তবলিগি জামাত আসেনি।

ইজতেমা কমিটি জানিয়েছে, প্রায় ৩৫০টি নিকাহ অনুষ্ঠিত হয়েছে ইজতেমায়।

ইজতেমার স্থান সম্পর্কে ড. ওমর বলেন, ইজতেমার প্রধান দুটি দিক রয়েছে- অভ্যন্তরীণ ও বাহ্যিক। বাহ্যিক দিকটির মধ্যে ট্র্যাফিক এবং পার্কিংয়ের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। পার্কিং এলাকা গত বছরের তুলনায় ৩০০ একরে বাড়ানো হয়েছে। এ ছাড়া এবার ৬১টির পরিবর্তে ৬৬টি পার্কিং লট করা হয়েছে। একই সঙ্গে ভেতরের এলাকা ৩০০ একর এলাকা ব্যবহার করা হবে, যার মধ্যে রয়েছে প্যান্ডেল, ফুড জোন, জরুরি এলাকা, ওয়াজুখানা, গোসলখানা এবং অন্যান্য সুবিধা, যা গত বছরের তুলনায় ৫০ একর বেশি। আমাদের মোট আয়তন ৬০০ একর, যা ইজতেমার জন্য ব্যবহার করা হচ্ছে। এছাড়া ইজতেমা সাইটে একটি মেকানিক গ্রুপ তৈরি করা হয়েছে। ইজতেমার আসার যানবাহন ৫০ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে কোথাও খারাপ হয়ে গেলে সেগুলি সারিয়ে ইজতেমা স্থলের কাজে নিয়োজিত রয়েছেন তারা। এই মর্মে হেল্পলাইন নম্বর দিয়ে পোস্টারও লাগানো হয়েছে। ফোন করলেই গাড়ি সারাই মিস্ত্রিরা সেখানে চলে যাবে। সোমবার সকালে আখেরি মোনাজাতের মাধ্যমে শেষ হবে চারদিনের এই বিশ্ব ইজতেমা।

# সম্ভল জামা মসজিদ নিজেদের হেফাজতে নিতে চাইল এএসআই



**আপনজন ডেস্ক:** ভারতীয় পুরাতত্ত্ব সর্বেক্ষণ (এএসআই) উত্তরপ্রদেশের মুঘল আমলে তৈরি সম্ভল শাহি জামা মসজিদের নিয়ন্ত্রণ ও পরিচালনার জন্য একটি আদালতে তাদের প্রতিক্রিয়া জমা দিয়েছে। তাতে মুঘল আমলের মসজিদটি একটি সুরক্ষিত ঐতিহ্যবাহী কাঠামো হিসাবে এর নিয়ন্ত্রণ ও পরিচালনার দাবি জানিয়েছে এএসআই।

এএসআইয়ের আইনজীবী বিষ্ণু শর্মা আদালতকে জানায়, মসজিদের পরিচালন কমিটি ও স্থানীয়দের বিরোধিতার সম্মুখীন হয়েছেন তারা।

তিনি এএসআইয়ের ২০১৮ সালের ১৯ জানুয়ারির একটি ঘটনার কথাও তুলে ধরেন, যখন যথাযথ অনুমোদন ছাড়াই মসজিদের সিঁড়িতে ইস্পাতের রেলিং স্থাপনের জন্য মসজিদের পরিচালনা কমিটির বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়েছিল।

শর্মা বলেন, ১৯২০ সালে এএসআই-সুরক্ষিত স্মৃতিস্তম্ভ হিসাবে স্বীকৃত মসজিদটি এজেন্সির আওতাধীন এবং তাই কাঠামোটিতে জনসাধারণের প্রবেশের অনুমতি দেওয়া উচিত, যদি তারা এএসআইয়ের নিয়ম মেনে চলে। এএসআই যুক্তি দিয়েছিল যে, কাঠামোগত পরিবর্তন সহ স্মৃতিসৌধের নিয়ন্ত্রণ ও পরিচালনা অবশ্যই তাদের হাতে থাকতে হবে। এএসআইয়ের আইনজীবী বলেন, পরিচালনা কমিটি কর্তৃক মসজিদের কাঠামোতে অননুমোদিত পরিবর্তন অবৈধ এবং এটি সীমাবদ্ধ করা উচিত। আগামী দিনে আদালত বিষয়টি নিয়ে আলোচনা করবে বলে আশা করা হচ্ছে।

উল্লেখ্য গত ২৪ নভেম্বর নিম্ন আদালতের নির্দেশে শাহি জামা মসজিদ সার্ভে করার সময় হিংসা ছড়িয়ে পড়ে। যদিও সুপ্রিম কোর্ট সেই সার্ভে বন্ধ রাখার নির্দেশ দেয়। অন্যদিকে, উত্তরপ্রদেশের বদায়ুঁর জামা মসজিদ নীলকণ্ঠ মহাদেব মন্দিরের উপর নির্মিত বলে দাবি করার পর নতুন করে বিতর্কের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। রাজস্থানের আজমির দরগাহ এবং সম্ভলের জামা মসজিদকে ঘিরে একই রকম বিরোধের পরে বিষয়টি উত্তপ্ত হয়ে উঠছে।


## আশ শিফা ইনস্টিটিউট অফ নার্সিং

❏ জগন্নাথপুর ❏ সহরার হাট ❏ ফলতা ❏ দঃ ২৪ পরগণা পিন- ৭৪৩৫০৪

মেয়েদের সুরক্ষা আমাদের কাছে অগ্রগণ্য।
এবং একই ক্যাম্পাসে হাসপাতাল ও নার্সিং স্কুল

আর ভিন রাজ্যে নয়!
মেয়েদের নার্সিং স্কুল
এখন
ফলতার সহরারহাটে



২০২৪-২৫ বর্ষে
GNM
কোর্সে
ভর্তি চলছে

- অভিজ্ঞ প্রফেসর ডাক্তার দ্বারা পরিচালিত।
- আধুনিক সুসজ্জিত ল্যাবরেটরি, লাইব্রেরি।
- ১০০ বেড সমৃদ্ধ নিজস্ব হাসপাতালে প্রশিক্ষণের ব্যবস্থা।
- জেলায় প্রথম একই ক্যাম্পাসে হাসপাতাল ও নার্সিং স্কুল।
- উন্নত পরিকাঠামোযুক্ত সুপরিসর ভবন।

অন্য প্রতিষ্ঠানের তুলনায় অনেক কম কোর্স ফিজ - 2.5 লাখ

স্কলারশিপ, স্টুডেন্ট ক্রেডিট কার্ডের ব্যবস্থা আছে

যোগাযোগ
6295 122 937
9732 589 556
www.ashsheefahospital.com

ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল অনুমোদিত

সায়েন্স / আর্টস / কমার্স---
যেকোন স্ট্রিমে HS-এ
40% নম্বর পেলেই ভর্তি হতে পারবেন

ডাঃ ফারুক উদ্দিন পুরকাইত (ডিরেক্টর), MBBS, MD, Dip Card

আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ৩২৫ সংখ্যা, ১৭ অগ্রহায়ন ১৪৩১, ২৯ জমাদিউল আউয়াল, ১৪৪৬ হিজরি

## ‘কনফারেন্স অব পার্টিজ’

পৃথিবীর জলবায়ু পরিবর্তনকে মোকাবিলা করিবার বিষয়টিকে এই ধরিত্রীর বুকে মানুষের বাঁচা-মরার সহিত তুলনা করা হইয়া থাকে। এই ক্ষেত্রে বিজ্ঞানীরা একটি ব্যাপারে একমত যে, বৈশ্বিক উষ্ণতা হ্রাস করিতেই হইবে। যদিও সৃষ্টির শুরু হইতে এখন অবধি পৃথিবীর জলবায়ুর পরিবর্তন ঘটিয়াছে শতসহস্র বার। ইহা প্রকৃতির একটি নিরন্তর খেলা। বিজ্ঞানীরা ধারণা করিয়া থাকেন, এখন অবধি পাঁচ বার পৃথিবীতে প্রাণের মহাবিলুপ্তি ঘটিয়াছে। আমরা নুহ নবির (আ.) নৌকার কথা জানি, যখন পৃথিবীতে মহাপ্লাবন হইয়াছিল। বিশেষজ্ঞরা ধারণা করেন, পৃথিবীতে জলবায়ুর পরিবর্তনের জন্যই একেক সময় প্রাণের মহাবিলুপ্তি ও মহাপ্লাবনের মতো ভয়ংকর ঘটনা ঘটিয়াছিল; কিন্তু প্রায় ৩০০ বত্সর পূর্বে শুরু হওয়া শিল্পায়নের পর হইতে এখন অবধি পৃথিবীর তাপমাত্রা প্রায় দুই ডিগ্রি সেলসিয়াস বাড়িয়াছে।

এই ধরিত্রীকে রক্ষা করিতে প্রথম জাতিসংঘ জলবায়ু সম্মেলন অনুষ্ঠিত হইয়াছিল জার্মানির বার্লিনে, ১৯৯৫ সালে। এইবার মরুশহর দুবাইতে অনুষ্ঠিত হইয়াছে ২৮তম জলবায়ু সম্মেলন, যাহার আনুষ্ঠানিক নাম কনফারেন্স অব পার্টিজ-২৮ বা কপ-২৮। যদিও বহু পরিবেশবাদী সংগঠন এবং বিশেষজ্ঞ সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠিত হওয়া জলবায়ু সম্মেলন বা কপ ২৮-এ আলোচনার ফলাফল লইয়া উদ্বেগ প্রকাশ করিয়াছিলেন। কারণ, আরব আমিরাত নিজেই অন্যতম একটি জীবাশ্ম জ্বালানি উত্পাদনকারী দেশ। তবে আয়োজক যাহারাই হউক না কেন, কপ সম্মেলনের সাফল্যের বিষয়টি ধারাবাহিক ও দীর্ঘসূত্রতাপূর্ণ। ইতিমধ্যে ২৮টি বত্সর হইয়া গিয়াছে এই ধরনের সম্মেলনের। প্রতি বত্সরই অল্পবিস্তর অগ্রগতি থাকে, অন্তত ভবিষ্যত্ পরিকল্পনার অগ্রগতি তো থাকেই। এই বত্সর কপ-২৮-এর শীর্ষ সম্মেলনে মূলত চারটি ‘বিশেষ পরিবর্তন’-এর উপর দৃষ্টি নিবদ্ধ করা হইয়াছে। উহা হইল—জীবাশ্ম জ্বালানি হইতে ক্রমশ বাহির হইয়া আসিবার কার্যক্রম আরো ত্বরান্বিত করা; জলবায়ু অর্থ ব্যবস্থার রূপান্তর; জলবায়ু পরিবর্তন মোকাবিলায় জনগণ এবং প্রকৃতির ভূমিকা এবং নারী, আদিবাসী, স্থানীয় সম্প্রদায়, তরুণদের শীর্ষ সম্মেলনে অন্তর্ভুক্তি নিশ্চিত করা।

বিশ্বের যেই সকল দেশ জলবায়ু পরিবর্তনে সবচাইতে অধিক ঝুঁকিতে রহিয়াছে, বাংলাদেশ তাহাদের মধ্যে অন্যতম। বাংলাদেশে এখন দুর্যোগ অধিক হইতেছে, নদীভাঙন বাড়িতেছে, বেশি বেশি ঝড়, দীর্ঘমেয়াদি বন্যা হইতেছে। ইহার পাশাপাশি উত্তরবঙ্গে তৈরি হইতেছে মরু শুষ্কতা এবং দক্ষিণবঙ্গে বাড়িতেছে লবণাক্ততা। এই সকল কিছুই হইতেছে জলবায়ু পরিবর্তনের কারণে; কিন্তু এই জলবায়ু পরিবর্তনের মূল কারণ বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির জন্য যত কার্বন নিঃসারণ হয়, সেইখানে বাংলাদেশের মতো দেশগুলির দায় খুবই সামান্যই; কিন্তু ভোগান্তি অনেক বেশি। এই কারণেই সংকট মোকাবিলায় তহবিল বরাদ্দ ও তাহার ব্যয়ের উপর জোর দিতেছে ক্ষতিগ্রস্ত দেশসমূহ। দুবাইয়ে কপ-২৮ সম্মেলন শুরু হয় জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় একটি তহবিল ঘোষণার মাধ্যমে। সম্মেলনের প্রথম দিনেই তহবিলের ক্ষতিপূরণের প্রতিশ্রুতি আসে ৪২ কোটি ৩০ লাখ ডলার, যাহা নবম দিনে আসিয়া ঠেকিয়াছিল ৭২ কোটি ৬০ লাখ ডলারে। যদিও কার্বন নিঃসারণ কমাইবার যেই শর্ত—তাহা বর্তমান বিশ্ব বাস্তবতায় অত্যন্ত কঠিন।

অনেক বিজ্ঞানী বলিয়া থাকেন, প্রাক-শিল্পায়নের যুগ হইতে এখন অবধি প্রায় ৩০০ বত্সরের হিসাব দিয়া জলবায়ু পরিবর্তনের স্পষ্ট সমীকরণ টানিবার সুযোগ নাই। কারণ পৃথিবীর জলবায়ুর পরিবর্তন অত্যন্ত জটিল একটি বিষয়। অন্যদিকে কার্বন নিঃসারণ কমাইবার শর্তের মধ্যে বৈষম্যও দেখিতে পাইতেছে উঠতি শিল্পোদ্যোগী দেশসমূহ। কারণ, যাহারা ইতিপূর্বে শিল্পোন্নত দেশে পরিণত হইয়াছে, তাহারা এতকাল নির্বিচারে কার্বন নিঃসারণ করিয়াছে; কিন্তু যাহারা এখন শিল্প-কলকারখানার মাধ্যমে তাহাদের অর্থনীতিকে উন্নতির কাতারে লইয়া যাইতে শুরু করিয়াছে, তাহারা কেন এখন এত রকম শক্ত শক্ত শর্ত মানিবে? মনে রাখিতে হইবে, আমাদের একটাই প্লানেট। সুতরাং প্রতি বত্সর ‘কনফারেন্স অব পার্টিজ’-এর কাঁধেই বর্তায় পৃথিবীকে রক্ষারও মহাদায়িত্ব।

# সিরিয়ার আলেপ্পোতে কী হচ্ছে, কী হবে মধ্যপ্রাচ্যে



সিরিয়ায় গৃহযুদ্ধ থমকে ছিল। কিন্তু একবিংশ শতকের সবচেয়ে মারাত্মক মানবিক সংকট শুরুর ১৩ বছর পর সহিংসতার নতুন পর্ব শুরু হয়েছে সেখানে। সিরিয়ার বিদ্রোহী বাহিনী আলেপ্পোতে আবার বড় আকারের আক্রমণ শুরু করে। কয়েক বছরের স্থিরতার পর সিরিয়ার একসময়ের সমৃদ্ধশালী এই বাণিজ্যিক কেন্দ্র আবার প্রেসিডেন্ট বাশার আল-আসাদের শাসনের জন্য চ্যালেঞ্জ হিসেবে হাজির হয়েছে। ইতিমধ্যেই অস্থিতিশীল মধ্যপ্রাচ্যকে করে তুলেছে আরও অস্থিতিশীল । লিখেছেন **সমীরণ মিশ্র...**



সিরিয়ায় গৃহযুদ্ধ থমকে ছিল। কিন্তু একবিংশ শতকের সবচেয়ে মারাত্মক মানবিক সংকট শুরুর ১৩ বছর পর সহিংসতার নতুন পর্ব শুরু হয়েছে সেখানে। সিরিয়ার বিদ্রোহী বাহিনী আলেপ্পোতে আবার বড় আকারের আক্রমণ শুরু করে। কয়েক বছরের স্থিরতার পর সিরিয়ার একসময়ের সমৃদ্ধশালী এই বাণিজ্যিক কেন্দ্র আবার প্রেসিডেন্ট বাশার আল-আসাদের শাসনের জন্য চ্যালেঞ্জ হিসেবে হাজির হয়েছে। ইতিমধ্যেই অস্থিতিশীল মধ্যপ্রাচ্যকে করে তুলেছে আরও অস্থিতিশীল ।

কেন আলেপ্পো গুরুত্বপূর্ণ

রাজধানী দামেস্ক থেকে প্রায় ৩৫০ কিলোমিটার উত্তরে আলেপ্পো সিরিয়ার গৃহযুদ্ধের একটি গুরুত্বপূর্ণ যুদ্ধক্ষেত্র হয়ে উঠেছে। সংঘাতের আগে আলেপ্পো ছিল সিরিয়ার বৃহত্তম শহরগুলোর একটি। জনসংখ্যা ২৩ লাখ।

২০১২ সালে বিদ্রোহী বাহিনী আলেপ্পোর পূর্ব অংশের অর্ধেক দখল করে আসাদের বিরুদ্ধে বিদ্রোহের শক্ত ঘাঁটিতে পরিণত করে। ২০১৬ সালে অবস্থা বদলায়। রুশ বিমান অভিযানের সহায়তায় সিরিয়ার সরকারি বাহিনী শহরটি আবার দখল করে। আলেপ্পো পুনরুদ্ধার করার মাধ্যমে, রাশিয়া এবং ইরানের সমর্থনে আসাদ গুরুত্বপূর্ণ অঞ্চলগুলোর ওপর তাঁর দখলকে দৃঢ় করেন।

এই আক্রমণের পেছনে কারা

এই নতুন আক্রমণের প্রধান বাহিনী হলো হায়াত তাহরির আল-শাম (এইচটিএস)। এরা ছিল সন্ত্রাসী গোষ্ঠী আল-কায়েদার সঙ্গে সম্পৃক্ত। এইচটিএস বছরের পর বছর ধরে নিজেকে নতুনভাবে তৈরি করেছে। জাতিসংঘ এইচটিএসকে সন্ত্রাসী সংগঠন হিসাবে চিহ্নিত করে। এর নেতা আবু মোহাম্মদ আল-গোলানি গ্রুপটিকে এর চরমপন্থী শিকড় থেকে দূরে রাখতে চেয়েছেন। এইচটিএস নিজেকে রূপান্তরের মধ্যে নিয়ে গেছে বলে দাবি করে। তাদের নিয়ন্ত্রিত এলাকায় তারা বেসামরিক প্রশাসনের সুযোগ দিচ্ছে। ধর্মীয় সংখ্যালঘুদের প্রতি নির্দেশনা দিয়েছে কমিয়ে। তবে চরমপন্থী উপাদানকে আশ্রয় দেওয়ার এবং তার অঞ্চলের মধ্যে জঙ্গি কার্যকলাপ আশকারা দেওয়ার অভিযোগ রয়েছে তাদের বিরুদ্ধে। এইচটিএসের সঙ্গে যোগ দিয়েছে তুর্কি-সমর্থিত কয়েকটি দল। এই গোষ্ঠীগুলো আসাদের বিরোধিতা করে আবার প্রায়ই নিজেদের মধ্যেও লড়াই করে।

আক্রমণের উদ্দেশ্য

এক ভিডিও বিবৃতিতে, বিদ্রোহী সামরিক কমান্ডার লেফটেন্যান্ট কর্নেল হাসান আবদুল গনি তাঁদের আক্রমণকে প্রতিরক্ষামূলক হিসেবে দাবি করে বলেছেন, ‘এই আক্রমণ না করে উপায় ছিল না। আমাদের জনগণ এবং তাদের ভূমিকে রক্ষা করার জন্য এ ছিল অনিবার্য। এটা সবার কাছে স্পষ্ট যে ইরানের ভাড়াটে সৈন্যসহ শাসক মিলিশিয়া এবং তাদের মিত্ররা সিরিয়ার জনগণের বিরুদ্ধে প্রকাশ্য যুদ্ধ ঘোষণা করেছে।’

বিদ্রোহীদের তাৎক্ষণিক লক্ষ্যগুলোর মধ্যে রয়েছে বেসামরিক এলাকায় বিমান হামলা বন্ধ করা, এলাকা পুনরুদ্ধার করা এবং সরকারি বাহিনীর রসদ ও অন্যান্য সরবরাহের পথ বন্ধ করা। তাদের অগ্রগতি এখন পর্যন্ত দ্রুত হয়েছে। আলেপ্পো প্রদেশে বেশ কয়েকটি গ্রাম, কৌশলগত হাইওয়ে এবং সামরিক ঘাঁটি তাদের দখলে এখন।

উত্তর-পশ্চিম সিরিয়া প্রায় ৪০ লাখ মানুষের আবাসস্থল। গত যুদ্ধের সময় তাদের অধিকাংশই একাধিকবার বাস্তুচ্যুত হয়েছে। আবার সহিংসতার ফলে শুরু হবে ব্যাপক বাস্তুচ্যুতির নতুন স্রোত।

আসাদ সরকারের প্রতিক্রিয়া

সিরিয়ার রাষ্ট্রীয় গণমাধ্যম বিদ্রোহী যোদ্ধাদের ক্ষয়ক্ষতি করেছে বলে দাবি করে সরকারি বাহিনীর তীব্র প্রতিরোধের কথা জানিয়েছে। রাশিয়ার বিমান সহায়তায় সিরিয়ার সামরিক বাহিনী বেশ শক্তিশালী। তারা ইদলিব এবং আতারেব শহরসহ বিরোধীদের নিয়ন্ত্রিত এলাকায় তীব্র বিমান হামলা শুরু করেছে। বেসামরিক হতাহতের সংখ্যা বেড়েছে। আসাদের প্রধান মিত্র ইরানও আক্রমণে ক্ষতির সম্মুখীন হয়েছে। হতাহতদের মধ্যে ইরানের বিপ্লবী গার্ডের একজন সিনিয়র কমান্ডারও রয়েছেন। আসাদ শিয়া পরিবারের মানুষ। ক্ষমতায় থাকার জন্য ইরানের ওপর তাঁর নির্ভরতা আছে। প্রথমবার বিদ্রোহের মুখোমুখি হওয়ার পর থেকে ইরানের সঙ্গে তাঁর জোট খুব কার্যকর প্রমাণিত হয়েছে। সিরিয়া বিশৃঙ্খলায় পড়ার পর, ইরান আসাদের সেনাবাহিনীকে প্রায় ৮০,০০০ যোদ্ধা সরবরাহ করেছে। রাশিয়া দিয়েছে বিমান সহায়তা।

আঞ্চলিক গতিপ্রকৃতি

এই আক্রমণ এমন একসময়ে হয়েছে, যখন ইরান ও তাদের সমর্থিত হামাস এবং হিজবুল্লাহ ইসরায়েলের সঙ্গে অন্যত্র সংঘাতে লিপ্ত। লেবাননে হিজবুল্লাহ এবং গাজায় হামাসের বিরুদ্ধে ইসরায়েলের সামরিক অভিযান তাদের সামর্থ্যে চাপ সৃষ্টি করেছে। ইউক্রেনের যুদ্ধে মনোযোগ দেওয়ার ফলে সিরিয়ায় যথেষ্ট শক্তি জোগান দেওয়া রাশিয়ার জন্য সম্ভব হবে না।

সিরিয়ার অন্যতম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে তুরস্ক। তুরস্ক আক্রমণে জড়িত কিছু বিদ্রোহী দলকে সমর্থন করে। এদিকে আবার ইসরায়েল বিমান হামলা চালিয়ে যাচ্ছে সিরিয়ার মধ্যে ইরান-সম্পর্কিত লক্ষ্যবস্তুতে। লক্ষ্য হিজবুল্লাহকে দেওয়া অস্ত্রের চালান ব্যাহত করা। নতুন করে যুদ্ধের ফলে সিরিয়ার, বিশেষ করে বিরোধী-নিয়ন্ত্রিত এলাকায় বেসামরিক নাগরিকদের জীবন বিপর্যস্ত হয়েছে।

ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি অনুমান করছে যে সম্প্রতি প্রায় ৭,০০০ পরিবার বাস্তুচ্যুত হয়েছে। উত্তর-পশ্চিম সিরিয়া প্রায় ৪০ লাখ মানুষের আবাসস্থল। গত যুদ্ধের সময় তাদের অধিকাংশই একাধিকবার বাস্তুচ্যুত হয়েছে। অনেকে খাদ্য, পানীয় ও চিকিৎসাসেবার সীমিত সুযোগের শিবিরগুলোতে বাস করে। আবার সহিংসতা শুরু হওয়ায় এই অবস্থার আরও অবনতি ঘটবে। শুরু হবে ব্যাপক বাস্তুচ্যুতির নতুন স্রোত।

আসাদ সরকারের ওপর কী প্রভাব পড়বে

আসাদ সরকার সিরিয়ার প্রায় ৭০ শতাংশ ভূখণ্ড নিয়ন্ত্রণ করে। তবে এই নিয়ন্ত্রণের বেশির ভাগই রাশিয়া এবং ইরানের মতো মিত্রদের সমর্থনের ওপর নির্ভর করে। ইসলামিক স্টেট অনেকাংশে পরাজিত হলেও এখনো তারা এই অঞ্চলে স্লিপার সেলের মাধ্যমে সক্রিয় আছে। সরকারি নিয়ন্ত্রণে দুর্বলতা আছে। যার সুযোগ নিয়ে এই চরমপন্থী গোষ্ঠীগুলো আবার সংগঠিত হয়ে নিজেদের বিস্তৃতি ঘটানোর চেষ্টা করতেই পারে।

***সমীরণ মিশ্র এনডিটিভির জ্যেষ্ঠ উপসম্পাদক***

***সৌজন্যে: এনডিটিভি***

***ইংরেজি থেকে অনুবাদ***

## ‘ইন্ডিয়া’কে ফের ‘না’, দিল্লিতে একাই লড়বে আপ



**আপনজন ডেস্ক:** নতুন বছরের শুরুতেই দিল্লিতে বিধানসভা নির্বাচন। তাতে একাই লড়বে শাসকদল আম আদমি পার্টি (আপ)। রবিবার এমনটাই ঘোষণা করেছেন দলের সর্বময় নেতা অরবিন্দ কেজরিওয়াল। ভারতীয় গণমাধ্যম আনন্দবাজার পত্রিকার প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

কেজরিওয়াল জানিয়েছেন, বিধানসভা নির্বাচনে কোনো জোটের সঙ্গে থাকছে না আপ। অর্থাৎ সবগুলো কেন্দ্রেই প্রার্থী দেবে তারা। লোকসভা নির্বাচনে দিল্লিতে কংগ্রেসের সঙ্গে হাত মিলিয়ে ‘ইন্ডিয়া’ জোটের শরিক হয়েছিল আপ। কিন্তু তাতে লাভ হয়নি। লোকসভায় আপের ভরাডুবি হয়েছে খাস দিল্লিতেই, সব আসনেই বিজেপি জিতেছে। এবার বিধানসভা নির্বাচনের মুখে জোটে না থাকার কথা ঘোষণা করে দিলেন কেজরি। ফলে মনে করা হচ্ছে, আরো একবার ধাক্কা খেল কংগ্রেসের নেতৃত্বাধীন বিরোধী জোট ‘ইন্ডিয়া’।

গণমাধ্যমটি আরো জানিয়েছে, আগামী বছরের শুরুতেই দিল্লিতে বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা।

ফেব্রুয়ারির আগেই ভোট হতে পারে। তার আগে এখন রাজধানীর রাজনীতিতে পারদ উর্ধ্বমুখী। চলছে নেতাদের দলবদলও। সম্প্রতি একাধিক বড় মাপের নেতা আপ ছেড়ে অন্য দলে গিয়েছেন। আবার অনেকে কংগ্রেস ও বিজেপি ছেড়ে যোগ দিয়েছেন শাসকদলে। এর মাঝেই রবিবার একটি সংবাদ সম্মেলনে কেজরিকে বিধানসভা নির্বাচনে দলের অবস্থান নিয়ে প্রশ্ন করা হয়েছিল। তিনি বলেন, ‘দিল্লির বিধানসভা নির্বাচনে আপ কোনো জোটে থাকবে না। একা লড়াই করবে।’ এদিকে মহারাষ্ট্রের বিধানসভা নির্বাচনে ধাক্কা খেয়েছে ‘ইন্ডিয়া’। বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সেখানে ক্ষমতায় এসেছে বিজেপি-শিন্ডেসেনা-এনসিপি (অজিত) জোট ‘মহাজুটি’। যদিও ঝাড়খণ্ডে ‘ইন্ডিয়া’ জিতেছে। কিন্তু ঝাড়খণ্ডের চেয়ে এগিয়ে থাকা মহারাষ্ট্রে জিততে না পারা ‘ইন্ডিয়া’কে পিছিয়ে রেখেছে বলেই মত অনেক বিশেষজ্ঞর। এবার দিল্লিতে কেজরির ‘একলা চলো’ নীতি নতুন করে ধাক্কা দিল বিরোধী জোটকে। ‘ইন্ডিয়া’কে অবশ্য এই প্রথম ‘না’ করলেন না কেজরি। এর আগে লোকসভা নির্বাচনের সময়ে পাঞ্জাবে আপ একা লড়বে বলে জানিয়েছিলেন তিনি।

# নেতানিয়াহুর হাতের তাস ফুরিয়ে যাচ্ছে

**ডেভিড হার্স্ট**

যখন হিজবুল্লাহর প্রয়াত মহাসচিব হাসান নাসরুল্লাহ মাটির ৬০ ফুট নিচে একটি বাংকারে বাস্টিং বোমায় নিহত হন, ইসরায়েলের রাস্তায় ছিল উল্লাস। তাদের পত্রিকা লিখল, ‘নাসরুল্লাহ মারা গেছেন এবং হিজবুল্লাহ ভেঙে গেছে।’

এ ঘটনার মাত্র দুই মাস পর ইসরায়েলের মেজাজ একেবারেই বদলে গেল। মাত্র ১১ দিন আগে ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাটজ বলেছিলেন যে তাঁদের ছিল হিজবুল্লাহকে নিরস্ত্র করা এবং দক্ষিণ লেবাননে একটি বাফার জোন তৈরি করা। তাঁদের সেনাবাহিনী কোনোটিই করতে পারেনি। ইসরায়েলিরা তখনো তা জানতেন না।

প্রায় ১৪ মাস লড়াইয়ের পর ‘কে জিতেছে’, তা নিয়ে একটি জরিপ হয়েছিল। সেই জরিপে ২০ শতাংশ ইসরায়েলি বলেছেন যে ইসরায়েল জিতেছে। ১৯ শতাংশ বলেছেন, হিজবুল্লাহ জিতেছে। ৫০ শতাংশ লোক বলেছেন যে কোনো স্পষ্ট জয়-পরাজয় ছাড়াই লড়াই শেষ হতে চলেছে। আর ১১ শতাংশ বলেছেন যে তাঁরা এর উত্তর জানেন না।

তবে এটা অনস্বীকার্য যে এই কথিত ‘দুর্বল’ হিজবুল্লাহ ১৯৮২ সালের তুলনায় অনেক বেশি শক্তভাবে লড়েছে। আর ২০০৬ সালে ইসরায়েলি সৈন্যরা বৈরুতে পৌঁছাতে মাত্র পাঁচ দিন সময় নিয়েছিলেন।

গাজায় গত ১৩ মাসের যুদ্ধ দেখা গেছে, সুন্নি ফিলিস্তিনি প্রতিরোধ আন্দোলন এখন শিয়া লেবাননের আন্দোলনের সঙ্গে মিলে সাধারণ শত্রুর বিরুদ্ধে লড়াইয়ে যোগ দিতে পারে। পুরো অঞ্চলে সুন্নি এবং শিয়া শক্তিকে পুনরায় কেন্দ্রীভূত হচ্ছে। ভাগ করে শাসন করো নীতিকে কাজে লাগিয়ে এই অঞ্চলকে শান্ত রাখার নীতি ইসরায়েলের জন্য আর আগের মতো কাজ করছে না।

সুন্নি আরব দুনিয়ায় একটা বড় মনোজাগতিক বদল ঘটে গেছে। এই পরিবর্তন অদূর ভবিষ্যতে দেখা যাবে বলে ভাবা যায়নি। এর জন্য ইসরায়েল বা আমেরিকা প্রস্তুত ছিল না। আর তা হচ্ছে, ইসরায়েলকে স্বীকার করে নিয়ে আসলে এই অঞ্চলে আর শান্তি প্রতিষ্ঠা করা যাবে না। মধ্যপ্রাচ্যে ইসরায়েলের অর্থনৈতিক, সামরিক আর প্রযুক্তিগত আধিপত্য আর প্রশ্নহীনভাবে ছেড়ে দিতে রাজি নয় অধিকাংশ দেশ।

এর সবচেয়ে বড় প্রমাণ এই যে বর্তমান সৌদি নেতৃত্বেও বিগত বহু বছরের অবস্থানে পরিবর্তন এসেছে। তাঁরা এখন ফিলিস্তিন প্রশ্নে অনেক বেশি খোলাখুলি তাঁদের অবস্থান জানান দিচ্ছেন।




এর জন্য হয়তো সাম্প্রতিক সময়ে দেশের জনগণের উত্তাল প্রতিবাদ বড় ভূমিকা রেখেছে। বেশ কয়েক দশক হিমাগারে থাকার পর আরব জাতীয়তাবাদ এবং দখলদারত্বের বিরুদ্ধে সশস্ত্র প্রতিরোধ এসে মিলেছে ইসলামের পতাকাতলে। হিজবুল্লাহ আবারও প্রমাণ করেছে, ইসরায়েলের এই কট্টর শত্রুকে নির্মূল করা যাবে না। কিন্তু মধ্যপ্রাচ্য নিয়ে ইসরায়েল ও আমেরিকার ভুল ভাঙাবে কে?

যুদ্ধবিরতি মেনে নেওয়ার ক্ষেত্রে হিজবুল্লাহর সিদ্ধান্তকে তারা ‘আত্মসমর্পণ’ বলে ভাবছে এখনো। সেই রকম আশা নিয়ে ইসরায়েল গাজায় ধ্বংসস্তূপ তৈরি করে যাচ্ছে।

হামাস প্রধান ইয়াহিয়া সিনওয়ারের মৃত্যুর পরও তারা ভেবেছে, হামাস ভেঙে পড়বে। কিন্তু হামাস উত্তর গাজার নরকে বাস করেও প্রতিরোধ অটুট রেখেছে। মনে রাখবেন, সেখানে ৫০ দিন ধরে সব ধরনের খাদ্যসরবরাহ বন্ধ রয়েছে। কিন্তু আমেরিকা আর ইসরায়েল বিশ্লেষণের ছদ্মবেশে নিজেরা যা চায়, সেটাই বলে।

গত ১৪ মাসে গাজায় এমন ক্ষয়ক্ষতি পরও হামাস সাদা পতাকা হাতে এগোবে বলে মনে হয় না। নেতানিয়াহু এক চুক্তি মেনে নিতে বাধ্য হয়েছেন। সেই চুক্তি তাঁর ঘোষিত সামরিক লক্ষ্যের ধারেকাছেও নেই। ব্যাপারটা হামাসকে আশা জোগাচ্ছে।

গাজায় জর্জরিত, লেবাননে বিতাড়িত হয়ে নেতানিয়াহু এখন ব্যস্ত ইরানে হামলার প্রয়োজনীয়তার দিকে ট্রাম্পের মনোযোগ আকর্ষণ করতে। আবার ইরানের ওপর আক্রমণ করার জন্য পশ্চিমা প্রচারমাধ্যম ক্ষেত্র তৈরি করেই রেখেছে। সর্বশেষ হামলায় দেশটির বিমান প্রতিরক্ষাকে ধ্বংস হয়েছে অনেকখানি। তাই আমেরিকা আর ইসরায়েল ভাবছে, ইরানের পারমাণবিক কেন্দ্রগুলো হামলার জন্য একেবারে সহজ লক্ষ্য।

ওয়াকিবহাল ইরানি সূত্রে জানা গেছে, আসল ঘটনা একেবারেই ভিন্ন। একটা সক্রিয় শীর্ষ-গোপন পারমাণবিক অস্ত্র গবেষণাকেন্দ্র বলে দাবি করা হয় পারচিনকে। এই কেন্দ্রের কাছাকাছি বসবাসকারী সূত্র অনুসারে, ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র পারচিনে আঘাত করতে পারেনি। পারচিন সামরিক মিলিটারি কমপ্লেক্সের সব গিয়ার অনেক আগেই পাহাড়ে সরানো হয়েছিল। অন্য একটি জায়গায় ড্রোন আক্রমণ করা হয়েছে। তবে সেই আক্রমণ হয়েছে কাস্পিয়ান সাগরের দিক থেকে। সেটা ইসরায়েলি স্ট্রাইক ফোর্স করেনি।

ইরানে আবার আক্রমণ হবে কি না, তা বাইডেনের বিদায়ী প্রশাসন, নেতানিয়াহু আর তাঁর ডিপ স্টেটের জটিল খেলাই নির্ধারণ করবে। কিছুদিন পরই আসছেন ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্প আসার পর কী রকম করে কী করতে চাইবেন, এই খেলায় সেটাও বিবেচনায় রাখা হবে নিশ্চয়ই। সেগুলো আগে থেকে আন্দাজ করা এ ক্ষেত্রে খুব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তবে যা-ই হোক না কেন, ইরানের সঙ্গে সরাসরি যুদ্ধ, আগের যে কোনো সময়ের চেয়ে এখন অনেক বেশি কাছাকাছি। গাজা, লেবানন বা ইরান—আসলে কোনো জায়গা থেকেই নেতানিয়াহুর জন্য সুসংবাদ আসছে না। নিজের দেশেও তিনি বিরোধিতার ঝড়ের মুখোমুখি হচ্ছেন। তাঁর সেনাবাহিনী ক্লান্ত। সেখান থেকেও এখন মনে হয় বিরোধিতা আসবে। যেসব জিম্মি জীবিত আছেন, তাঁদের পরিবার হতাশ। নিজেদের আপনজনকে নিয়ে কেবল রাজনীতি করায় তাঁরা বিরক্ত। আদালতে আসছে সরকারের নামে দুর্নীতির অভিযোগ। বিরোধী দল নেতানিয়াহুকে প্রত্যহ সেই হুমকি দিচ্ছে। নেতানিয়াহু এখন রাজনীতিতে জুয়া খেলছেন। কিন্তু তাঁর নিজের হাতে পুঁজি কম। আগেই তিনি অনেক ঋণ নিয়ে রেখেছেন। আরও বেশি ঋণ নিয়ে খেলা চালিয়ে যাওয়া ছাড়া তাঁর কোনো উপায় নেই। কিন্তু তাঁর হাতে আসলে এখন তাস খুবই কম। বাস্তবতা হলো, ইসরায়েল গত ১৪ মাসে যুদ্ধ করে খুব বেশি কিছু অর্জন করতে পারেনি, কিন্তু হারিয়েছে অনেক কিছু। এই সংঘাত নিয়ে সারা দুনিয়াকে নেতানিয়াহু যে গল্পগুলো শুনিয়ে আসছেন, তিনি নিজেই বোধহয় সেগুলো বিশ্বাস করে ফেলেছেন। এরসঙ্গে তাঁর একগুঁয়ে অভ্যাস তো আছেই।

***ডেভিড হার্স্ট মিডল ইস্ট আইয়ের সহপ্রতিষ্ঠাতা এবং প্রধান সম্পাদক***

***মিডল ইস্ট আই থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্ত আকারে অনূদিত***

প্রথম নজর

## রাশিয়ার হামলায় আলেপ্পো হামলার নেতৃত্বদানকারী জুয়াইনি নিহত!



**আপনজন ডেস্ক:** হায়াত তাহরির আল শাম (এইচটিএস) নেতা আবু মোহাম্মাদ আল জুয়াইনি রুশ হামলায় নিহত হয়েছে বলে ধারণা করা হচ্ছে। রোববার (১ ডিসেম্বর) সকালে আরব গণমাধ্যমগুলোর প্রতিবেদনে এই দাবি করা হয়েছে। জেরুসালেম পোস্টে বলা হয়েছে, সামাজিক যোগাযোগ মাধ্যমে কিছু ছবি ছড়িয়ে পড়েছে। সেগুলোকে আল জুয়াইনির লাশ বলে দাবি করা হচ্ছে।

সূত্রটি আরো জানিয়েছে, সম্প্রতি সিরিয়ার ক্ষমতাসীন আসাদ বাহিনীর বিরুদ্ধে দারুণ একটি অভিযান পরিচালনা করেছে এইচটিএস নেতৃত্বাধীন কয়েকটি দল। তারা ইতোমধ্যে আলেপ্পোর বেশিরভাগ পুনরুদ্ধার করে নিজেদের দখলে নিয়েছে।

রোববার রুশ গণমাধ্যমগুলো জানিয়েছে, রাশিয়ার প্রতিরক্ষামন্ত্রী এক বিবৃতিতে বলেছে, সিরিয়ার সেনাবাহিনীর সহযোগিতায় বিদ্রোহী গোষ্ঠীগুলোর উপর বিমান হামলা করেছে রুশ বাহিনী।

# স্পেনে বন্যা নিয়ন্ত্রণে অসন্তোষ, ভ্যালেন্সিয়ায় লাখো জনতার বিক্ষোভ



**আপনজন ডেস্ক:** বন্যা মোকাবিলায় স্পেনের কর্তৃপক্ষের ব্যর্থতার জন্য অসন্তোষ জানিয়ে এর প্রতিবাদে ভ্যালেন্সিয়ায় প্রায় ১ লাখ লোক বিক্ষোভ মিছিল করেছে। সম্প্রতি পূর্বাঞ্চলীয় ওই অঞ্চলে বন্যায় ২৩০ জনের মৃত্যু ঘটে। ভয়াবহ এই প্রাকৃতিক বিপর্যয়ের পরবর্তী এক মাসে কয়েকটি ধারাবাহিক সমাবেশের পর বড় আকারের বিক্ষোভটি হলো। বিক্ষোভে একটি পোস্টারে লেখা ছিল, 'এই রাজনীতিবিদরা মানুষ হত্যা করছে।'

কেন্দ্রীয় ও আঞ্চলিক উভয় সরকারই ২৯ অক্টোবরের বিপর্যয় মোকাবিলায় ব্যর্থতার জন্য জনগণের ব্যাপক ক্ষোভের মুখে পড়েছে। বন্যায় হাজার হাজার লোকের বাড়িঘর, দোকান ও গাড়ি ভাসিয়ে নিয়ে যায়।

ভ্যালেন্সিয়ার নেতা কার্লোস ম্যাজনকে স্লোগান দিতে দিতে বলেন, খুব দেরিতে পদক্ষেপের জন্য দোষী কর্তৃপক্ষকে পদত্যাগ বা শাস্তি পেতে হবে।

পাইপোর্টারের বাসিন্দা ৫৫ বছর বয়সী শিক্ষক রাকেল ফেরানডিস বলেন, কী ভুল হয়েছে? অযোগ্যতা। সে কারণেই আমরা এখানে আছি। দায়িত্বে অনেক অযোগ্য লোক রয়েছে, যাদের এখনো বেতন দেওয়া হচ্ছে।

এটি ক্রমবর্ধমান বন্যার পানিতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ শহরগুলোর মধ্যে একটি।

বিক্ষোভকালে বন্যায় মারা যাওয়া বন্ধুর মায়ের স্মরণে রাকেল একটি ব্যানার বহন করছিলেন।

বিক্ষোভকারীরা সমাজতান্ত্রিক প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজের কেন্দ্রীয় সরকারেরও সমালোচনা করেছেন। বন্যা মোকাবিলায় আরও সিদ্ধান্তমূলক না হওয়ার জন্য অভিযুক্ত সরকারের তীব্র সমালোচনা করেন তারা।

## ইসরায়েলে এবার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা চালাল হুতি বিদ্রোহীরা




**আপনজন ডেস্ক:** লেবাননের সশস্ত্র প্রতিরোধ গোষ্ঠী হিজবুল্লাহর সঙ্গে যুদ্ধবিরতি চুক্তি কার্যকর করার পর এবার দখলদার ইসরায়েলে শক্তিশালী ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছুঁড়েছে মধ্যপ্রাচ্যের আরেক দেশ ইয়েমেনের সশস্ত্র প্রতিরোধ গোষ্ঠী হুতি। গোষ্ঠীটির পক্ষ থেকে এই হামলা চালানোর কথা নিশ্চিত করা হয়েছে। এদিকে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) বলেছে, ইয়েমেন থেকে ইসরায়েলে উৎক্ষেপণ করা একটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ইসরায়েলের সীমানার বাইরে বিমান প্রতিরক্ষা ব্যবস্থার মাধ্যমে সফলভাবে বাধা দেয়া হয়েছে। সংবাদমাধ্যম টাইমস অব ইসরায়েল বলেছে, এ ঘটনার সময় মধ্য ইসরায়েলে সাইরেন বেজে ওঠে। সংবাদমাধ্যমটি জানিয়েছে, ইন্টারসেপশন থেকে শ্রাপনেল ইসরায়েলের মধ্যে এই ক্ষেপণাস্ত্র পড়েছিল বলে জানা গেছে। তবে এ ঘটনায় তাৎক্ষণিকভাবে হতাহতের কোনো খবর মেলেনি।

রোববার ইসরায়েলি সামরিক বাহিনী জানায়, ইয়েমেন থেকে উৎক্ষেপণ করা একটি ক্ষেপণাস্ত্র ইসরায়েলি ভূখণ্ডে প্রবেশের আগেই আটকে দেয়া হয়েছে। সামরিক বাহিনী এর আগে বলেছিল যে ইয়েমেন থেকে উৎক্ষেপণের পরে মধ্য ইসরায়েলের বেশ কয়েকটি এলাকায় সাইরেন বাজছিল।

প্রসঙ্গত, ২০২৩ সালে গাজা যুদ্ধ শুরু হওয়ার পর থেকে হুতি যোদ্ধারা ফিলিস্তিনিদের প্রতি সংহতি জানিয়ে ধারাবাহিকভাবে ইসরায়েলে ক্ষেপণাস্ত্র এবং ড্রোন নিক্ষেপের মাধ্যমে হামলা করে আসছে।

ছড়িয়ে-ছিটিয়ে

## গাজায় 'জাতিগত নিধন' চলছে, বললেন ইসরায়েলের প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রী



**আপনজন ডেস্ক:** ইসরায়েলের প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রী মোশে ইয়ালন বলেছেন, গাজার উত্তরাঞ্চলে ইসরায়েল 'জাতিগত নিধন' চালাচ্ছে। ইসরায়েলি চ্যানেল ডেমোক্র্যাটটিভিকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এমন কথা বললেন।

মোশে ইয়ালন অধিকৃত পশ্চিম তীর ও গাজায় নেতানিয়াহুর ডানপন্থী সরকারের নীতির সমালোচনা করে বলেন, আমাদের দখলদারিত্ব, সংযুক্তি, জাতিগত নিধনের দিকে টেনে নিয়ে যাওয়া হচ্ছে।

২০১৩-২০১৬ সালে প্রতিরক্ষামন্ত্রীর দায়িত্ব পালন করা ইয়ালন জোর দিয়ে বলেন, গাজায় ইসরায়েলি সেনাবাহিনীর কর্মকাণ্ড 'জাতিগত নিধনের' শামিল।

এ সময় সাক্ষাৎকার গ্রহণকারী আশ্চর্য হয়ে বাধা দিয়ে জিজ্ঞেস করেন, 'আমি কি আপনার কথা ঠিক শুনেছি? গাজার উত্তরাঞ্চলে জাতিগত নিধন- আপনি কি মনে করেন আমরা সেই পথেই আছি?' জবাবে ইয়ালন বলেন, 'কোন পথে? কী ঘটছে সেখানে? বেইত লাহিয়া এখন আর নেই, বেইত হানুন আর নেই, আর এখন তারা (ইসরায়েলি সেনাবাহিনী) জাবালিয়া নিয়ে কাজ করছে। তারা আরবদের এলাকা সাফ করে ফেলেছে।

ফিলিস্তিনি গোষ্ঠী হামাসকে পুনরায় সংগঠিত হওয়া ঠেকাতে গত ৫ অক্টোবর থেকে গাজার উত্তরাঞ্চলে বড় ধরনের স্থল আক্রমণ শুরু করে ইসরায়েল।

ফিলিস্তিনিদের অভিযোগ, ইসরায়েল ওই এলাকা দখল করতে চাইছে এবং সেখানকার বাসিন্দাদের জোরপূর্বক বাস্তুচ্যুত করতে চাইছে। গত বছরের অক্টোবরে ফিলিস্তিনি গোষ্ঠী হামাসের আন্তঃসীমান্ত হামলার পর ইসরায়েলি তাণ্ডবে প্রায় ৪৪,৪০০ মানুষ নিহত এবং ১ লাখ ৫ হাজারেরও বেশি আহত হয়। এরপরও গাজা উপত্যকায় গণহত্যা চলমান রয়েছে।

গাজায় গণহত্যার দ্বিতীয় বছরে ক্রমবর্ধমান আন্তর্জাতিক নিন্দার ঝড় বইছে। জাতিসংঘ থেকে শুরু করে ক্যাথলিক চার্চের প্রধান পোপ ফ্রান্সিসও ইসরায়েলি বর্বরতার নিন্দা করে আসছে।

গাজায় যুদ্ধাপরাধ ও মানবতাবিরোধী অপরাধের দায়ে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ও প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রী ইয়োয়াভ গ্যালান্টের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করে আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি)। গাজায় প্রাণঘাতী যুদ্ধের জন্য আন্তর্জাতিক বিচার আদালতে ইসরায়েলের বিরুদ্ধে গণহত্যার মামলাও রয়েছে।

## বিশ্বজুড়ে বাড়ছে এইচআইভি সংক্রমণ, ঝুঁকিতে তরুণ-তরুণীরা




**আপনজন ডেস্ক:** বিশ্বের বিভিন্ন দেশে বেড়েছে মরণঘ্যাতি রোগ এইডসে আক্রান্ত মানুষের সংখ্যা। এই নতুন আক্রান্তদের মধ্যে বড় একটি অংশ তরুণ-তরুণী। বিষয়টি নিয়ে সম্প্রতি সতর্কতা জারি করেছে জাতিসংঘের শিশু তহবিল ইউনিসেফ। সংস্থাটির মতে, আক্রান্তদের মধ্যে নারী এবং তরুণীদের সংখ্যা বেশি। নতুন করে এই সংক্রমণ বৃদ্ধির জন্য দায়ী এইচআইভি ভাইরাস প্রতিরোধ করতে না পারা এবং পর্যাপ্ত চিকিৎসা সেবার অভাবকে দায়ী করছেন বিশেষজ্ঞরা। শনিবার (৩০ নভেম্বর) এক প্রতিবেদনে ইউনিসেফ বলেছে, ২০২৩ সালে ১৫-১৯ বছর বয়সী ৯৬ হাজার মেয়ে এবং ৪১ হাজার ছেলে নতুন করে এইচআইভিতে আক্রান্ত হয়েছেন। তবে বিশ্বব্যাপী আধুনিক ওষুধ ও চিকিৎসা ব্যবস্থার উদ্ভাবনের ফলে এইডসে আক্রান্ত হলেও মৃত্যুহার অনেক কমে এসেছে। এখন সঠিক সময়ে চিকিৎসা পেলে এইডস আক্রান্ত হলেও দীর্ঘদিন বেঁচে থাকছেন আক্রান্তরা। ইউনিসেফের এইচআইভি/এইডস-এর সহযোগী পরিচালক অনুরিতা বেইনস বলেছেন, 'শিশু এবং কিশোর-কিশোরীরা প্রতিরোধ পরিষেবা এবং এইডস রোগের চিকিৎসা সঠিকভাবে পাচ্ছে না। এইচআইভি আক্রান্ত শিশুদের অগ্রাধিকার দিতে হবে। এই ক্ষেত্রে পর্যাপ্ত বিনিয়োগ এবং সবার জন্য চিকিৎসা সেবা বৃদ্ধি করা প্রয়োজন।' এইচআইভি আক্রান্ত প্রাপ্তবয়স্কদের মধ্যে ৭৭ শতাংশ মানুষ অ্যান্টিরেট্রোভাইরাল থেরাপির পাচ্ছেন। এই থেরাপিকে এইডস রোগের ভালো প্রতিষেধক হিসেবে বিবেচনা করা হয়। তবে ১৪ বছর ও তার কম বয়সী শিশুদের মধ্যে মাত্র ৫৭ শতাংশ এবং ১৫-১৯ বছর বয়সীদের মধ্যে ৬৫ শতাংশ কিশোর-কিশোরী এই ওষুধ পাচ্ছেন। ফলে তাদের নিয়ে শঙ্কা থেকেই যাচ্ছে। ১৪ বছর বা তার কম বয়সী এইচআইভি আক্রান্ত রোগীর সংখ্যা মাত্র তিন শতাংশ হলেও ২০২৩ সালে এইডস-সম্পর্কিত মৃত্যুর ১২ শতাংশই এই বয়সী শিশু।

ইউএনএআইডি'র প্রতিবেদন অনুসারে, ২০২৩ সালে প্রায় এক দশমিক ৩ মিলিয়ন মানুষ এই এইচআইভি আক্রান্ত হয়েছে। ২০৩০ সালের মধ্যে জনস্বাস্থ্যের হুমকি হিসেবে এইডস রোধের জাতিসংঘের যে লক্ষ্য, সেখানে পৌঁছানোর প্রয়োজনীয়তার চেয়ে এই সংখ্যা অন্তত তিনগুণ বেশি। এছাড়া ২০২৩ সালে এইডস-সম্পর্কিত অসুস্থতায় প্রায় ৬ লাখ ৩০ হাজার মানুষ মারা গেছে। যদিও এই সংখ্যা ২০০৪ সালের পর সর্বনিম্ন। অ্যান্টিরেট্রোভাইরাল চিকিৎসার ফলে এই মৃত্যুহার কমছে বলে দাবি করা হয়েছে ওই প্রতিবেদনে। প্রসঙ্গত, সারা বিশ্বে এইচআইভি রোগীর সংখ্যা প্রায় ৪০ মিলিয়ন মানুষ। যাদের মধ্যে প্রায় ৯ দশমিক ৩ মিলিয়ন মানুষই চিকিৎসা সেবার বাইরে রয়েছে।

# আলেপ্পোতে বিদ্রোহীদের ওপর রুশ হামলায় নিহত ৩ শতাধিক



**আপনজন ডেস্ক:** সিরিয়ার দ্বিতীয় বৃহত্তম শহর আলেপ্পোর অর্ধেকের বেশি এলাকার দখলে নেয়া ইসলামপন্থি বিদ্রোহী গোষ্ঠী হায়াত তাহরির আল-শামের যোদ্ধাদের লক্ষ্য করে বিমান ও ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে রাশিয়া। দেশটির বিতর্কিত স্বৈরাচারী প্রেসিডেন্ট বাশার আল-আসাদের সমর্থনে সিরিয়ার এই বিদ্রোহী গোষ্ঠীর বিরুদ্ধে রুশ সামরিক বাহিনীর চালানোর হামলায় ব্যাপক হতাহতের ঘটনা ঘটেছে।

যুক্তরাজ্য-ভিত্তিক পর্যবেক্ষক সংস্থা সিরিয়ান অবজারভেটরি ফর হিউম্যান রাইটস (এসওএইচআর) বলেছে, হায়াত তাহরির আল-শামের বিদ্রোহীরা সিরিয়ার দক্ষিণাঞ্চলের দিকে অগ্রসর হওয়ার সময় রোববার (১ ডিসেম্বর) স্থানীয় সময় ভোরে রাশিয়ার সিরিজ হামলার মুখোমুখি হয়েছে। দেশটির উত্তর-পশ্চিমাঞ্চলীয় শহর ইদলিবে রাশিয়ার সামরিক বাহিনীর হামলায় চারজন নিহত ও ৫০ জন আহত হয়েছেন। এসওএইচআর বলেছে, ইদলিবের পাশাপাশি হামার গ্রামীণ এলাকাতেও রুশ বাহিনী হামলা চালিয়েছে। সিরিয়ার সরকার-বিরোধী হামলায় নেতৃত্ব দেওয়া বিদ্রোহীরা ওই এলাকায় নিয়ন্ত্রণ ফিরে পেয়েছে।

সিরীয় এই পর্যবেক্ষক গোষ্ঠী বলেছে, দেশটিতে গৃহযুদ্ধ শুরু হওয়ার পর প্রথমবারের মতো আলেপ্পোর নিয়ন্ত্রণ হারিয়েছে সিরিয়ার সরকার। গত কয়েক বছরের মধ্যে সিরিয়ায় সরকারি বাহিনীর বিরুদ্ধে বড় ধরনের হামলা শুরু করেছে বিদ্রোহীরা। এই হামলায় তারা আলেপ্পোর পাশাপাশি অন্যান্য এলাকারও নিয়ন্ত্রণ নিয়েছে। হায়াত তাহরির আল-শাম বিদ্রোহী গোষ্ঠীটি একসময় আল-নুসরা ফ্রন্ট নামে পরিচিত ছিল। আলেপ্পোতে সম্প্রতি তাদের বড় ধরনের অগ্রগতি হয়েছে। বিদ্রোহী যোদ্ধা আলী জুমা বলেছেন, আমি আলেপ্পোর সন্তান। ২০১৬ সালে আমাদের বাস্তুচ্যুত করা হয়েছিল। আল্লাহর রহমতে আমরা এখন আবার ফিরে এসেছি। এটি বর্ণনাতীত অনুভূতি।

ওয়াশিংটনে হোয়াইট হাউজের জাতীয় নিরাপত্তা কাউন্সিল (এনএসসি) জানিয়েছে, তারা পরিস্থিতি ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করছে এবং আঞ্চলিক রাজধানীগুলোর সঙ্গে যোগাযোগ বজায় রাখছে।

এনএসসি মুখপাত্র শন সাভেট বলেছেন, সিরিয়া রাজনৈতিক প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে অস্বীকার করে এবং রাশিয়া ও ইরানের ওপর নির্ভর করায় পরিস্থিতি এই পর্যায়ে এসে পৌঁছেছে।

সিরিয়ার সামরিক কমান্ড জানিয়েছে, বিদ্রোহীরা একাধিক দিক থেকে ব্যাপক আক্রমণ চালিয়েছে। এর ফলে সেনাবাহিনী তাদের অবস্থান নতুন করে বিন্যস্ত করতে বাধ্য হয়েছে। আলেপ্পো শহরে বিদ্রোহীদের আক্রমণ প্রতিহত করতে সিরিয়ার বিমান বাহিনী এবং রাশিয়া বিদ্রোহীদের অবস্থানে একাধিক বিমান হামলা চালিয়েছে।


রাশিয়ার পক্ষ থেকে জানানো হয়েছে, এই হামলায় বিদ্রোহীদের অবস্থান, কমান্ড পোস্ট ও অস্ত্রাগার লক্ষ্যবস্তু করা হয়। এতে ৩০০ বিদ্রোহী নিহত হয়েছে বলে দাবি করা হয়েছে।

বিদ্রোহীরা আলেপ্পোর বিমানবন্দরসহ গুরুত্বপূর্ণ এলাকা দখল করেছে। তাদের নিয়ন্ত্রণে এখন ইদলিব প্রদেশের মারাত আল-নুমান শহরও রয়েছে।

সিরিয়ার সিভিল ডিফেন্স জানিয়েছে, বিদ্রোহী নিয়ন্ত্রিত ইদলিবে সিরিয়া ও রাশিয়ার বিমান হামলায় চারজন বেসামরিক নিহত এবং ছয়জন আহত হয়েছে।

এদিকে, রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ এবং তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন। তুরস্ক জানিয়েছে, তারা উত্তেজনা এড়াতে বিদ্রোহীদের কিছু কর্মকাণ্ডে বাধা দিয়েছে।

## ডলার নিয়ে ব্রিকসকে কড়া হুঁশিয়ারি ট্রাম্পের



**আপনজন ডেস্ক:** বিশ্বের বিকাশমান অর্থনীতির জোট ব্রিকসের সদস্য দেশগুলো যদি বৈশ্বিক বাণিজ্যের জন্য নতুন মুদ্রা চালু বা প্রচলিত মুদ্রার বিকল্প ব্যবস্থা গ্রহণ করে, তাহলে যুক্তরাষ্ট্র তাদের ওপর শতভাগ শুল্ক আরোপ করবে বলে হুঁশিয়ারি দিয়েছেন নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।


শনিবার ট্রুথ সোশ্যাল প্ল্যাটফর্মে পোস্ট করা এক বার্তায় ট্রাম্প বলেন, মার্কিন ডলার থেকে ব্রিকস দেশগুলোর দূরে সরে যাওয়ার চেষ্টা আর সহ্য করা হবে না। আমরা চাই, তারা অঙ্গীকার করবে যে, নতুন ব্রিকস মুদ্রা তৈরি করবে না এবং ডলারের বিকল্প কোনো মুদ্রাকে সমর্থন দেবে না। অন্যথায়, তারা শতভাগ শুল্কের সম্মুখীন হবে এবং যুক্তরাষ্ট্রের বাজারে প্রবেশাধিকার হারাবে। ২০১১ সালে ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ আফ্রিকাকে নিয়ে গঠিত হয় ব্রিকস জোট। চলতি বছর ইরান, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ইথিওপিয়া এবং মিশর এর নতুন সদস্য হিসেবে যুক্ত হয়েছে। দক্ষিণ আফ্রিকার পররাষ্ট্রমন্ত্রী নালেদি প্যান্ডর জানিয়েছিলেন, ৩৪টি দেশ এই জোটে যোগদানের আগ্রহ প্রকাশ করেছে। আগ্রহীদের তালিকায় রয়েছে বাংলাদেশও।

ব্রাজিলের প্রেসিডেন্ট লুইজ ইনাসিও লুলা দা সিলভা ২০২৩ সালে ব্রিকসের জন্য একটি সাধারণ মুদ্রা চালুর প্রস্তাব দিয়েছিলেন, যার লক্ষ্য ছিল মার্কিন ডলারের ওপর নির্ভরশীলতা কমানো। ব্রিকস নিজস্ব মুদ্রা ও ডলারের বাইরের ব্যাংকিং নেটওয়ার্ক ব্যবহার করলে রাশিয়া, চীন এবং ইরানের মতো দেশগুলো পশ্চিমা নিষেধাজ্ঞা এড়াতে সক্ষম হবে। তবে জোটের ভিন্ন ভিন্ন অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থানের কারণে খুব শিগগিরই একটি নতুন মুদ্রা প্রচলনের সম্ভাবনা আপাতত কম।

চীন ও রাশিয়ার জন্য ব্রিকস অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ তারা এই জোটকে যুক্তরাষ্ট্রের বৈশ্বিক নেতৃত্বকে চ্যালেঞ্জ করার প্ল্যাটফর্ম হিসেবে দেখছে। বর্তমানে ব্রিকসের চেয়ারম্যানশিপের দায়িত্ব পালন করছে রাশিয়া। গত অক্টোবরে ব্রিকসের শীর্ষ সম্মেলনে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এবং চীনের প্রেসিডেন্ট শি জিনপিং এই বার্তা দেওয়ার চেষ্টা করেন যে, পশ্চিমা দেশগুলো বিশ্বে একা হয়ে পড়েছে এবং 'বৈশ্বিক সংখ্যাগরিষ্ঠ' দেশগুলো তাদের উদ্যোগকে সমর্থন করছে। ট্রাম্পের সাম্প্রতিক অর্থনৈতিক হুমকি এমন সময়ে এলো, যখন তিনি প্রথম দিন থেকেই মেক্সিকো, কানাডা এবং চীন থেকে আমদানি করা পণ্যের ওপর বড় শুল্ক আরোপের ঘোষণা দিয়েছেন। এই পদক্ষেপের কারণ হিসেবে ট্রাম্প অবৈধ অভিবাসন, 'অপরাধ ও মাদক চোরাচালান' বন্ধ করার কথা উল্লেখ করেছেন।

### সেহেরী ও ইফতারের সময়

**সেহেরী শেষ:** ভোর ৪.৩৫মি.
**ইফতার:** সন্ধ্যা ৪.৫৬মি.



### নামাজের সময় সূচি

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৪.৩৫ | ৬.০১ |
| যোহর | ১১.৩১ | |
| আসর | ৩.১৫ | |
| মাগরিব | ৪.৫৬ | |
| এশা | ৬.১১ | |
| তাহাজ্জুদ | ১০.৪৪ | |

## ইসরায়েলের হামলায় আরো ১০০ ফিলিস্তিনি নিহত



**আপনজন ডেস্ক:** দখলদার ইসরায়েলি বাহিনীর বর্বর হামলায় অন্তত আরো ১০০ ফিলিস্তিনি নিহত হয়েছেন। এ নিয়ে উপত্যকাটিতে নিহতের মোট সংখ্যা দাঁড়ালো প্রায় ৪৪ হাজার ৪০০ জনে। রোববার এ তথ্য জানিয়েছে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা। সংবাদমাধ্যমটি বলছে, ইসরায়েলি বাহিনী উত্তর গাজার জাবালিয়া শরণার্থী শিবিরে ভয়াবহ হামলা চালিয়েছে। একক এ বিমান হামলাতেই কমপক্ষে ৪০ ফিলিস্তিনি নিহত হয়েছেন। এর ফলে শনিবার ইসরায়েলের হামলায় নিহতের সংখ্যা কমপক্ষে ১০০ জনে পৌঁছেছে।

## মালয়েশিয়া ও থাইল্যান্ডে ভয়াবহ বন্যা, ১২ জনের মৃত্যু




**আপনজন ডেস্ক:** মালয়েশিয়ার উত্তরাঞ্চল ও থাইল্যান্ডের দক্ষিণাঞ্চলে গত কয়েক দশকের মধ্যে সবচেয়ে ভয়াবহ বন্যায় অন্তত ১২ জনের মৃত্যু হয়েছে। কর্তৃপক্ষ জানিয়েছে, গত তিন দিন ধরে পানি বাড়তে থাকায় হাজার হাজার মানুষকে সরিয়ে নেয়া হয়েছে। সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে, বন্যায় উত্তর মালয়েশিয়ার কেলান্তান রাজ্যে সবচেয়ে বেশি ক্ষয়ক্ষতি হয়েছে। সেখানে ১ লাখ ২২ হাজারেরও বেশি মানুষ গৃহহীন হয়ে পড়েছেন। দক্ষিণ থাইল্যান্ডেও প্রায় ১৩ হাজার মানুষকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেয়া হয়েছে। মালয়েশিয়ার আবহাওয়া বিভাগ জানিয়েছে, দেশটির কিছু অঞ্চলে রোববার পর্যন্ত ভারী বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে।

একইভাবে থাইল্যান্ডের আবহাওয়া বিভাগ জানিয়েছে, আগামী সপ্তাহ পর্যন্ত বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ফলে ক্ষয়ক্ষতির পরিমাণ আরো বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

উভয় দেশে জরুরি সেবার সদস্যরা উদ্ধার কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। আশ্রয়কেন্দ্রে ঠাঁই নেয়া মানুষদের জন্য খাদ্য ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হচ্ছে।

থাইল্যান্ডের সাটেং নক জেলায় একটি বাড়ির ছাদ থেকে এক শিশুকে উদ্ধার করার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। দেশটির দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তারা জানিয়েছেন, প্রায় ৫ লাখ ৩৪ হাজার পরিবার বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে।



## প্রথম নজর

### অপরাজিতা বিলের সমর্থনে ধর্না ও মিছিল



**আমীরুল ইসলাম ● বোলপুর**

**আপনজন:** বীরভূম জেলায় নানুর বিধানসভা কেন্দ্রে কঙ্কালীতলা পঞ্চায়েতে বনডাঙ্গায় অপরাজিতা বিলের সমর্থনে একটি ধর্ণা মঞ্চ সভার আয়োজন করা হয়েছিল। এই ধর্ণা মঞ্চ বিভিন্ন শহর ও ব্লকএ ব্লকে হচ্ছে তৃণমূল কংগ্রেসের। মূল উদ্দেশ্য অপরাজিতা বিলটি ক আইনে পরিণত করা। সারা রাজ্যে তৃণমূল কংগ্রেসের দাবি কেন্দ্রীয় সরকারের অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করার দাবিতে এই ধর্ণা মঞ্চের আয়োজন। কিন্তু আজ এই ধর্না মঞ্চে নানুর ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি সুব্রত ভট্টাচার্য রাষ্ট্রপতিকে কটুক্তি কথা বলেন। যদিও সভাতে উপস্থিত ছিলেন বীরভূম জেলা সভাধিপতি কাজল শেখ। এছাড়াও ছিলেন নানুরে বিধায়ক বিধান চন্দ্র মাঝি, বোলপুর শ্রী নিকেতন পঞ্চায়েত সমিতির সভাপতি সহ অন্যান্য তৃণমূলের কর্মীবৃন্দ।

### কুলগাছিয়ায় সাহিত্য আলোচনা



**লিয়াকত হোসেন ● উলুবেড়িয়া**

**আপনজন:** হাওড়া জেলার কুলগাছিয়ার পীরতলায় প্রত্যয় সাহিত্য পরিষদ কর্তৃক আয়োজিত" সমাজের বিকাশে সাহিত্য সংস্কৃতির অবদান" শীর্ষকএকটি আলোচনা সভা অনুষ্ঠিত হলো রবিবার।

আলোচনার শুরুতে কোরআন পাঠ ও তার ব্যাখ্যা দান করেন, বায়তুস সালাম মসজিদের ইমাম মৌলানা সইদুর রহমান।

আলোচনায় অংশ গ্রহণ করেন, কবি আব্দুর রাজ্জাক, গোলাম কুদ্দুস, আব্দুল হাই মন্ডল, সাবির আলি, হবিবুর রহমান, এবং প্রাক্তন শিক্ষক ও স্থানীয় সাবেক উপপ্রধান জয়নাল আবেদিন। সভায় সভাপতিত্ব করেন প্রত্যয় সাহিত্য পরিষদের সভাপতি তথা পশ্চিম বংগ তালিমি বোর্ডের সম্পাদক আব্দুল মান্নান সাহেব।

সদস্যদের পরামর্শে আব্দুল হাই মন্ডলকে পরিষদের সহঃ সভাপতি নিযুক্ত করা হয়। আগামী জানুয়ারি (২০২৫) চতুর্থ রবিবার রূপনারায়ন নদীর তীরে সাহিত্য সভা অনুষ্ঠিত হওয়ার প্রস্তাব গৃহীত হয়। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রাক্তন শিক্ষক সারাফত আলি সাহেব।

# দলীয় সদস্যদের নিয়ে সিপিএমেরে এরিয়া সম্মেলন হল ধুলিয়ানে




**নিজস্ব প্রতিবেদক ● অরঙ্গাবাদ**

**আপনজন:** দলীয় সদস্যদের নিয়ে তৃতীয় এরিয়া কমিটির সম্মেলনের আয়োজন করলো ভারতের কমিউনিস্ট পার্টি মার্কসবাদী তথা সিপিআইএম। রবিবার সকাল থেকে ধুলিয়ান এরিয়া কমিটির পক্ষ থেকে সামশেরগঞ্জের হাউসনগর হাইমাদ্রাসায় আয়োজিত এই সম্মেলনে উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ জেলা কমিটির সম্পাদক জামির মোল্লা। পাশাপাশি উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ জেলা কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য তথা সামশেরগঞ্জের প্রাক্তন বিধায়ক তোয়াব আলী, ধুলিয়ান এরিয়া কমিটির সম্পাদক মোদাসদার হোসেন, সিটু নেতা মোহাম্মদ আজাদ সহ অন্যান্য নেতৃবৃন্দ। এদিনের এই সম্মেলনে ব্লকের বিভিন্ন প্রান্ত থেকে ২৯৪ জন সদস্য অংশ অংশগ্রহণ করেন। দলের আভ্যন্তরীণ বিভিন্ন বিষয় উপস্থাপনার পাশাপাশি দেশীয় এবং রাজ্য স্তরের সমসাময়িক বিভিন্ন বিষয়ই উঠে আসে ধুলিয়ান এরিয়া কমিটির সম্মেলনে। রঘুনাথগঞ্জে তৃণমূল কর্মীর হাতে আক্রান্ত হয়ে এক ব্যক্তির মৃত্যুতেও কার্যত ক্ষোভ এবং ধিক্কার জানানো হয় সম্মেলন থেকে। মৃত কালু সেখের জন্য দাড়িয়ে সমবেত ভাবে এক মিনিট নিরবতাও পালন করা হয়। আবাস যোজনার দুর্নীতি ইস্যুতে তৃণমূল কংগ্রেসকে আক্রমণ করেন সিপিআইএম নেতৃবৃন্দ।

# হাতিয়াড়ায় প্রমোটারের বাহিনীর হাতে আক্রান্ত জমির মালিক



**নিজস্ব প্রতিবেদক ● কলকাতা**

**আপনজন:** বিধাননগর পৌর নিগমের ১৩ নম্বর ওয়ার্ডের হাতিয়ারা এলাকায় প্রোমোটারের লোকজনের হাতে আক্রান্ত জমির মালিক শামীম আখতার। বাড়ি তৈরির জন্য জমি কিনেছিলেন ৫ কাঠা।

প্রোমোটার জমির মালিকের থেকে অগ্রিম ২৩ লক্ষ টাকা নিয়েছিলেন বলে পুলিশ সূত্রে খবর। কিন্তু জমির রেজিস্ট্রি হওয়ার আগেই সেখানে কাজ শুরু করে প্রোমোটারেরা। তা নিয়ে জমি মালিক চরম আপত্তি জানায়। কাজে বাধা দিতে গেলে জমির মালিক কে বেধড়ক মারধরের অভিযোগ প্রমোটার ও তার বাহিনীর বিরুদ্ধে। মারধরের সেই দৃশ্য সিসি ক্যামেরার ফুটেজেও ধরা পড়েছে। মারধরের ঘটনায় গুরুতর আহত হন জমি মালিক। পরবর্তীতে আহতকে হাসপাতালে ভর্তি করতে হয়।এরপরই ইকো পার্ক থানায় অভিযোগ দায়ের করা হয়। জমির মালিকের অভিযোগ, পুলিশ অভিযুক্তদের বিরুদ্ধে লঘু ধারায় মামলা রুজু করে। তারপরেও তার বাড়িতে আবার চড়াও হয় ২৯ নভেম্বর রাতে সিসিটিভি ক্যামেরা ভেঙে ফেলা হয়। ইকোপার্ক থানায় আবার অভিযোগ দায়ের করা হয় জমির মালিকের পক্ষ থেকে। কিন্তু এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করেনি পুলিশ। পুলিশের দাবি তদন্ত চলছে। এদিকে,বাংলাদেশে হিন্দুদের উপরে আক্রমণ অত্যাচার এবং সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাস গ্রেফতারি তারই প্রতিবাদে বিধাননগর বিজেপি কর্মীদের তরফ থেকে রবিবার সল্টলেক - করুণাময়ী চারমাথা মোড়ে অবস্থান-বিক্ষোভ করা হয়।বিজেপি কর্মীরা রাস্তার ওপরে বসে বিক্ষোভ দেখান এবং বাংলাদেশের প্রেসিডেন্ট মোঃ ইউনূসের ছবি পুড়িয়ে রবিবার প্রতিবাদ দেখাল বিজেপি করুণাময়ীতে।

# বাজারে পরিস্রুত পানীয় জলের ব্যবস্থা না থাকায় সমস্যায় মানুষ

**তানজিমা পারভিন ● হরিশ্চন্দ্রপুর**

**আপনজন:** সামসী নিয়ন্ত্রিত বাজার সমিতির হরিশ্চন্দ্রপুর থানার তুলসীহাটা বীরেন্দ্র কুমার মৈত্র উপ বাজার চত্বরে পরিস্রুত পানীয় জলের ব্যবস্থা নেই। সাব মার্সিবল ও চারটি সাব মার্সিবল পাম্পের ট্যাংক অকেজো হয়ে পড়ে রয়েছে। দোকান থেকে জল কিনে পান করতে বাধ্য হচ্ছেন ব্যবসায়ী ও সাধারণ মানুষ। অপরদিকে জনসাধারণের ব্যবহারের জন্য সৌচালয় গুলো তালা বন্ধ অবস্থায় রয়েছে বলে অভিযোগ। হাটে আসা ব্যবসায়ী ও সাধারন মানুষ চরম সমস্যায় পড়ে। জঙ্গলে শৌচকর্ম করতে হয় তাদের। হাট কর্তৃপক্ষকে একাধিকবার জানিয়েও হয়নি কোনও কাজ বলে অভিযোগ ব্যবসায়ীদের। যদিও মালদহ জেলা রেগুলেটেড মার্কেট কমিটির (RMC) সাব এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার বিমল কৃষ্ণ রায় সেগুলো শীঘ্রই মেরামত করার আশ্বাস দিয়েছেন। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ২০০৯ সালে ১২০ বিঘা জমি নিয়ে তুলসীহাটা বীরেন্দ্র কুমার মৈত্র উপ বাজারটি গড়ে উঠে। সপ্তাহের রবিবার বসে হাট। মালদহের বিভিন্ন প্রান্ত থেকে ব্যবসায়ীরা হাটে ব্যবসা করতে



আসেন। কাপড়,সব্জি,ফল,গরু ও ছাগল কেনা বেচা থেকে শুরু করে মাটির জিনিসপত্র প্রভৃতির হাট বসে। অসংখ্য মানুষ হাটে আসেন। তবে রবিবার বাদেও বাকি দিনগুলোতে বাঁশ ব্যবসায়ীদের কেনাবেচা চলে। আলু ও পেঁয়াজ ব্যবসায়ীরা রবিবার ব্যবসা করার জন্য শুক্রবার সন্ধ্যায় চলে আসে হাটে। ব্যবসায়ী আব্দুল সামাদ ও মহম্মদ শুক্রু রা বলেন,হাটের চার প্রান্তে চারটি সাব মার্সিবলের জলের জন্য ট্যাংক করা হয়েছে। সেগুলো দীর্ঘ বছর ধরে অকেজো হয়ে পড়ে রয়েছে। রবিবার শুধু নলকূপ বসানো হয়। বাকি দিনগুলোতে সেগুলো খুলে রেখে দেয়। রবিবার জলের কিছুটা সমস্যা মিটলেও বাকি দিনগুলোতে চরম সমস্যা হয়। অপরদিকে বীরেন্দ্র কুমার মৈত্র উপ বাজার চত্বরে একটি ও হরিশ্চন্দ্রপুর ১ কৃষক বাজারে একটি পুরুষ ও একটি মহিলাদের জন্য শৌচালয় থাকলেও সেগুলো বন্ধ রয়েছে। জঙ্গলে ঢেকে গিয়েছে।

বাধ্যতামূলক

পুরুষদের পাশাপাশি মহিলাদেরও জঙ্গলে শৌচকর্ম করতে হয়। সেগুলো মেরামতের উদ্যোগ নেই হাট কর্তৃপক্ষের। মালদহ জেলা রেগুলেটেড মার্কেট কমিটির সাব এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার বিমল কৃষ্ণ রায় বলেন,হাটের সমস্যাগুলো উপর মহলে জানানো হয়েছে। অর্ডার পেলেই কাজের টেন্ডার ধরা হবে। তবে শিঘ্রই একটি মটর ঠিক করা হবে। হাটে নাইট গার্ড না থাকার কারণে হাটের জিনিসপত্র চুরি হয়ে যাচ্ছে। নাইট গার্ডের প্রয়োজন আছে। মালদহ জেলা রেগুলেটেড মার্কেট কমিটির সম্পাদক অসিত বর বলেন, সাব মার্সিবলের একটি মটর ঠিক করা হয়েছে।

বাকি শৌচালয় ও সাব মার্সিবলের টেন্ডার ধরা হয়ে গিয়েছে। শিঘ্রই কাজ শুরু করা হবে।

# আলিপুর পিস ফাউন্ডেশনের বার্ষিক অনুষ্ঠানে স্বাস্থ্য শিবির, সেমিনারও

**নাজমুস সাহাদাত ● কালিয়াচক**

**আপনজন:** মালদার কালিয়াচকের আলিপুরে ৭০জন স্নাতকদের দ্বারা পরিচালিত আলিপুর পিস ফাউন্ডেশন এক স্বেচ্ছাসেবী সংগঠনের বার্ষিক অনুষ্ঠান আয়োজিত করা হয়। এদিনের অনুষ্ঠানে শিক্ষামূলক সেমিনার, স্বেচ্ছায় রক্তদান শিবির, বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা, শীত বস্ত্রদান সহ একগুচ্ছ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, আলিপুর পিস ফাউন্ডেশন একটি জনকল্যাণমূলক, শিক্ষামূলক ও সমাজ সেবামূলক অলাভজনক সংগঠন। দীর্ঘ আট বছর অর্থাৎ ২০১৬ সালে কয়েকজন সদস্য নিয়ে প্রথমত "আলিপুর বাইতুল মাল" নাম দিয়ে পথচলা শুরু হয়েছিল। সংগঠন সূচনার প্রাথমিক লগ্নে খুব সামান্য হলেও মানুষের চাহিদা, মানব সমাজের প্রতি দায়বদ্ধতার জাতি-ধর্ম-বর্ণ গোত্র নির্বিশেষে মানবজাতির কল্যাণের জন্য আলিপুর পিস ফাউন্ডেশন সর্বত্র নিয়োজিত থাকে। এই বিষ ফাউন্ডেশন এর উদ্দেশ্য, পরিবর্তন আনা খুব কঠিন কাজ কিন্তু আল্লাহর অসীম দয়ায় আমাদের ক্ষুদ্র প্রচেষ্টায় প্রায় ১০০ জন সদস্য নিয়ে অভাবগ্রস্থ, দুস্থ, অনাথ, বিধবা সবার সাথে থাকার জন্য অঙ্গীকারবদ্ধ। শিক্ষা, স্বাস্থ্য সেবা




জরুরী ত্রাণ অন্যান্য সামাজিক ক্ষেত্রে দাতব্য সহতা প্রদানের জন্যেও নিবেদিত। এছাড়াও অর্থনৈতিক ও সামাজিকভাবে পিছিয়ে থাকা জনসাধারণকে সাহায্য করা, লকডাউনে অভাবগ্রস্তদের বাড়িতে খাবার সরবরাহ করা, দরিদ্র শ্রেণীর মানুষের সুচিকিৎসা, ঔষধ ও অপারেশনে যথা সম্ভব সাহায্য করা। গরিব ফুটপাতে থাকা মানুষের জন্য শীতবস্ত্র বিতরণ, ফ্রি স্বাস্থ্য ও রক্তদান শিবির।

এদিনের অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালিয়াচক কলেজের অধ্যক্ষ ড. নজিবুর রহমান, দেওয়ান আব্দুল গণি কলেজের অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল, প্রাক্তন শিক্ষক আমিনুল ইসলাম, অনুপ্রেরণামুলক বক্তা মুহাম্মদ জার্জিস, বিশিষ্ট শিক্ষক আব্দুল রসিদ, কবি ও লেখক মতিউর রহমান, ফাউন্ডেশনের সভাপতি আসাদুল হোসেন, আশিক ইকবাল প্রমুখ। এছাড়াও আলিপুরসহ পার্শ্ববর্তী এলাকা থেকে কয়েকশত মানুষজন ছিলেন। অতিথিরা কালিয়াচকের শিক্ষা, সংস্কৃতি ও বর্তমান অবস্থা নিয়ে আলোচনা করেন এবং কালিয়াচকের কালো ছায়া দূর করে ভোরের আলো চারিদিকে উদিত হচ্ছে বলে মন্তব্য করেন।

কালিয়াচক কলেজের সাফল্য ও কঠিন কাজকে কিভাবে সফল করা যায় তা সম্পর্কে অবগত করেন কলেজের অধ্যক্ষ ড. নজিবুর রহমান। ফাউন্ডেশনের সম্পাদক ফরিদ আখতার জানান, এদিনের অনুষ্ঠানে স্বেচ্ছায় ৫০ জন রক্তদাতা রক্তদান করেছেন। প্রায় ১২০ জন মানুষকে শীতবস্ত্র বিতরণ করা হয়। বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির, সাংস্কৃতিক অনুষ্ঠানও ছিল।

# বিশ্ব এইডস দিবস উপলক্ষে রক্তদান শিবির শান্তিনিকেতন



**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**

**আপনজন:** ১লা ডিসেম্বর বিশ্ব এইডস দিবস উপলক্ষে বীরভূম জেলা পুলিশের উদ্যোগে এবং শান্তিনিকেতন থানার আয়োজনে "উৎসর্গ"-নামক প্রকল্পের মাধ্যমে বোলপুরের শান্তিনিকেতন থানায় স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়।বোলপুর ব্লাড সেন্টার থেকে আগত ডাক্তার সহ টেকনেসিয়ান দল এদিন শিবিরে ৫০ ইউনিট রক্ত সংগ্রহ করে। সকল রক্তদাতাদের হাতে মেমেন্টো ও গাছের চারা দিয়ে সম্মানিত করা হয় বলে থানা সূত্রে খবর। রক্তদাতাদের উৎসাহ প্রদান উপলক্ষে শিবিরে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ আধিকারিক বোলপুর রানা মুখার্জি, বোলপুর মহকুমা পুলিশ আধিকারিক রিকি আগরওয়াল, বোলপুর সার্কেল ইন্সপেক্টর দীনেশ মন্ডল, বোলপুর আইসি লিটন হালদার, চন্দ্রপুর সার্কেল ইন্সপেক্টর চয়ন ঘোষ,শান্তিনিকেতন থানার ওসি কস্তুরী মুখার্জি চ্যাটার্জী, বীরভূম ভলান্টারি ব্লাড ডোনার্স অ্যাসোসিয়েশনের জেলা সম্পাদক নুরুল হক প্রমুখ। জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর বিশ্ব এইডস দিবসে এইডস বিষয়ক সচেতনতার বার্তা দেয় এদিন ।

## ছড়িয়ে-ছিটিয়ে

### চোরাচালানের প্রচেষ্টা ব্যর্থ করল বিএসএফ





**নিজস্ব প্রতিবেদক ● নদিয়া**

**আপনজন:** বিএসএফ দক্ষিণবঙ্গ সীমান্তের বর্ডার ফাঁড়ি নাটনা, ৫৬ ব্যাটালিয়নের সজাগ সৈন্যরা পশ্চিমবঙ্গের জেলা নদীয়ার আন্তর্জাতিক সীমান্তে সোনা চোরাচালানের চেষ্টাকে ব্যর্থ করে এবং ১১০০ গ্রাম ওজনের ০২ টি সোনার বার বাজেয়াপ্ত করেছে। ৮৯.৭ লাখ চোরাকারবারিরা যখন বাংলাদেশ থেকে ভারতে সীমান্ত বেড়া ছুঁড়ে দিয়ে এসব সোনার বার পাচারের চেষ্টা করছিল। ৩০ নভেম্বর বর্ডার ফাঁড়ি নাটনা, ৫৬ ব্যাটালিয়নের সৈন্যরা সীমান্তের বেড়া দিয়ে বাংলাদেশ থেকে ভারতে সোনা নিক্ষেপের সুনির্দিষ্ট তথ্য পায়। তাই একটি বিশেষ অ্যামবুশ পার্টি বেড়ার সামনে রাখা হয়েছিল। অতর্কিত দল দুটি বাংলাদেশী চোরাকারবারীর গতিবিধি লক্ষ্য করে সীমান্ত বেড়ার দিকে সন্দেহভাজন দুর্বৃত্তরা ভারতীয় ভূখণ্ডের ১০০ মিটার ভিতরে প্রবেশ করলে, অ্যাম্বুশ পার্টি তাদের চ্যালেঞ্জ করে ও তাদের ধরার চেষ্টা করে। কিন্তু দুর্বৃত্তরা বাংলাদেশের দিকে পালিয়ে যায়। পরে তল্লাশি চালিয়ে ০২ টি সোনার বার সম্বলিত একটি মোড়ানো প্যাকেট উদ্ধার করে।

# পোস্ট গ্র্যাজুয়েট টিচার্স সংগঠনের ডেপুটেশন

**দেবাশীষ পাল ● মালদা**

**আপনজন:** সমস্যা থেকে সমাধানে আসায় যখন, স্কুল ও মাদ্রাসার হাজার হাজার ফাইলের স্টেটাস জানতে শিক্ষা ভবনে হন্যে হয়ে ঘুরতে হতো প্রধান শিক্ষক সহ শিক্ষক ও শিক্ষাকর্মীদের। সেই সমস্যা সমাধানের জন্য হাইস্কুল শিক্ষক সংগঠন " অল পোস্ট গ্র্যাজুয়েট টিচার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন" এর মালদা জেলা কমিটির পক্ষ থেকে ডেপুটেশন দেওয়া হয়েছিল অনলাইনে ফাইল ট্রেকিং চালু করার জন্য। সংগঠনকে জেলার বহু সংখ্যক শিক্ষক অভিযোগ জানিয়ে আসছিল ফাইল খুঁজে না পাওয়ার কথা। মালদা ডিআই অফিসে বহু পরিকাঠামোগত সমস্যার মধ্যে এই সমস্যা সমাধান করলো ডিআই বাণীব্রত দাস। পশ্চিমবঙ্গে প্রথম মালদায় এই সিস্টেম শুক্রবার চালু হলো। উদ্বোধন করেন স্কুল শিক্ষা রাষ্ট্রমন্ত্রী সত্যজিৎ বর্মন । মাধ্যমিক বিদ্যালয়


ALL POST GRADUATE TEACHERS' WELFARE ASSOCIATION
DISTRICT COMMITTEE
The District Inspector of Schools (DI),
Secondary Education (SE),
Malda
Shiksha Bhavan,
A C Market Complex,
Malda-712101

পরিদর্শক ছাড়াও উপস্থিত ছিলেন জেলার এসআইরা আরও অনেক আধিকারিক সহ বিশিষ্টজন। এপ্রুভাল, এরিয়ার, পেনশন, হায়ার স্কেলের অনুমোদন, এসিআর সহ বিভিন্ন ধরনের ফাইলের অবস্থান খুব সহজেই দেখতে পাবে স্কুলগুলি। শিক্ষক সংগঠনটির মালদা জেলা সম্পাদক পঙ্কজ রায় বলেন, মালদা ডিআই এর এই উদ্যোগ খুবই প্রশংসনীয়, আরও বাকি সমস্যা নিয়ে আমরা পরবর্তীতে পদক্ষেপ গ্রহণ করবো।"

# সাগরদিঘীতে মনোজ্ঞ সাহিত্য উৎসব

**সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ**

**আপনজন:** করোনার আবহে মুর্শিদাবাদ জেলার সাগরদিঘী ব্লকের কাবিলপুর নামক একটি ছোট্ট গ্রাম থেকে পথ চলা শুরু করে সবুজ বার্তা সাহিত্য পত্রিকা। সবুজ বার্তার সম্পাদক রহমতুল্লাহর আহ্বানে ২০২২ সাল থেকে শুরু হয় সাগরদিঘী সাহিত্য উৎসব। রবিবার তৃতীয় বর্ষ সাগরদিঘী সাহিত্য উৎসব-২০২৪ অনুষ্ঠিত হল সাগরদিঘীর বিডিও অফিসের কমিউনিটি হলে। এদিনের অনুষ্ঠানে সবুজ বার্তা সাহিত্য পত্রিকার চতুর্থ সংখ্যা প্রকাশ করা হয়। বৃক্ষ রোপনের মধ্যে দিয়ে অনুষ্ঠানের সূচনা করেন শ্রীপৎ সিং কলেজের অধ্যক্ষ ড. কমল কৃষ্ণ সরকার সহ উপস্থিত অতিথিরা। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাংবাদিক ও সাহিত্যিক মোহাম্মদ সাদউদ্দিন। এছাড়াও উপস্থিত ছিলেন পত্রিকার সভাপতি তথা বিশিষ্ট শিক্ষক মজিবুর রহমান, অধ্যাপিকা ড. দেবযানী ভৌমিক চক্রবর্তী, সপ্তর্ষি সাহা, যোগেন্দ্রনাথ বিশ্বাস, মসিউর




রহমান প্রমুখ। এদিন বই প্রকাশ ছাড়াও বৃক্ষরোপণ, কবি কণ্ঠে কবিতা পাঠ, গান, আবৃতি, কবি সম্মাননা এবং গুমানী দেওয়ান স্মৃতি সম্মাননা প্রদান করা হয়। আট জন অতিথির হাতে বিশেষ বিভাগে চারণ কবি গুমানি দেওয়ান স্মৃতি সম্মাননা তুলে দেওয়া হয়। শিক্ষা ক্ষেত্রে ড. কমল কৃষ্ণ সরকার, সাহিত্য ক্ষেত্রে মোহাম্মদ সাদউদ্দিন ও আব্দুর রউফ, সাংবাদিকতা ক্ষেত্রে বিমান হাজরা, সমাজসেবা ক্ষেত্রে মাইনুদ্দিন শেখ ও ইফতিকার আলম, শিল্প ক্ষেত্রে অভিনেতা রবীন দত্ত ও শচীন পালের হাতে গুমানী দেওয়ান স্মৃতি সম্মাননা তুলে দেওয়া হয়। সম্পাদক রহমাতুল্লাহ বলেন, 'অনুষ্ঠানে সাগরদিঘীতে সাহিত্যচর্চার জন্য বেশ কয়েকটি দাবি রেখেছি। আশা করি সেগুলো দ্রুত বাস্তবায়ন করা হবে। আমরা আগামীতে আরও বৃহৎ আকারে সাহিত্য উৎসব করার চেষ্টা করবো।'

সব মিলিয়ে রবিবার সারাদিনব্যাপী তৃতীয় বর্ষ সাগরদিঘী সাহিত্য উৎসব জমজমাটভাবে করা হল।

# নানা অবদানের স্বীকৃতিতে বাসভূমি পুরস্কার প্রদান

**নিজস্ব প্রতিবেদক ● বহরমপুর**

**আপনজন:** রবিবার মুর্শিদাবাদ জেলার সদর শহর বহরমপুরে রবীন্দ্র সদন সভাগৃহে প্রতিবছরের মতো এবারও বসেছিল বাসভূমি উৎসব তথা বাসভূমি পুরস্কার প্রদানের আসর। বাসভূমি পত্রিকার সম্পাদক অরূপ চন্দ্র জানান, ২০০৮ সালে শুরু হয়ে প্রতি বছর সুনির্বাচিত জ্ঞানীগুণী পণ্ডিত ব্যক্তি যাঁরা সমাজে শিল্প-সাহিত্য সংস্কৃতি ভাষা কৃষ্টির বিকাশে এবং চর্চায় বিশেষ নিদর্শন রাখছেন তাঁদের মধ্যে থেকেই আজীবন নিরবচ্ছিন্ন কাজের জন্য "সিসিএআই-বাসভূমি জীবনকৃতি পুরস্কার" প্রদান করা হয়; এবং যারা প্রভূত সাহিত্যকর্মের সঙ্গে যুক্ত থেকে সমাজে বিশেষ নিদর্শন সৃষ্টি করছেন তাদের "বাসভূমি সাহিত্য সম্মাননা" প্রদান করা হয়। একই সাথে, লিটল ম্যাগাজিন - যা কিনা সাহিত্যের ধাত্রীভূমি এবং বর্তমানের অসংখ্য স্বনামধন্য সাহিত্যিকের গৌরবের উৎসভূমি, সেই লিটল ম্যাগাজিন ও তার সম্পাদকদের সম্মাননা প্রদান করা হয় "বাসভূমি সেরা বাংলা লিটিল ম্যাগাজিন পুরস্কার" শিরোনামে।"

২০২৪ সালে, বাসভূমি জীবন কৃতি সম্মাননা ও পুরস্কারে যারা নির্বাচিত হয়েছেন তাদের মধ্যে রয়েছেন কবি তৈমুর খান; চিত্রশিল্পী কৃষ্ণজিৎ সেনগুপ্ত, গবেষক প্রকাশ



দাস বিশ্বাস।

বাসভূমি সাহিত্য পুরস্কার তুলে দেওয়া হল সম্প্রীতি এবং লোকসংস্কৃতি নিয়ে নিরন্তর কাজ করে চলা প্রাবন্ধিক সাংবাদিক চন্দ্রপ্রকাশ সরকার, লোকসংস্কৃতি গবেষক ড. গদাধর দেকে। কবি ও অরুণোদয় পত্রিকা সম্পাদক দেবী রাহা মিত্র এবছর বাসভূমি সাহিত্য সম্মাননা পেলেন। যিনি বাসভূমি সম্মাননা তালিকায় এই প্রথম মহিলা প্রাপক।

লিটল ম্যাগাজিনে পুরস্কৃত হয়েছে ঝাড়খণ্ডের ধানবাদের পত্রিকা 'শিল্পে অনন্যা', যার সম্পাদক ড. দীপক কুমার সেন; ভাঙ্গড় দক্ষিণ ২৪ পরগনা থেকে প্রকাশিত পত্রিকা 'উদার আকাশ' সম্পাদক ফারুক আহমেদ; নদীয়া থেকে প্রকাশিত 'বনামি', সম্পাদক দিলীপ মজুমদার এবং পত্রিকা 'অজয়', সম্পাদক তারকেশ্বর চট্টরাজ। বেলা দেড়টায় অনুষ্ঠান শুরু হয় জন্মশতবর্ষে পৌঁছনো ভারত বিখ্যাত সুরকার সলিল চৌধুরীর গান দিয়ে। এই উৎসব মঞ্চে বাসভূমি ৪৫ বর্ষ সংখ্যা প্রকাশিত হয়। এছাড়াও অরূপ চন্দ্র লিখিত মুর্শিদাবাদের "নারী", "ব্রহ্মপুর থেকে বহরমপুর শহরের ইতিকথা" এবং "দ্য থিওরি অফ আর্ট" নামে আরো তিনটি বই প্রকাশিত হয়। বইগুলি প্রকাশ করেন অধ্যাপক মানবেন্দ্রনাথ সাহা, কবি ও আবৃত্তিকার সাবিনা সৈয়দ, কবি তাপস সরখেল, কবি আব্দুস সালাম, সমাজকর্মী ও শিক্ষিকা কাবেরী বিশ্বাস, শিক্ষক ও প্রাবন্ধিক কিশোর কুমার দাস, অধ্যাপক দুলাল কুমার বসু, কবি শম্ভু ভট্টাচার্য, মুর্শিদাবাদ জেলার অত্যন্ত জনপ্রিয় শিল্পী পঞ্চানন চক্রবর্তী, শিল্পী চন্দন দাস ও শিল্পী মিজানুর খান।

অনুষ্ঠান সভাপতিত্ব করেন বর্ষিয়ান প্রাবন্ধিক ও গবেষক দুলাল কুমার বসু, প্রধান অতিথি ছিলেন সিনেমা বিষয়ে গবেষক সাহিত্যিক এবং শ্রাবণ ঠিক মানবেন্দ্রনাথ সাহা। তারা তাদের বক্তব্যে বাসভূমি পুরস্কারের গুরুত্ব এবং বাসভূমি পত্রিকার এই নিরন্তর প্রচেষ্টার প্রশংসা করেন। মুর্শিদাবাদ জেলার বিভিন্ন প্রান্ত থেকে এমনকি বীরভূম ও নদিয়া থেকেও বিভিন্ন মানুষ এসেছিলেন আজকের এই সভায়। কবি মনিরুদ্দিন খান, ইতিহাস গবেষক রমাপ্রসাদ ভাস্কর, কবি সন্দীপ বিশ্বাস, সমাজ ও ইতিহাস গবেষক খাজিম আহমেদ, কবি ও সম্পাদক সমীর ঘোষ, কবি ও প্রাবন্ধিক কৌশিক বড়াল, অধ্যাপক ও প্রাবন্ধিক আবুল হাসনত, ছোট গল্পকার কুনাল কান্তি দে, লোকসংস্কৃতি গবেষক সুশান্ত বিশ্বাস, কবি আনন্দ মার্জিত, শিক্ষিকা ও লেখিকা ওফিলিয়া চন্দ্র দত্ত, কবি ও সম্পাদক গোলাম কাদের, আবৃত্তিকার শ্রীমন্ত ভদ্র, কবি বিপ্লব ভট্টাচার্য, কবি প্রভাত কুমার মন্ডল, কবি কালিপদ হাজরা, কবি গোপাল বসাক, কবি হৈমন্তী বন্দোপাধ্যায় প্রমুখ।

৭৪ বছর বয়সেও এই সাড়ে তিন ঘন্টার অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাসভূমি সম্পাদক অরূপ চন্দ্র নিজেই।

# সিওর সাকসেস একাডেমির সমাবর্তন



**নিজস্ব প্রতিবেদক ● তমলুক**

**আপনজন:** রবিবার পূর্ব মেদিনীপুর জেলার বাজকুল সংলগ্ন পোড়াচিংড়া এলাকায়(আনন্দ কমপ্লেক্স) অবস্থিত সরকার অনুমোদিত সিওর সাকসেস একাডেমিতে অনুষ্ঠিত হয়েছিল বার্ষিক সমাবর্তন অনুষ্ঠান।এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অতিথি অধ্যাপক,সমাজ-মনো বিশ্লেষক এবং লেখকয় জয়দেব বেরা । উপস্থিত ছিলেন একাডেমির কর্ণধার শুভেন্দু জানা, ডাইরেক্টর নন্দিনী জানা ও ডাক্তার উত্তম কুমার সাউ সহ ছাত্র-ছাত্রীরা এবং অভিভাবকগণ।

সাংস্কৃতিক অনুষ্ঠান,ক্যারিয়ার কাউন্সেলিং, পড়াশোনা ও মানসিক সমস্যা জনিত কাউন্সেলিং, সার্টিফিকেট প্রদান সহ অন্যান্য অনুষ্ঠানের মধ্য দিয়ে সমাবর্তন অনুষ্ঠানটি সম্পন্ন হয়েছিল বলে জানা স্কুল কর্তৃপক্ষ ।

## প্রথম নজর

# মহেশতলা এসবিআই ব্যাংকের চুরির ঘটনায় গ্রেফতার ব্যাংকের কর্মী



**নিজস্ব প্রতিবেদক ● মহেশতলা**

**আপনজন:** গত ২৫ নভেম্বর মহেশতলার এসবিআই শাখার লুট ও চুরির কিনারা করল ডায়মন্ড হারবার জেলা পুলিশ। উদ্ধার চুরি যাওয়া সমস্ত টাকা ও এবং গহনা। গ্রেপ্তার ডি গ্রুপ কর্মী ও তার স্ত্রী সহ তিনজন। এসবিআই শাখার সিসিটিভি ফুটেজ পাওয়া না গেলেও, পার্শ্ববর্তী এইচডিএফসি ব্যাংকের সিসিটিভি ফুটেজেই মেলে সাফল্য। সিসিটিভি ফুটেজকে হাতিয়ার করেই তদন্তে নেমেছিল মহেশতলা থানার তদন্তকারী আধিকারিক। ফুটেজে দেখা যায় ওই চতুর্থ শ্রেণীর কর্মী এবং তার স্ত্রীকে। গতকাল ভোররাতেই এদেরকে গ্রেফতার করে মহেশতলা থানার তদন্তকারী আধিকারিক। জানা গিয়েছে উলুবেড়িয়া থেকে উদ্ধার হয় চুরি যাওয়া সমস্ত টাকা এবং গহনা, তবে দম্পতি সহ বাকি একজনকে কোথা থেকে আনা হয়েছে সেটা পুলিশ এখনও জানায়নি। পুলিশ সূত্রে জানা গিয়েছে একটি সাংবাদিক সম্মেলনের মাধ্যমে সমস্ত ঘটনা জানানো হবে। তার আগেই ডায়মন্ড জেলা পুলিশের সুপার রাহুল গোস্বামী সহ অতিরিক্ত পুলিশ সুপার অম্লান কুসুম ঘোষ এবং এসডিপিও কামরুজ্জামান মোল্লা, গ্রেপ্তার হওয়া ওই চতুর্থ শ্রেণীর কর্মীকে সঙ্গে নিয়ে ঘটনার পুনর্নির্মাণ করে কোথা দিয়ে তারা ঢুকেছিল এবং কোথা দিয়ে পালিয়ে গিয়েছিল তা দেখার চেষ্টা করে জেলা পুলিশের জেরায় অভিযুক্ত স্বীকার করেছে বছর দেড়েক আগে প্রাক্তন ব্যাংকের ম্যানেজারের বিশ্বস্ত কর্মী ছিল এই অভিযুক্ত। সেই সুযোগেই সমস্ত চাবিই সে নকল তৈরি করে নেয়। আজ রবিবার হলেও ব্যাংকের সমস্ত কর্মচারীকে ব্যাংকে আসার জন্য ডায়মন্ড হারবার জেলা পুলিশ থেকে তলব করা হয়। তবে চতুর্থ শ্রেণীর ওই কর্মী এখনো এসবিআই এর এই শাখায় কাজ করতো কিনা তা জানা যায়নি।

# পশ্চিম মেদিনীপুরে উচ্চফলনশীল ধান বীজ নতুন দিগন্ত খুলে দিচ্ছে

**নিজস্ব প্রতিবেদক ● মেদিনীপুর**



**আপনজন:** পূর্ব মেদিনীপুরের পর, এবার উচ্চ ফলনশীল ধানচাষে সাফল্য মিলল পশ্চিম মেদিনীপুর জেলায়। বীজ গবেষণা এবং উৎপাদন প্রতিষ্ঠান নুজিভীড়ু সিডস জানিয়েছে, তাদের তৈরি 'ইন্দ্রাণী এন পি সত্তর একষট্টি' নামে উচ্চফলনশীল ধান বীজ এক নতুন দিগন্ত খুলে দিয়েছে। ধান চাষের জন্য এই বীজ ব্যবহৃত হলে উৎপাদনে ঘাটতি মিটবে এবং আগামী দিনে পশ্চিমবঙ্গ তার হারিয়ে যাওয়া ঐতিহ্য ফিরে পাবে।

এই প্রসঙ্গে পশ্চিম মেদিনীপুরের গোপীবল্লভপুর ২, ভান্ডারডিহা গ্রামে এই ধানবীজের উৎপাদনের সাফল্য নিয়ে এক সঙ্গিতানুষ্ঠানের আয়োজন করা হয়। বিখ্যাত লোক সঙ্গীত শিল্পী, অভিজিৎ আচার্য, ধান বীজ ইন্দ্রাণীর ফলন দেখে অভিভূত হন এবং ইন্দ্রাণী নিয়ে নতুন গান গেয়ে শোনান। গানের মাধ্যমে সেখানে জমায়েত চাষীদের এই বীজ দিয়ে চাষ করতে উৎসাহিত করে তোলেন। নতুন এই ধানবীজ বিভিন্ন ধরনের মাটি ও জলবায়ু অনুযায়ী, কৃষকদের সরবরাহ করা হয়। বন্যায় বেশ কয়েকদিন ক্ষেত ডুবে থাকলেও এই গাছের তেমন ক্ষতি হয় না। এই ধরনের ধানগাছের রোগপ্রতিরোধ ক্ষমতা বেশি বলে পোকামাকড়ের আক্রমণে ফসল নষ্ট হওয়ার আশঙ্কাও কম। তাই উচ্চ ফলনের সম্ভাবনাও বেশি। শিসের দৈর্ঘ্য বেশ বড়ো হওয়ায় ধান কাটতেও খুব সুবিধা হয়। তাছাড়া দানাগুলিও বেশ পুরুষ্টু। আশ্চর্যের বিষয়, কাটা পর্যন্ত গাছ পড়ে যায় না। সব গুলি সমান মাপের লম্বা শীষ। একসঙ্গে সব ধান পাকে তাই কাটা সহজ এবং ফসল পাওয়া যায় বেশি। এতটাই সহনশীল বলে হার না মানা ধান বীজের আখ্যা দেওয়া হয়েছে। কর্তৃপক্ষের দৃঢ় বিশ্বাস, 'ইন্দ্রাণী এন পি সত্তর একষট্টি' ধান চাষ করলে কৃষকদের অর্থনৈতিক অবস্থার দ্রুত উন্নতি হবে।

পাশাপাশি দেশের ধান উৎপাদনে সার্বিক বৃদ্ধি অবশ্যম্ভাবী ।

# পেট্রোলিয়াম সংস্থার রন্ধন প্রতিযোগিতা

**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**




**আপনজন:** ইণ্ডিয়ান ওয়েল, ভারত পেট্রোলিয়াম ও হিন্দুস্থান পেট্রোলিয়াম এর উদ্যোগে 'বেসিক সেফটি চেক' কর্মসূচীর অঙ্গ হিসেবে রন্ধন প্রতিযোগিতা অনুষ্ঠিত হল। রবিবার ওন্দায় এই প্রতিযোগিতায় প্রায় ৭০ জন উপস্থিত থাকলেও মূল প্রতিযোগিতায় অংশ নেন ১০ জন মহিলা। সফল প্রথম তিন জন প্রতিযোগীকে বিশেষ পূরস্কার ও অংশগ্রহণকারী প্রত্যেককেই শান্ত্বনা পুরস্কার দেওয়া হয়। এলপিজির ডিষ্ট্রিক্ট নোডাল অফিসার সেলিম পারভেজ এ বিষয়ে বলেন, রন্ধন প্রতিযোগিতার পাশাপাশি 'রান্না ঘরের সূরক্ষা'র বিষয়টিও এদিন আলোচনা হয়েছে। প্রতি পাঁচ বছর অন্তর গ্যাসের পাইপ বদলানো, রান্না ঘর ছেড়ে বেরিয়ে আসার আগে গ্যাস সিলিণ্ডারে নভ অফ্ করা ও গ্যাসের অপচয় রোধ বিষয়েও আলোচনা করা হয়েছে। রন্ধন প্রতিযোগীতায় অংশ নিতে পেরে খুশী সংশ্লিষ্ট প্রতিযোগীরাও। তাঁরা বলেন, শুধু প্রতিযোগীতায় অংশ নেওয়া নয়, এখান থেকে আমরা প্রত্যেকেই অনেক কিছু শিখলাম। এই শিক্ষা তাঁদের প্রাত্যহিক জীবনে কাজে লাগবে বলেই তাঁরা জানান।

# মাফিয়াদের দখল করা জমি ২৪ বছর পর ফেরত পেল মালিক

**দেবাশীষ পাল ● মালদা**



**আপনজন:** অবশেষে জমি মাফিয়াদের দ্বারা বেদখল হওয়া চাষের নিজ জমি দীর্ঘ ২৪ বছর মামলা লড়াইয়ের পর ফিরে পেল কৃষক।

ইংরেজবাজার ব্লকের কোতুয়ালি গ্রাম পঞ্চায়েতের সুলতানপুর এলাকার ঘটনা। জানা যায়, ভিম মন্ডল ১৯৯৬ সালে জমিটি ক্রয় করেন। তারপর থেকেই চাষাবাদ নিয়মিত করছিল জমিতে। হঠাৎ কিছু জমি মাফিয়া তাদের বলে দাবি করে। তারপর থেকেই মামলা শুরু হয়।

অবশেষে ভীম মন্ডল ২০২১ সালে মারা যাওয়ার পর পরিবারের লোকজন জমিতে যাতায়াত করতে না পারায় সেই সুযোগ নিয়ে মন্দিরের নাম ভাঙ্গিয়ে সুনীল রায়, বিজয় রাউত, সনাতন গোস্বামী, বাটুল রাউত, অমিত রাউত সহ বেশ কিছু জমি মাফিয়া তাদের জমি দখল করে নেয় এবং তার প্রতিবাদ করলে তাদের ওপর চড়াও হয়ে প্রাণনাশের হুমকি দেয় বলে অভিযোগ। অবশেষ পৈত্রিক ও স্বামীর জমি ফিরে পেতে প্রয়াত ভীম মন্ডলের ছেলে সমীর মন্ডল ও তার স্ত্রী পুষ্প মন্ডল সিভিল কোর্ট, জর্জকোর্ট ও হাইকোর্টে আদালতে মামলা করে।

আদালত দুই পক্ষের সমস্ত নথিপত্র যাচাই করে অবশেষে প্রয়াত ভীম মন্ডলের পরিবারের পক্ষে রায় দেয় এবং দ্রুত তার নিজ চাষের জমি ঘিরে নেওয়ার অনুমতি দেয় বলে জানান পরিবারের লোকজন। আদালতের রায়ে দীর্ঘ কয়েক বছর পর জমি ফিরে পেয়ে খুশি।

সেইমতো রবিবার তার নিজ জমি ঘিরতে গেলে বাধার সম্মুখীন হতে হয় বলে অভিযোগ। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে দুই পক্ষের উপযুক্ত নথিপত্র নিয়ে থানায় ডাকেন এবং দুই পক্ষের নথিপত্র যাচাই করে সঠিক মালিক যাতে জায়গা বুঝে পাই তার জন্য পুলিশের তরফ থেকে সমস্ত রকম সহযোগিতা করা হবে বলে পুলিশ সূত্রে খবর।

# শিক্ষা বিষয়ে তৃণমূল মাদ্রাসা শিক্ষক সংগঠনের সভা শেহড়দা শিক্ষা কেন্দ্রে

**বাইজিদ মণ্ডল ● উস্থি**




**আপনজন:** পশ্চিম বঙ্গ তৃণমূল মাদ্রাসা টিচার্স অ্যাসোসিয়েশন দক্ষিণ ২৪ পরগনা জেলা সাংগঠনিক এর উদ্যোগে বিভিন্ন সরকারি অনুমোদিত মাদ্রাসা ও মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা ও উন্নয়নের লক্ষ্যে শেহড়দা জামিয়া কোরোনিয়া মাধ্যমিক শিক্ষা কেন্দ্র প্রাঙ্গণে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এদিন পশ্চিম বঙ্গ তৃণমূল মাদ্রাসা টিচার্স অ্যাসোসিয়েশন এর সাধারণ সম্পাদক নুরুল হক এবং এই সংগঠনের মুখ্য উপদেষ্টা মনিরুল ইসলাম তারা জানান, এম এস কে, এস এস কে সহ আরও অন্যান্য বিভিন্ন সরকারি অনুমোদিত মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নয়ন এবং শিক্ষকদের পেশাগত নানান সমস্যার সুষ্ঠ সমাধানের লক্ষ্যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তৃণমূলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আশীর্বাদকে পাথেও করে পশ্চিম বঙ্গ তৃণমূল মাদ্রাসা টিচার্স অ্যাসোসিয়েশন এর দক্ষিণ ২৪ পরগনা জেলা শাখার সাংগঠনিক বিষয়ে এক গুরুত্বপূর্ণ সভার আয়োজন করা হয়। এখানে উপস্থিত ছিলেন শেহড়দা জামিয়া কোরানিয়া মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা তথা মুখ্য উপদেষ্টা পশ্চিম বঙ্গ তৃণমূল মাদ্রাসা টিচার্স অ্যাসোসিয়েশন মনিরুল মোল্লা,দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদের সদস্য সৈয়দ জাহির হোসেন, পশ্চিম বঙ্গ তৃণমূল মাদ্রাসা টিচার্স অ্যাসোসিয়েশন এর সাধারণ সম্পাদক ও আহ্বায়ক নুরুল হক, সপ্তগ্রাম সিনিয়ার মাদ্রাসার সুপারিনটেনডেন্ট ও শিক্ষা রত্ন পুরস্কার প্রাপ্ত আব্দুল কাদের, নেতড়া গ্রাম পঞ্চায়েত প্রধান রহমত সাঁপুই, নুরপুর হাই মাদ্রাসার প্রধান শিক্ষক সম্রাট দাস, রেজাউল ইসলাম,মাস্টার তৌহিদ আহমেদ। এছাড়াও এই আলোচনা সভায় উপস্থিত ছিলেন দক্ষিণ ২৪ পরগনা জেলার সকল সিনিয়ার, জুনিয়ার হাই,এম এস কে, এস এস কে, অনুমোদিত আনএইডেড মাদ্রাসা সমূহের সকল প্রধান শিক্ষক,সুপারিনটেনডেন্ট, সহকারি শিক্ষক,শিক্ষিকা,শিক্ষকর্মী প্রমুখ। এছাড়াও জেলা পরিষদের সদস্য সৈয়দ জাহির,সপ্তগ্রাম সিনিয়ার মাদ্রাসার সুপারিনটেনডেন্ট আব্দুল কাদের, নেতরা গ্রাম পঞ্চায়েত প্রধান রহমত সাপুঁই জেলার শিক্ষক নেতা তৌহিদ আহমেদ ও মাস্টার রেজাউল ইসলাম সকলে এস এস কে এবং এম এস কে অনুমোদিত মাদ্রাসা ও মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা তার উন্নয়নমূলক কর্মকাণ্ডের বিশেষ পর্যালোচনা করেন এই সাংগঠনিক আলোচনা সভা থেকে। পাশাপাশি জানান রাজ্য সরকার সংখ্যালঘুদের শিক্ষা এবং অন্যান্য উন্নয়ন মূলক কাজে এদের পাশে আছে।


# দেড় লক্ষ টাকা আত্মসাৎ করার কিনারা ২৪ ঘণ্টায় করল মঙ্গলকোট পুলিশ

**পারিজাত মোল্লা ● মঙ্গলকোট**



**আপনজন:** নগদ দেড় লক্ষের বেশি টাকা আত্মসাৎ করতে গিয়ে প্রথমে ছিনতাই পরে চুরির গল্প ফেঁদেছিল এক মোটরভ্যান চালক। গল্প টি কে বাস্তব রুপ দিতে নিজেকে রক্তাক্তও করেছিল সে! তবে সত্য কোনদিন চাপা থাকে না।অপরাধ দমনে সিদ্ধহস্ত পুলিশ অফিসার তথা মঙ্গলকোট থানার আইসি মধুসূদন ঘোষের দু দফার জেরা পর্বেই বলে ফেললো সবকিছু। সড়কপথে ঘটনাস্থল বারবার পরিবর্তন করাতে পুলিশের কাছে ধরা খেল 'আনকোরা' মোটরভ্যান চালক। রবিবার পূর্ব বর্ধমান জেলার কাটোয়া মহকুমা আদালতে এসিজেম এজলাসে পেশ করা হয় ধৃত টোটো চালক গৌতম রায় কে।এই মামলার তদন্তকারী পুলিশ অফিসার রয়েছেন মৃদুল ঘোষ। মঙ্গলকোট থানার আইসি মধুসূদন ঘোষ জানিয়েছেন, " ধৃতের পুলিশি হেফাজত হয়েছে।" মঙ্গলকোট থানার বড়সড় সফলতা বলা যায় , ২৪ ঘন্টার মধ্যে ছিনতাই হয়ে যাওয়া ১ লক্ষ ৬০ হাজার টাকা উদ্ধার।গত ২৯ নভেম্বর সন্ধ্যার সময় মঙ্গলকোট থানার অন্তর্গত কৈচর পুলিশ ফাঁড়িতে একটি অভিযোগ আসে যে, কাটোয়া থানার অন্তর্গত এক মোটর ভ্যান চালক, যিনি কাটোয়ার একটি চানাচুর কোম্পানির জিনিসপত্র সরবরাহ করেন এবং সন্ধ্যার দিকে বিভিন্ন দোকানে চানাচুর ডেলিভারি দিয়ে ঐ টাকা আদায় করে কাটোয়ার দিকে ফিরেন।কাটোয়ার চানাচুর কোম্পানির মালিক কে গত ২৯ নভেম্বর রাতের দিকে টোটো চালক গৌতম রায় জানান -"মঙ্গলকোটের শীতল গ্রামের ক্যানেল এর কাছে কিছু ব্যক্তির তাকে আটকে জোরপূর্বক তার কাছে থাকা ব্যবসার আদায়ের ১ লক্ষ ৬৫ হাজার টাকা ছিনিয়ে নিয়ে বাইকে চেপে পালিয়ে যায়"। চানাচুর কোম্পানি মালিক মঙ্গলকোট থানায় লিখিত অভিযোগ জমা দেন পরের দিন। খবর পাওয়া মাত্রই পুলিশ তৎপরতার সাথে তদন্তে নেমে পড়ে। সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে ওই মোটর ভ্যান চালককে জিজ্ঞাসাবাদ করে জানতে পারে ঐ মোটর ভ্যান চালকই লোভে পড়ে হয়ে তার মালিকের টাকা আত্মসাৎ করেছে এবং টাকা নিজের বাড়িতে লুকিয়ে রেখে পুলিশের সামনে প্রথমে ছিনতাই পরে চুরির গল্প শোনায়। মঙ্গলকোট থানার পুলিশ ২৪ ঘন্টার মধ্যে ওই ১ লক্ষ ৬০ হাজার টাকা উদ্ধার করে এবং ওই মোটর ভ্যান চালককে গ্রেফতার করে।

# অভিভাবক সভা বাদুড়িয়ার মিশনে




**নিজস্ব প্রতিবেদক ● বারাসত**

**আপনজন:** উত্তর ২৪ পরগনা বাদুড়িয়ার অন্তর্গত কাটিয়াহাট আল হেরা অ্যাকাডেমি মিশনে অনুষ্ঠিত হয় অভিভাবক সভা ও পত্রিকা প্রকাশ। উপস্থিত ছিলেন কাটিয়াহাট আল হেরা মিশনের ডাইরেক্টর ও সিরাতের রাজ্য সম্পাদক শিক্ষক আবু সিদ্দিক খান, বোর্ড অফ ট্রাস্টির সদস্যা হাফেজ আবু বকর সরদার,

সাবেক প্রধান শিক্ষক মোজাফফর রহমান, মিশনের টিচার ইনচার্জ আইয়ুব আলি, হোস্টেল সুপার রায়হান হোসেন, বোর্ড অফ ম্যানেজমেন্টের সিরাজুল বিশ্বাস, তরিকুল ইসলাম, আশিক হোসেন মন্ডল, ইমরান মুফতি প্রমুখ। এদিন কুরআন তেলওয়াতের মাধ্যমে সভা শুরু হয়।

মিশনের ডাইরেক্টর আবু সিদ্দিক খান বলেন, সচেতন অভিভাবক অভিভাবিকা হল প্রতিষ্ঠানের মূল স্তম্ভ। অভিভাবকদের সহযোগিতা থাকলে যে কোন প্রতিষ্ঠান এগিয়ে যেতে বাধ্য। একটা সুন্দর ম্যানেজমেন্ট, ছাত্র ছাত্রী ও অভিভাবক এর সম্মিলিত প্রচেষ্টায় প্রতিষ্ঠান সুন্দর হয়। নাম ও সুখ্যাতি প্রচার-প্রসার বাড়ে। আমরা সিদ্ধান্ত নিয়েছি এবার ১৭ ই জানুয়ারি প্রতিষ্ঠা দিবস উদযাপন হবে সাড়ম্বরে।

# অপরাজিতা বিলের সমর্থনে বীরশিবপুর মহিলা তৃণমূলের ধর্না




**সুরজীৎ আদক ● উলুবেড়িয়া**

**আপনজন:** রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে ও রাজ্যের পূর্ত,জনস্বাস্থ্য ও কারিগরি মন্ত্রী পুলক রায়ের ব্যবস্থাপনায় এবং উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্র মহিলা তৃণমূল কংগ্রেসের আয়োজনে রাজ্য বিধানসভায় পাশ হওয়া মহিলা ও শিশু সুরক্ষা সংক্রান্ত "অপরাজিতা" বিলটিকে আইনে পরিণত করতে কেন্দ্রীয় সরকারকে অবিলম্বে পদক্ষেপ করার দাবিতে রবিবার ধর্ণা ও অবস্থান বিক্ষোভ কর্মসূচি সংগঠিত হল বীরশিবপুর চৌরাস্তা মোড়ে।এদিনের এই কর্মসূচি থেকে "অপরাজিতা" বিলটিকে দ্রুত কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপের জোরালো দাবি জানান হাওড়া গ্রামীণ জেলার মহিলা তৃণমূল কংগ্রেসের সহ:সভানেত্রী ঋতুপর্ণা কর ও উলবেড়িয়া দক্ষিণ কেন্দ্রের মহিলা তৃণমূল কংগ্রেসের সভানেত্রী কবিতা মণ্ডল। প্রসঙ্গত শনিবার এই বিলের সমর্থনে বিভিন্ন ব্লকের পাশাপাশি উলুবেড়িয়ার চণ্ডীপুরে এক বিরাট প্রতিবাদ মিছিল বের হয়।রবিবারের এই কর্মসূচি থেকে মঞ্চ থেকে বিলটির সমর্থনে ডাক্তারদের একত্রিত হয়ে আন্দোলনে নামার আহ্বান জানান উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের সভাপতি দুলাল চন্দ্র কর ও হাওড়া গ্রামীণ জেলার তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি দেবাশীষ বন্দ্যোপাধ্যায়।এদিনের এই কর্মসূচিতে অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহেশপুর অঞ্চল তৃনমুল কংগ্রেসের সভাপতি আজিজুল ইসলাম মোল্লা,তৃণমূল কংগ্রেসের শ্রমিক সংগঠনের নেতা দীপঙ্কর ঘোষ,মহেশপুর গ্রাম পঞ্চায়েত প্রধান পূজা মাখাল,উপ-প্রধান সেখ সাহাবর,উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্রের তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি সেলিম মোল্লা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

# অপরাজিতা বিল নিয়ে মহিলাদের মহামিছিল




**সেখ আব্দুল আজিম ● চন্ডীতলা**

**আপনজন:** চন্ডীতলা ব্লক ওয়ানের অন্তর্গত নবাবপুর গ্রাম পঞ্চায়েতের অধীনে শিব তলায় অপরাজিতা ধরনা মঞ্চে অসংখ্য মহিলাদের ভিড় লক্ষ্য করা যায়। উপস্থিত ছিলেন হুগলি জেলা পরিষদের সদস্যা দেবযানী ব্যানার্জি এছাড়া অন্য নেতা নেতৃবৃন্দ ।প্রসঙ্গত আজকের এই ধরনা মঞ্চে উপস্থিত ছিলেন চন্ডীতলা এক নম্বর ব্লকের টিএম সি সভাপতি সনৎ সানকি। এছাড়া উপস্থিত ছিলেন চন্ডীতলা ব্লক ওয়ানের পঞ্চায়েত সমিতির সভাপতি মলয় খা এছাড়া পঞ্চায়েত সমিতির কর্মদক্ষ সেখ মোশারফ আলী প্রমুখ। উল্লেখ্য উপস্থিত ছিলেন নবাবপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান রিনা সাঁতরা এছাড়া উপপ্রধান জাহাঙ্গীর মল্লিক ও নবাবপুর গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেসের সভাপতি সদস্য আনিসুল নস্করএছাড়াও ওই পঞ্চায়েতের সদস্য সদস্যবৃন্দ। মহিলাদের মিছিল শোভাযাত্রায় নানা প্লাকাট হাতে ছাড়াও নানা স্লোগানে মুখর হয়ে ওঠে এলাকা। চন্ডীতলা ১ নম্বর পঞ্চায়েত সমিতির কর্মদক্ষ সেখ মোশারফ আলী জানালেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশ মত এরূপ অপরাজিতা ধরনা মঞ্চ চলছে চলবে। আগামী কিছুদিনের মধ্যেই স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করার শুধু সময়ের অপেক্ষা।

# স্বেচ্ছাসেবী সংস্থার শীত বস্ত্র বিতরণ




**নিজস্ব প্রতিবেদক ● কুলতলি**

**আপনজন:** দক্ষিণ ২৪ পরগনা জেলার কুলতলী ব্লকের দক্ষিণ গড়ানকাটি অঞ্চলের গড়ানকাটি মা কালী যুব গ্রাম সেবা সমিতির ব্যবস্থাপনায় রবিবার ক্লাব প্রাঙ্গণে প্রবীণ পুরুষ ও মহিলাদের হাতে কম্বল সহ অন্যান্য শীতবস্ত্র সামগ্রী তুলে দেন "গোপাল কর্মকার মেমোরিয়াল সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি" সন্তোষপুরের কর্ণধার অমল কর্মকার। উপস্থিত ছিলেন বিশ্বনাথ চক্রবর্তী, কৌশিক সাহা, গোপী মন্ডল, কনা সাহা, শিলা গুপ্ত, শংকর সরদার প্রমুখ।

# আলোর দিশার রক্তদান শিবির বকুলতলায়



**মিসবাহ উদ্দিন ● বকুলতলা**

**আপনজন:** বকুলতলা প্রাইমারি স্কুলের পার্শ্ববর্তী ময়দানে বকুলতলা আলোর দিশা ওয়েলফেয়ার সোসাইটির পরিচালনায় রক্তদান শিবিরে স্বেচ্ছায় রক্তদান করেছে ৩২২ জন। আলোর দিশার সম্পাদক মুস্তাক মন্ডল জানান, রক্তদান শিবিরের উপস্থিত ছিলেন সোনার তরির চ্যারিটেবল ট্রাস্টের সম্পাদক শ্রীকান্ত বধুক, অভিনেতা জয় ও তুলসীঘাটা সংকল্প ট্রাস্ট এর সম্পাদক সুব্রত কয়াল ও মানবতার সম্পাদক জুলফিকার আলী পিয়াদা, আশরাফুল সরদার প্রমুখ।

## ছড়িয়ে-ছিটিয়ে


# সম্প্রীতির উৎসব ভাঙড় প্রেস ক্লাবে



**নিজস্ব প্রতিবেদক ● ভাঙড়**

**আপনজন:** সাম্প্রদায়িক সম্প্রীতির বার্তা দিয়ে ভাঙড় প্রেস ক্লাবের উদ্যোগে পালিত হল সম্প্রীতি উৎসব। রবিবার ভাঙড় কলেজ মাঠে এই উৎসব পালিত হয়। যেখানে একই মঞ্চে পাশাপাশি ভাঙড়ের সেরা পুজো কমিটি ও ঈদগাহ কমিটিকে পুরষ্কৃত করা হয় সম্প্রীতির বার্তা দেওয়ার জন্য। সমাজ সেবায় ব্রতী এমন দশটি ক্লাব ও এলাকার মেধাবী ছাত্র ছাত্রীদের সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লা।উপস্থিত ছিলেন ভাঙড়ের ডেপুটি কমিশনার সৈকত ঘোষ, নদীয়ার ডিএমডিসি সৌগত পাত্র, ভাঙড় ২ ব্লকের বিডিও এবং ভাঙড়ের পাঁচটি থানার ওসি এবং এলাকার গুনীজনেরা। সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি রক্তদান শিবির, কম্বল বিতরণ, বসে আঁকো প্রতিযোগিতা, স্বাস্থ্য শিবির, চক্ষু পরীক্ষা শিবির এবং বাৎসরিক পত্রিকা 'উত্তরণ' প্রকাশিত হয়। সকাল থেকে রাত পর্যন্ত চলে এই অনুষ্ঠান। ভাঙড়ের বাইরেও অন্যান্য জায়গায় কর্মরত সাংবাদিকরা অনুষ্ঠানে অংশগ্রহন করেন। আগামীদিনে ভাঙড় প্রেস ক্লাব আরও কিছু সামাজিক কর্মকান্ড করবে এদিনের অনুষ্ঠান থেকে সেই বার্তা দেওয়া হয়।

# শান্তিনিকেতনে নন্দন মেলা



**আমীরুল ইসলাম ● বোলপুর**

**আপনজন:** ২০২৪ ১লা ডিসেম্বর প্রতি বছরের ন্যায় এবারেও বিশ্বভারতীতে নন্দন মেলা শুরু হল। এই মেলা এবারে ৫১ বছরের পা দিল। এই মেলাকে ঘিরে বিশ্বভারতী ছাত্র-ছাত্রী প্রাক্তনী সকলে আনন্দে মেতে উঠেছে। এই নন্দন মেলায় ছাত্র-ছাত্রীরা বেশিরভাগ অংশগ্রহণ করেন। কারণ ছাত্র-ছাত্রীদের নিজেদের মতো করে সাজিয়ে তোলে এই মেলাকে বাইরে কোন দোকান বা স্টল এখানে বসতে দেওয়া হয় না।বিশ্বভারতীর ছাত্র-ছাত্রীদের নিজস্ব দোকান তৈরি করে এবং নিজেরাই নিজেদের তৈরি জিনিস বিক্রি করে।

# শিক্ষা সেমিনার ফুরফুরার স্কুলে



**নিজস্ব প্রতিবেদক ● হুগলি**

**আপনজন:** হুগলি জেলার ফুরফুরা শিশু বিকাশ মিশনে অনুষ্ঠিত হল আধুনিক শিক্ষা নিয়ে ভাবনা শীর্ষক আলোচনা সভা ও সম্মাননা জ্ঞাপন। এই উপলক্ষে গৃহ শিক্ষকদের সম্মানিত করা,মিশনের বার্ষিক দেয়াল পত্রিকা শিশুসাথী প্রকাশ, বার্ষিক জার্নাল কচিপাতা প্রকাশ হল , এছাড়াও আধুনিক শিক্ষা নিয়ে বিশেষ সেমিনার অনুষ্ঠিত হল মিশন প্রাঙ্গণে। এই মহতী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিদ্দিকিয়া হাই মাদ্রাসার ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শেখ মোঃ বাকিবিল্লাহ সাহেব, দক্ষিণডিহি হাই স্কুল এর সহকারী শিক্ষক কাজী মোঃ সাজেদ ও মিহির ঘোষ, শিশু বিকাশ মিশনের সম্পাদক মহ, ইলিয়াস। এছাড়া ও প্রায় ৫০ জন গৃহ শিক্ষক-শিক্ষিকা ও সমাজের বিশিষ্টজনেরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মিশনের সম্পাদক মহ, ইলিয়াস শিশু বিকাশ মিশন এর পক্ষ থেকে সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

# ১০ জন নিয়েও কোপা লিবার্তাদোরেসে চ্যাম্পিয়ন বোতোফোগো



**আপনজন ডেস্ক:** বোতোফোগোর চ্যাম্পিয়ন হওয়াকে অবিশ্বাস্য বললেও যেন কম বলা হয়। প্রথমবারের মতো কোপা লিবার্তাদোরেসের ফাইনালে খেলতে নেমেই যে ধাক্কা খেয়েছিল তারা। দক্ষিণ আমেরিকা মহাদেশের শীর্ষ টুর্নামেন্টের ফাইনাল শুরু হতে না হতেই যে ১০ জনের দলে পরিণত হয় ব্রাজিলিয়ান ক্লাবটি।
সেটিও মাত্র ২ মিনিটের মাথায়। হয়তো ম্যাচ দেখতে আসা অনেক দর্শকও তখন নিজেদের আসনে বসতে পারেননি। এমন সময়ই আবার প্রথমবার ফাইনাল খেলতে নামা দলটির মিডফিল্ডার গ্রেগরি লাল কার্ড দেখেন। হাই কিক নিতে গিয়ে ব্রাজিলের আরেক ক্লাব আতলেতিকো মিনেইরোর মিডফিল্ডার ফাউস্তো ভেরার মাথায় আঘাত করে বসেন তিনি। এতে সঙ্গ সঙ্গে লাল কার্ড দেখান রেফারি। অন্যদিকে তখন ভেরার মাথা দিয়ে রক্ত ঝড়তে থাকে।
শুরুতেই হাসি বন্ধ হয়ে গেলেও ঠিকই শেষে হেসেছে বোতাফোগো। অল ব্রাজিলিয়ান ফাইনালে প্রতিপক্ষকে পরে ৩-১ গোলে হারিয়েছে তারা। এমন মাহেন্দ্রক্ষণ এনে দেওয়ার তিন কারিগরই ব্রাজিলিয়ান। বোতোফোগোর হয়ে গোল তিনটি করেছেন লুইস এনরিকে, অ্যালেক্স টেলেস ও বদলি নামা জুনিয়র সান্তোস। প্রতিপক্ষের হয়ে ব্যবধান কমান বদলি নামা চিলির ফরোয়ার্ড এদুয়ার্দো ভারগাস।
একজন খেলোয়াড় কম থাকার সুবিধা নিয়ে পুরো মাঠে মিনেইরো দাপট দেখালেও গোলবলের খেলায় যা দরকার সেই গোলটিই পাচ্ছিল না। উল্টো মাত্র ২০ শতাংশ বল পজিশন পাওয়া বোতোফোগো ৩৫ মিনিটে এগিয়ে যায়। বক্সের মধ্যে থেকে জোরালো শটে দলকে আনন্দে ভাসান এনরিকে।
সেই আনন্দের রেশ শেষ হতে না হতেই ব্যবধান দ্বিগুণ করেন ডিফেন্ডার টেলেস। ৪৪ মিনিটে সফল স্পটকিক নেন তিনি। ৪১ মিনিটে বক্সের মধ্যে মিনেইরোর খেলোয়াড় ফাউল করলে ভিএআরে পেনাল্টি পায় বোতোফোগো।
বিরতির পরেই অবশ্য ব্যবধান কমায় মিনেইরো। ৪৭ মিনিটে ব্রাজিলিয়ান ফরোয়ার্ড হাল্কের পাস থেকে ভারগাস যে ব্যবধান কমান সেটাই মিনেইরোর প্রথম ও শেষ গোল। শেষ দিকে উল্টো ম্যাচের যোগ করা সময়ের ৭ মিনিটে মিনেইরোর জালে শেষ পেরেক মারেন সান্তোস। এতে করে ১২০ বছরের ইতিহাসে প্রথমবার কোনো মহাদেশীয় শ্রেষ্ঠত্বের শিরোপা মাতে বোতোফোগো। অন্যদিকে দারুণ সুযোগ পেয়েও ২০১৩ সালের চ্যাম্পিয়নদের রানার্সআপে সন্তুষ্ট থাকতে হয়েছে।

# দ্রুততম রান তাড়ার রেকর্ড ইংল্যান্ডের



**আপনজন ডেস্ক:** ক্রাইস্টচার্চে তৃতীয় দিন শেষেই জয়ের কাছাকাছি ছিল ইংল্যান্ড। চতুর্থ দিনে বলা যায় দলটি আনুষ্ঠানিকতা সেরেছে।
৪ রানের লিড নিয়ে দিন শুরু করা নিউজিল্যান্ড স্কোরবোর্ডে শেষ ৪ উইকেটে আর ৯৯ রান যোগ করতে পেরেছে। তাতে ইংল্যান্ডের লক্ষ্য দাঁড়ায় ১০৪, যা ১২.৪ ওভারে ২ উইকেট হারিয়েই ছুঁয়ে ফেলে বেন স্টোকসের দল। ১০০ এর চেয়ে বেশি রান তাড়ায় যা টেস্ট ইতিহাসে দ্রুততম।
ইংল্যান্ডের অভিষিক্ত ব্যাটসম্যান জ্যাকব বেথেল ফিফটি করেছেন ৩৭ বলে। জো রুট করেছেন ১৫ বলে ২৩। দুজনেই ছিলেন অপরাজিত। এ ছাড়া বেন ডাকেটের ব্যাট থেকে এসেছে ১৮ বলে ২৭ রান।
তবে নিউজিল্যান্ডকে হারাতে সবচেয়ে বড় ভূমিকা রেখেছেন পেসার ব্রাইডন কার্স। দ্বিতীয় ইনিংসে উইকেট নিয়েছেন ৬টি, প্রথম ইনিংসে ৪টি। ১০ উইকেট নিয়ে তিনিই হয়েছেন ম্যাচসেরা। গত ১৬ বছরে ইংল্যান্ডের কোনো পেসারের দেশের বাইরে ১০ উইকেট পাওয়ার ঘটনা এটাই প্রথম।
৬ উইকেটে ১৫৫ রান নিয়ে ব্যাটিং করতে নামা নিউজিল্যান্ড দলীয় ১৯০ রানে হারায় নাথান স্মিথকে। এরপর ২০৯ রান পর্যন্ত যেতে আউট হন ম্যাট হেনরি ও টিম সাউদি।
দশম উইকেট জুটিতে ও'রুর্ককে নিয়ে ৪৫ রানের জুটি গড়েন ড্যারিল মিচেল। শেষ ব্যাটসম্যান হিসেবে মিচেল ৮৪ রানে আউট হলে নিউজিল্যান্ড থামে ২৫৪ রানে। আজ নিউজিল্যান্ডের করা ৯৯ রানের ৫৩ রানই এসেছে মিচেলের ব্যাট থেকে।
জয়ের ভিত্তি মূলত ইংল্যান্ড পায় প্রথম ইনিংসের বড় লিডেই। প্রথম ইনিংসে নিউজিল্যান্ডকে ৩৪৮ রানে অলআউট করে ইংল্যান্ড তোলে ৪৯৯ রান। ১৭১ রানের ইনিংস খেলেন হ্যারি ব্রুক। এই ইনিংসে নিউজিল্যান্ডের ফিল্ডারদের অবদানও কম ছিল না। ব্রুক একাই জীবন পেয়েছেন ৫ বার। এমন ফিল্ডিংয়েই ক্রাইস্টচার্চে পিছিয়ে পড়েছে নিউজিল্যান্ড। এই জয়ে ৩ ম্যাচের টেস্ট সিরিজে ১-০ তে এগিয়ে গেল ইংল্যান্ড।
ইংল্যান্ডের এমন ভালো দিনে চোটের শঙ্কা জেগেছে অধিনায়ক স্টোকসের। আজ বল হাতে দিনের শুরু করেছিলেন ইংল্যান্ড অধিনায়ক। তবে টানা ৫ ওভার বোলিং করতে পারেননি, পঞ্চম ওভারের তৃতীয় বলের পর কোমরে জড়তা অনুভব করায় ঝুঁকি নিয়ে বোলিং করেননি। এই টেস্টে সব মিলিয়ে ১৯.৩ ওভার বোলিং করেছেন স্টোকস, যা ২০২২ সালের ডিসেম্বরের পর সর্বোচ্চ।
সিরিজে এগিয়ে গিয়ে স্টোকস ম্যাচশেষে বলেছেন, 'পুরো সপ্তাহে যেভাবে পারফর্ম করেছি তাতে খুবই খুশি। ৪৫ রানে ৩ উইকেট হারিয়েছিলাম, এরপর পছন্দমতো একটা লিড পাওয়া খুবই ভালো বিষয়। পুরোটা সময় আমাদের বোলাররাও পরিশ্রমী ছিল।'

**সংক্ষিপ্ত স্কোর:**
নিউজিল্যান্ড ৩৪৮ ও ২৫৪ (উইলিয়ামসন ৬১, মিচেল ৮৪; কার্স ৬/৪২, ওকস ৩/৫৯)
ইংল্যান্ড: ইংল্যান্ড: ৪৯৯ ও ১০৪/২( বেথেল ৫০*, রুট ২৩*; হেনরি ১/১২, ও রুর্ক ১/২৭)
ফল: ইংল্যান্ড ৮ উইকেট জয়ী
ম্যাচসেরা: ব্রাইডন কার্স

# আইসিসি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিলেন জয় শাহ



**আপনজন ডেস্ক:** রবিবার আনুষ্ঠানিকভাবে বিসিসিআই চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন জয় শাহ। আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি ২০২৫ নিয়ে বিসিসিআই ও পিসিবি-র টানাপোড়েনের মধ্যেই আইসিসি-র প্রধান হিসেবে জয় শাহের দায়িত্ব গ্রহণ অত্যন্ত তাৎপর্যপূর্ণ। ২০২৩ সালে বিসিসিআই সচিবের পাশাপাশি এশিয়ান ক্রিকেট কাউন্সিলেরও প্রধান হিসেবে ছিলেন জয় শাহ। সেই সময় বিসিসিআই-এর আপত্তির জেরে হাইব্রিড মডেলে এশিয়া কাপ আয়োজন করতে বাধ্য হয়েছিল পিসিবি। এবারও বিসিসিআই স্পষ্ট জানিয়ে দিয়েছে, পাকিস্তানে দল পাঠাবে না। ফলে হাইব্রিড মডেলেই হতে চলেছে আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি ২০২৫। এমনকী, পাকিস্তানে রাজনৈতিক অস্থিরতা বৃদ্ধি পেলে পুরো টুর্নামেন্টই অন্য দেশে সরে যেতে পারে। আইসিসি কী সিদ্ধান্ত নেবে, তা অনেকটাই জয় শাহের উপর নির্ভর করছে।
আইসিসি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নেওয়ার পর জয় শাহ বলেছেন, 'আইসিসি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পাওয়ায় আমি সম্মানিত বোধ করছি। আইসিসি ডিরেক্টররা এবং সদস্য দেশগুলির বোর্ডের প্রতিনিধিরা আমাকে সাহায্য করেছেন, আমার উপর আস্থা রেখেছেন। এর জন্য আমি কৃতজ্ঞ। এই সময়টা ক্রিকেটের জন্য অত্যন্ত আকর্ষণীয়। কারণ, আমরা ২০২৮ সালে লস অ্যাঞ্জেলেস অলিম্পিক্সের জন্য প্রস্তুতি নিচ্ছি। ক্রিকেটকে যাতে আরও ছড়িয়ে দেওয়া যায় এবং বিশ্বজুড়ে ক্রীড়াপ্রেমীদের যাতে ক্রিকেটের সঙ্গে যুক্ত করা যায়, সেই চেষ্টা করছি। আমরা এক গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে দাঁড়িয়ে আছি। একসঙ্গে একাধিক ফর্ম্যাটে ক্রিকেট খেলা চলছে। একইসঙ্গে মহিলাদের ক্রিকেটেরও উন্নতি করা প্রয়োজন। বিশ্বজুড়ে ক্রিকেটের বিপুল সম্ভাবনা রয়েছে। আইসিসি-র সব সদস্য এবং বিভিন্ন দেশের প্রতিনিধিদের সঙ্গে কাজ করার মাধ্যমে এই সুযোগকে কাজে লাগিয়ে ক্রিকেটকে নতুন উচ্চতায় পৌঁছে দিতে চাই।'
দুবাইয়ে আইসিসি বোর্ড মিটিংয়ে চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া সম্ভব হয়নি। এবার জয় শাহ আইসিসি চেয়ারম্যান হওয়ার পর এ বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

# টেন্ডুলকারকে ছাড়িয়ে গেলেন রুট



**আপনজন ডেস্ক:** টেস্ট ক্রিকেটে সবচেয়ে বেশি রান শচীন টেন্ডুলকারের–১৫৯২১। ভারতীয় কিংবদন্তির এই রেকর্ড যদি কেউ ভাঙতে পারেন, সেটা জো রুট হবেন বলে মনে করেন অনেকে। ৩৩ বছর বয়সী রুটের বর্তমান রান ১২৭৭৭। তবে টেস্টে সর্বোচ্চ রানের একটি রেকর্ডে এরই মধ্যে টেন্ডুলকারকে পেছনে ফেলছেন রুট। চতুর্থ ইনিংসে সবচেয়ে বেশি রানের মালিক এখন এই ইংলিশ ব্যাটসম্যান। চতুর্থ ইনিংসে ১৬২৫ রান নিয়ে এত দিন শীর্ষে ছিলেন টেন্ডুলকার। আজ সকালে ক্রাইস্টচার্চ টেস্টে নিউজিল্যান্ডের বিপক্ষে ইংল্যান্ডের ৮ উইকেটে জয়ের ম্যাচে অপরাজিত ২৩ রানের ইনিংস খেলার পথে টেন্ডুলকারকে টপকে গেছেন রুট। তাঁর রান এখন ১৬৩০।
এ দিন রুট শুধু টেন্ডুলকারকেই নন, পেছনে ফেলেছেন দক্ষিণ আফ্রিকার সাবেক অধিনায়ক গ্রায়েম স্মিথ এবং ইংল্যান্ডের সাবেক অধিনায়ক ও রুটের একসময়ের সতীর্থ স্যার অ্যালিস্টার কুককেও। চতুর্থ ইনিংসে স্মিথ–কুক দুজনেরই রান ১৬১১ করে। ১৫৮০ রান নিয়ে এ দুজনের পরেই আছেন ওয়েস্ট ইন্ডিজের শিবনারায়ণ চন্দরপল। চতুর্থ ইনিংসে শীর্ষ পাঁচজন রান সংগ্রাহকের মধ্যে টেন্ডুলকার, স্মিথ, কুক ও চন্দরপল অনেক আগেই অবসর নিয়েছেন। তাই রুটের সামনে রেকর্ডটা অন্যদের নাগালের বাইরে নিয়ে যাওয়ার সুবর্ণ সুযোগ। বাংলাদেশের ব্যাটসম্যানদের মধ্যে চতুর্থ ইনিংসে সবচেয়ে বেশি রান সাকিব আল হাসানের ৮৮০। সাকিবের চেয়ে মাত্র ১ রানে পিছিয়ে মুশফিকুর রহিম। সাকিব আর কখনো বাংলাদেশের হয়ে খেলতে পারবেন কি না, সংশয় আছে। তাই মুশফিক অচিরেই সাকিবকে টপকে যেতে পারেন।
ক্রাইস্টচার্চ টেস্ট ছিল রুটের ক্যারিয়ারের ১৫০তম। কিন্তু মাইলফলক ছোঁয়া টেস্টের শুরুটা ভালো হয়নি তাঁর। প্রথম ইনিংসে নিউজিল্যান্ডের অভিষিক্ত পেসার নাথান স্মিথের বলে আউট হন ০ রানে। তবে দ্বিতীয়বার ব্যাটিংয়ে নেমে দলকে জয়ের বন্দরে পৌঁছে তো দিয়েছেনই, টেন্ডুলকারের দীর্ঘদিনের রেকর্ডটা নিজের করে নিয়েছেন। তা–ও আবার দ্রুতই। টেন্ডুলকার চতুর্থ ইনিংসে ১৬২৫ রান করেছেন ৬০ ইনিংসে, রুট ১৬৩০ রান করেছেন ১১ ইনিংস কম খেলে–৪৯ ইনিংসে। তবে ব্যাটিং গড়ের হিসাব করলে শীর্ষ পাঁচজন রানসংগ্রাহকদের মধ্যে রুট এখনো পিছিয়ে। এ ক্ষেত্রে এগিয়ে গ্রায়েম স্মিথ। ২০১৪ সালে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় বলা স্মিথের চতুর্থ ইনিংসে ব্যাটিং গড় ৫১.৯৬। দল জিতেছে–এমন টেস্টগুলোর চতুর্থ ইনিংসেও স্মিথের রানই সবচেয়ে বেশি; ১১৪১। দলের জয় নিয়ে মাঠ ছাড়ার ম্যাচে কমপক্ষে ১০০০ রান স্মিথ ছাড়া আর কারও নেই। এই তালিকায় রুট শীর্ষ দশেও নেই। ইংল্যান্ডের জেতা ম্যাচের শেষ ইনিংসে রুটের রান এখন পর্যন্ত ৬২৫, গড় ১০৪.১৬। জেতা ম্যাচের গড়ের দিক থেকে সবার ওপরে উইলিয়ামসন–১৭০.৫০, রান সংখ্যা ৬৮২। স্মিথ আরেকটি জায়গায় ব্যতিক্রম। চতুর্থ ইনিংসে শীর্ষ পাঁচ রানসংগ্রাহকদের মধ্যে চারজন শুধু দেশের হয়ে খেলেছেন।

# এবারই শেষ আইপিএল খেলতে পারেন যে তিন ক্রিকেটার





**আপনজন ডেস্ক:** মেগা নিলাম শেষ, ফ্যাঞ্চাইজিগুলো দল গুছিয়ে ফেলেছে। ঋষভ পন্তের রেকর্ড ভাঙা দাম, বোলারদের দাপটসহ নিলামের আগে-পরে যেসব বিষয় নিয়ে বেশি আলোচনা হয়েছে, তার মধ্যে আছে আনক্যাপড খেলোয়াড় হিসেবে চেন্নাই সুপার কিংসের মহেন্দ্র সিং ধোনিকে ধরে রাখার বিষয়টি।
এখন আলোচনা ধোনিসহ আরও দুজনের আইপিএল ক্যারিয়ার নিয়ে। এবার আইপিএল খেলা হবে না হয়তো আরও অনেকেরই। তবে তিনজন ক্রিকেটার আছেন, যাঁদের আইপিএল ক্যারিয়ার এবার শেষ হতে চলেছে, এটা প্রায় নিশ্চিত।

**মহেন্দ্র সিং ধোনি, ভারত**
আগের মৌসুমেও উঠেছিল প্রশ্নটি–এটাই কি শেষ আইপিএল ভারতের সাবেক উইকেটকিপার–ব্যাটসম্যানের! সিদ্ধান্তটি একান্তই তাঁর। এবারও যেমন ৪ কোটি রুপিতে আনক্যাপড খেলোয়াড় হিসেবে তাঁকে ধরে রেখেছে চেন্নাই। তিনিও আরেকটি মৌসুম খেলার সিদ্ধান্ত নিয়েছেন। তবে বয়স হয়ে গেছে ৪৩ বছর।
এ কারণেই অনেকে মনে করছেন আইপিএলের আগামী মৌসুমটা খেলে ধোনি তাঁর দল চেন্নাই ও নিজের ভক্তদের বিদায় বলে দিতে পারেন। ধোনি যখনই অবসর নিন, তাঁর অবসর বিশ্বজোড়া ক্রিকেটপ্রেমীদের আগ্রহের কেন্দ্রেই থাকবে। কারণ, ধোনির অবসরে যে ক্রিকেটেও একটি যুগের অবসান হবে।

**ফাফ ডু প্লেসি, দক্ষিণ আফ্রিকা**
দক্ষিণ আফ্রিকার সাবেক অধিনায়ককে তাঁর ফ্র্যাঞ্চাইজি রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু ধরে রাখেনি। তবে নিলামে তিনি নাম দিয়েছেন এবং তাঁকে কিনে নিয়েছে দিল্লি ক্যাপিটালস। ডু প্লেসিকে দিল্লি কিনলেও তাঁর একাদশে নিয়মিত সুযোগ পাওয়াটা অনিশ্চিতই। সব মিলিয়ে ৪০ বছর বয়সী ডু প্লেসিও আইপিএলকে আগামী মৌসুমের পরই বিদায় বলে দিতে পারেন বলে ধারণা অনেকের।

**মঈন আলী, ইংল্যান্ড**
আইপিএলের অন্যতম সফল এক স্পিনার ইংল্যান্ডের অলরাউন্ডার। বছরের পর বছর ধরে নিজের অভিজ্ঞতার ঝলক তিনি আইপিএলে দেখিয়েছেন। আইপিএলে ৬৭ ম্যাচ খেলে ৩৫ উইকেট নেওয়া মঈন আলীর সাম্প্রতিক পারফরম্যান্স খুব একটা ভালো নয়।
এটাই টুর্নামেন্টটিতে তাঁর ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন তুলে দিয়েছে। এমনকি তিনি যদি আইপিএল ক্যারিয়ারটা চালিয়ে যেতে চানও, আসছে মৌসুমে অসাধারণ কিছু করেই ফ্র্যাঞ্চাইজিগুলোর মন জয় করতে হবে।

# বিশ্বকাপ আয়োজক হিসেবে সর্বোচ্চ নম্বর পেল সৌদি আরব



**আপনজন ডেস্ক:** ২০৩৪ বিশ্বকাপ আয়োজনে একমাত্র বিডার ছিল সৌদি আরব। তাই আনুষ্ঠানিক ঘোষণা না এলেও তারাই যে বিশ্বকাপ আয়োজন করবে, সেটা নিশ্চিত। গতকাল সৌদি আরবের বিশ্বকাপ আয়োজনের প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করেছে ফিফা।
মানবাধিকার ইস্যুর কারণে সৌদি আরব নিয়ে অনেকের আপত্তি থাকার পরও তাদেরকে ৫–এর মধ্যে ৪.২ দিয়েছে ফিফা, যা ইতিহাসে সর্বোচ্চ।
ফিফা জানিয়েছে, ২০৩৪ বিশ্বকাপে মানবাধিকারের ঝুঁকি 'মধ্যম'। ফুটবলের এই নিয়ন্ত্রক সংস্থার দাবি, সংস্কারের জন্য এটি নিয়ামক হিসেবে কাজ করতে পারে। যেসব সংগঠন সৌদি আরবের বিশ্বকাপ আয়োজন নিয়ে আপত্তি তুলেছিল, তারা ফিফার এমন মূল্যায়নকে তিরস্কার করেছে।
তেলসমৃদ্ধ দেশটির বিশ্বকাপ আয়োজনে এখন অবকাঠামোই প্রধান চ্যালেঞ্জ। বিশ্বকাপে খেলা হবে ২৩টি স্টেডিয়ামে। এর মধ্যে একটি নির্মাণের অপেক্ষায় কিং সালমান স্টেডিয়াম, যার দর্শক ধারণক্ষমতা হবে ৯২ হাজার। এখানেই হবে বিশ্বকাপের উদ্বোধনী ও ফাইনাল ম্যাচ। এই স্টেডিয়ামের কাজ শেষ হওয়ার কথা ২০৩২ সালে। এ ছাড়া ২০২৭ এশিয়ান কাপকে সামনে রেখে আরও ৩টি স্টেডিয়ামের কাজ শেষ হওয়ার কথা আছে।
যদিও ফিফা দাবি করেছে, অবকাঠামোগত কাজ চলমান হলেও সৌদির প্রস্তাবে টেকসই অবকাঠামো নির্মাণের প্রতিশ্রুতি আছে। পাশাপাশি পরিবেশগত সুরক্ষার বিষয়েও ঝুঁকি কম। তবে গ্রীষ্মের তাপমাত্রা ৪০ ডিগ্রি ছাড়িয়ে যেতে পারে উল্লেখ করে খেলার সময় নিয়ে উচ্চ ঝুঁকির কথা স্বীকার করেছে ফিফা। সে কারণে সম্ভাব্য কোনো সূচি এখনো ঠিক করা হয়নি। বিশ্বকাপ আবহাওয়ার কারণে শীতের সময়ে হতে পারে। এ ঘটনা ঘটেছিল সর্বশেষ কাতার বিশ্বকাপেও। বিশ্বকাপের জন্য সেরা সময় বেছে নিতে সৌদি আরবের সঙ্গে ফিফা কাজ করবে বলে প্রতিবেদনে জানানো হয়েছে।
২০৩০ বিশ্বকাপ হবে তিনটি মহাদেশে।
এই বিশ্বকাপ আয়োজনের জন্য ন্যূনতম যে প্রয়োজনীয়তা, তা আয়োজক দেশগুলো পূরণ করলেও, পরিবেশের ওপর নেতিবাচক প্রভাব ফেলবে, জানিয়েছে ফিফা। ২০৩০ বিশ্বকাপে আয়োজক থাকবে স্পেন, পর্তুগাল, মরক্কো। তবে শতবর্ষী এই বিশ্বকাপের শুরুর ৩ ম্যাচ হবে উরুগুয়ে, আর্জেন্টিনা ও প্যারাগুয়েতে।
ফিফা আনুষ্ঠানিকভাবে বিশ্বকাপ আয়োজকদের নাম ঘোষণা করবে ১১ ডিসেম্বর।

# হাড্ডাহাড্ডি লড়ায়ে শেষ হল নবগ্রামের প্রাক্তন ফুটবলারদের আয়োজিত ফুটবল টুর্নামেন্ট

আসিফ রনি ● নবগ্রাম

**আপনজন:** যুব সমাজকে মাঠ-মুখী করতে নবগ্রামের প্রাক্তন ফুটবলারদের আয়োজিত এক সপ্তাহ ধরে চলা ৮ দলিয় ফুটবল টুর্নামেন্টের হাড্ডা হাড্ডি লড়ায়ে ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হলো শিবপুরে। কার্যত দর্শকদের ভিড় ছিল উপচে পড়া। প্রাক্তন খেলোয়াড়দের খেলাও নজর কাড়ে দর্শকদের। জানা যায় নবগ্রামের প্রাক্তন ফুটবলারদের উদ্যোগে শিবপুরে পল্লী উন্নয়ন সমিতি ফুটবল ময়দানে আট দলীয় ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়। এক সপ্তাহ ধরে চলা এইমাত্র টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হলো রবিবার বৈকালে। এদিন প্রথমেই নবগ্রামের বিভিন্ন প্রান্তে প্রাক্তনের নিয়ে অনুষ্ঠিত হয় ফুটবল ম্যাচ। কার্যত বলাই যায় যৌবনের সেই যেন উন্মাদনায় ফিরে আসেন প্রাক্তন খেলোয়াড়রা। এই ম্যাচের মধ্যে তারা যেন ফিরে পান যৌবনের স্মৃতি।



ফাইনালে উঠেন ছোট বাথান যাদব সঙ্ঘ ও যোলুয়াডাঙ্গা ফুটবল কোচিং ক্যাম্প, হাড্ডি হাড্ডি লড়ায়ে মধ্যে চার বাই তিন গোলে জয় লাভ করেন ছোট বাথান যাদব সঙ্ঘ। বিজয়ী দলকে দেওয়া হয় ট্রফি ও পঞ্চাশ হাজার টাকা। রানার্স কে দেওয়া ট্রফি সহ ৪০ হাজার টাকা। এছাড়াও ম্যান অব দ্যা ম্যাচ ,ম্যান অব দ্যা সিরিজ সহ অন্যান্য পুরস্কার দেওয়া হয়। খেলাকে কেন্দ্র করে দর্শকদের উপস্থিতি ছিল কানায় কানায়। সাধারণ মানুষের উপস্থিতি খেলাকে যেন আরো আকর্ষিত করে তোলে। উপস্থিত ছিলেন নবগ্রামের বিধায়ক কানাই চন্দ্র মন্ডল, নবগ্রাম ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি মোহাম্মদ এনায়েতুল্লা, শিবপুর অঞ্চল তৃণমূল কংগ্রেস সভাপতি ও প্রাক্তন খেলোয়াড় মজিবুর রহমান, শিবপুর পঞ্চায়েত প্রধান প্রতিনিধি রাফিকুল সেখ।
এছাড়াও মাস্টার কাবির আহমেদ , নবগ্রামের বিভিন্ন প্রান্তের বিশিষ্ট প্রাক্তন ফুটবলারগন সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

মদিনা মিশন
Govt. Regd No.- 1033/00241
মদিনা নগর, চৌহাটি মুসলিমপাড়া রোড, পোঃ- চৌহাটি, থানা- সোনারপুর, কলকাতা-৭০০১৪৯, ফোন: ৯৮৩০৪০১০৫৭, ৭৮৯০৩৩১৬৫৮
ভর্তির বিজ্ঞপ্তি: শিক্ষাবর্ষ ২০২৫
■ তৃতীয় শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত ভর্তির ফর্ম দেওয়া হবে। ■ ১লা নভেম্বর হইতে ৫ই ডিসেম্বর পর্যন্ত ভর্তির ফর্ম দেওয়া হবে। ■ ফলাফল ঘোষণা হবে ১০ই ডিসেম্বর ২০২৪। ■ ভর্তি শুরু হবে ১১ই ডিসেম্বর ২০২৪ হইতে। ■ ক্লাস শুরু ২রা জানুয়ারী ২০২৫। ■ ফর্ম ও পরীক্ষার ফি বাবদ ১০০ টাকা। ■ পরীক্ষার বিষয়বস্তু: বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান ও সাধারণ জ্ঞান। ■ পরীক্ষার পূর্ণমান ১০০ নম্বর।
বিঃ দ্রঃ- দ্বীনি শিক্ষা ও আরবি খারিজি মাদ্রাসায় কাফিয়া ও হাফেজ সম্পূর্ণ পড়ানোর ব্যবস্থা আছে।
মিশনের অফিস-এ ফর্ম পাওয়া যাইবে, দূরের ছাত্রদের জন্য সাদা কাগজে আবেদন গ্রহণযোগ্য ও অনলাইনে ভর্তির আবেদন madinamission949@gmail.com



গরিব এতিম ছাত্রদের বিশেষ সুবিধা দেওয়া হবে। ■ ২৪ ঘন্টা সিসি টিভি ক্যামেরার মাধ্যমে নজরদারি। ■ চার টাইম খাবারের ব্যবস্থা।
সভাপতি: মুফতি লিয়াকত আলি সম্পাদক: ইমাম হোসেন সেখ
সহ-সভাপতি: ইনতাজ আলি শাহ (প্রাক্তন বিচারক), হাজি ইউসুফ মোল্লা, মাস্টার আবুল বাশার
সহ-সম্পাদক: আবদুল্লাহ সর্দার ও আবদুর রহমান মোল্লা
প্রধান শিক্ষিকা: সাবিনা সেখ সহ-প্রধান শিক্ষক: আবুল কালাম




মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক**।
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**